# বাংলা সাহিত্য

টপিক ২৭

| যুগ | সময়সীমা | |
|---|---|---|
| প্রাচীন যুগ | ড. মুহম্মদ শহীদুল্লাহ্-এর মতে, ৬৫০ – ১২০০ খ্রি. | |
| | ড. সুনীতিকুমার-এর মতে, ৯৫০ – ১২০০ খ্রি. | |
| মধ্যযুগ | ১২০১-১৮০০ খ্রি. | আদি-মধ্যযুগ (অন্ধকার যুগ) → ১২০১-১৩৫০ খ্রি.<br>মধ্য-মধ্যযুগ → ১৩৫০-১৭০০ খ্রি.<br>অন্ত্য-মধ্যযুগ → ১৭০১-১৮০০ খ্রি. |
| আধুনিক যুগ | ১৮০১-বর্তমান | প্রস্তুতি পর্ব (১৮০১ – ১৮৬০)<br>বিকাশের যুগ (১৮৬০ – ১৯০০)<br>রবীন্দ্রপর্ব (১৯০০ – ১৯৩০)<br>রবীন্দ্রোত্তর পর্ব (১৯৩০ – ১৯৪৭)<br>বাংলাদেশ পর্ব (১৯৪৭ – বর্তমান) |

## প্রাচীন যুগ (চর্যাপদ)

- দুটো ঘটনাকে কেন্দ্র করে বাংলা সাহিত্যকে তিনটি যুগে বিভক্ত করা হয়েছে।
  ১. ১২০৪ সালে বখতিয়ার খলজির বিজয়।
  ২. ১৮০১ সালে ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা গদ্যের প্রচলন। ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয় ১৮০০ সালে।
- বাংলা সাহিত্যের আদি নিদর্শন/ প্রাচীন যুগের একমাত্র ঐতিহাসিক সাহিত্য নিদর্শন চর্যাপদ।
- ১৮৮২ সালে রাজা রাজেন্দ্রলাল মিত্র তাঁর "Sanskrit Buddhist Literature in Nepal" গ্রন্থে সর্বপ্রথম বৌদ্ধতান্ত্রিক সাহিত্যের ধারণা প্রকাশ করেন। ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী (১৮৫৩-১৯৩১) নেপালের রাজ দরবারের রয়েল লাইব্রেরি থেকে চর্যাপদ আবিষ্কার করেন। এসময় তিনি চর্যাপদের সাথে সরহপাদের দোহা, কৃষ্ণপাদের দোহা ও ডাকার্ণব নামে আরো ৩টি পুঁথি আবিষ্কার করেন। পরবর্তীতে ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় 'হাজার বছরের পুরান বাঙালা ভাষায় বৌদ্ধ গান ও দোহা নামে প্রকাশিত হয়।

### চর্যাপদের ভাষা

- ১৯২০ সালে বিজয়চন্দ্র মজুমদার ১ম চর্যাপদের ভাষা নিয়ে বিস্তৃত আলোচনা করেন। তিনি চর্যাপদকে ৫টি ভাষার মিশ্রণে জগাখিচুড়ী ভাষায় রচিত বলে মত দেন।
- ৫টি ভাষা [বাংলা, অসমিয়া, উড়িয়া, হিন্দি, মৈথিলি]
- ১৯২৬ সালে ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর ODBL গ্রন্থে বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ নিয়ে সর্বপ্রথম চর্যাপদের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করেন। তিনি চর্যাপদকে বাংলা ভাষায় রচিত বলে প্রমাণ করেন।

### চর্যাপদের ধর্মমত

- ১৯২৭ সালে ড. মুহম্মদ শহীদুল্লাহ ১ম চর্যাপদের ধর্মমত নিয়ে আলোচনা করেন। তাঁর সম্পাদিত চর্যাপদের বইটির নাম 'Buddhist Mystic Songs'.

### আরও কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- দোহা : প্রাচীন হিন্দি ও সংস্কৃত ভাষায় রচিত গান।
- চর্যাপদের আলোচ্য বিষয় – বৌদ্ধ ধর্মের সিদ্ধাচার্যগণের সহজিয়া সাধনতত্ত্ব।
- চর্যা শব্দের অর্থ আচরণ ও পদ বলতে বোঝায় কবিতা। সুতরাং চর্যাপদ হল বৌদ্ধ ধর্মের আচরণ সম্পর্কিত কবিতা।
- এটি মূলত একটি গানের সংকলন। এখানে ১৬টি রাগ রাগিনি বা সুরের উল্লেখ আছে।
- পদসংখ্যা -৫১টি (শহীদুল্লার মতে, ৫০টি)
- আবিষ্কৃত – সাড়ে ৪৬টি (২৩ এর অর্ধেক, ২৪, ২৫ ও ৪৮ নং পাওয়া যায়নি।)
- পদকর্তা ২৪ জন (শহীদুল্লাহর মতে, ২৩ জন)
- লাড়িডোম্বীপাকে নিয়ে বির্তক আছে। কারণ তার রচিত পদ পাওয়া যায়নি।
- সংস্কৃত টীকাকার মুনিদত্ত। ১১নং পদটি চর্যাপদে টীকাকার কর্তৃক ব্যাখ্যা করা হয়নি।
- চর্যাপদের তিব্বতীয় অনুবাদ করেছেন কীর্তিচন্দ্র।
- ১৯৩৮সালে ড. প্রবোধচন্দ্র বাগচী তিব্বতীয় অনুবাদ আবিষ্কার করেন।
- প্রথম পদ রচনা করেন লুইপা। (৭৩০-৮১০)
- হরপ্রসাদ শাস্ত্রীর মতে, বাংলা সাহিত্যের আদি কবি লুইপা
- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা সাহিত্যের আদি কবি মীননাথ এবং চর্যাপদের প্রাচীনতম কবি শবরপা। (৬৮০-৭৬০)
- সর্বোচ্চ পদ কাহ্নপা (১৩টি)। তাঁর রচিত ২৪নং পদ পাওয়া যায়নি। তাঁর ১২ টি পদ পাওয়া গেছে। ২য় সর্বোচ্চ ৮টি পদ রচনা করেছেন ভুসুকুপা। তিনি নিজেকে বাঙালি বলে দাবি করেছেন। তাঁর রচিত ২৩ নং পদের অর্ধেক পদ না পাওয়ায় তাঁর সাড়ে সাতটি পদ পাওয়া যায়।

### চর্যাপদের পদকর্তা ও তাদের রচিত পদসংখ্যা

| পদকর্তার নাম | পদের সংখ্যা | |
|---|---|---|
| কাহ্নপা | ১৩ | অবশিষ্ট পদকর্তাগণ ১টি করে পদ রচনা করেন। লাড়ীডোম্বীপার নাম পাওয়া গেলেও তাঁর কোন পদ পাওয়া যায়নি। |
| ভুসুকুপা (বাঙালি কবি) | ৮ | |
| সরহপা | ৪ | |
| কুক্কুরীপা (মহিলা কবি) | ৩ | |
| লুইপা, শবরপা, শান্তিপা | ২ | |

## মধ্যযুগ

১২০১-১৩৫০ = ১৫০ বছর(অন্ধকার যুগ / তমসা যুগ)
মধ্যযুগের বাংলা সাহিত্যের ধারা মূলত দুই ধরনের।
১. মৌলিক সাহিত্য ২. অনুবাদ সাহিত্য।

- অন্ধকার যুগে সাহিত্য

| গ্রন্থ | কবি |
|---|---|
| শূন্যপুরাণ | রামাই পণ্ডিত |
| সেক শুভোদয়া | হলায়ুধ মিশ্র (তিনি লক্ষণসেনের সময়ে শেখ জালালউদ্দিন তাব্রিজির সভাকবি।) |

- অন্ধকার যুগের কারণ:
  ১. ১২০৪ সালে বখতিয়ার খলজির বঙ্গবিজয়।
  ২. তুর্কি শাসনের আবির্ভাব।
- নিরঞ্জনের উষ্মা/ রুম্মা
  কবিতাটি শূন্য পূরাণের উৎস। এই গ্রন্থেই বৌদ্ধদের শূন্যবাদ ও হিন্দুদের লৌকিক ও পৌরাণিক ধর্ম সম্পর্কে আলোচনা করা হয়।
- হলায়ুধ মিশ্র :
  - লক্ষণ সেনের সভা কবি ছিলেন।
  - সংস্কৃত ভাষার কবি।
  জয়দেবের বিখ্যাত গ্রন্থ 'গীতীগবিন্দ'। 'সেক শুভোদয়া "সেক" বলতে শেখ জালালউদ্দিন তাব্রিজির এই গ্রন্থে মুসলিম পীর, আউলিয়া, দরবেশেদের আলৌকিক শক্তি সম্পর্কে বলা হয়েছে। এই দুটো গ্রন্থ "শূন্যপুরাণ" ও "সেক শুভোদয়া"ধর্ম পূজারীর শাস্ত্র গ্রন্থ ও গদ্যে-পদ্যে মিশ্রিত চম্পুকাব্য।
- শ্রীকৃষ্ণকীর্তন:
  - কবির নাম বড়ু চণ্ডীদাস (আসল নাম অনন্ত বড়ুয়া)। তিনি এর নাম দিয়েছিলেন "শ্রীকৃষ্ণসন্দর্ভ/ সন্দর্ভ" অর্থ রচনা।
  - ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাকিল্যা গ্রামের গৃহস্থ দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের গোয়ালঘর থেকে উদ্ধার করেন।
  - ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে বসন্তরঞ্জনের সম্পাদনায় 'শ্রীকৃষ্ণকীর্তন' নামে প্রকাশিত হয়
  - ১৩টি খণ্ডে ৪১৮টি পদ আছে। এটি পয়ার ও ত্রিপদী ছন্দে রচিত।



CamScanner

- ❖ শ্রীকৃষ্ণকীর্তন পূর্ব নাম / মূল পুঁথিতে এর নাম ছিল/ বড়ু চণ্ডীদাস এর নাম দিয়েছিলেন শ্রীকৃষ্ণসন্দর্ভ/সন্দর্ভ রচনা। এর আনুমানিক রচনাকাল চতুর্দশ শতাব্দীর শেষার্ধে কিংবা পঞ্চদশ শতাব্দীতে।
- ❖ বাংলা সাহিত্যের দ্বিতীয় নির্দশন/মধ্যযুগের আদি নির্দশন -শ্রীকৃষ্ণকীর্তন। সুতরাং মধ্যযুগের আদি কবি বড়ু চণ্ডীদাস।
- ❖ বাংলা সাহিত্যের ১ম একক কবির রচিত গ্রন্থ শ্রীকৃষ্ণকীর্তন।
- ❖ সর্বজন স্বীকৃত খাঁটি বাংলা ভাষায় রচিত "শ্রীকৃষ্ণকীর্তন।"
- ❖ শ্রীকৃষ্ণকীর্তনের আলোচ্যবিষয় : রাধা-কৃষ্ণের প্রেমলীলা।
- ❖ এই কাব্যের বৈষ্ণব তত্ত্বের এক গুঢ় রহস্যের কথা রূপকের মাধ্যমে ব্যক্ত হয়েছে। এখানে রাধা কৃষ্ণের প্রেমের মাধ্যমে স্রষ্টার সঙ্গে সৃষ্টির প্রেম বা পরমাত্মার সঙ্গে জীবাত্মার প্রেমকে বোঝানো হয়েছে।

☛ **রাধার স্বামীর নাম আইহন/আয়ান ঘোষ**

- কাব্যের চরিত্র : যাদের ভূমিকা বেশি রাধা, কৃষ্ণ, বড়ায়ি। বড়ায়ি তাদের প্রেমের দূত।
- এটি নায়িকা প্রধান কাহিনি কাব্য।
- কৃষ্ণের বাবা বাসুদেব, মা দেবোকী।
- রাধার বাবা সাগর, মা পদ্মা।
- রাধার স্বামী আইহন/আয়ান ঘোষ

**মঙ্গলকাব্য**

| কাব্যের নাম | আদি কবি | শ্রেষ্ঠ কবি | কাব্যের নাম | আদি কবি | শ্রেষ্ঠ কবি |
|---|---|---|---|---|---|
| মনসামঙ্গল | কানাহরি দত্ত | বিজয় গুপ্ত | কালিকামঙ্গল | কবি কঙ্ক | ভারতচন্দ্র রায় গুণাকর |
| চণ্ডীমঙ্গল | মানিক দত্ত | কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী | অন্নদামঙ্গল | ভারতচন্দ্র রায় গুণাকর | ভারতচন্দ্র রায় গুণাকর |
| ধর্মমঙ্গল | ময়ূর ভট্ট | ঘনরাম চক্রবর্তী | | | |

☛ **মঙ্গলকাব্য ২ প্রকার।**

১. লৌকিক মঙ্গলকাব্য
২. পৌরাণিক মঙ্গলকাব্য।

☛ **এর প্রধান শাখা তিনটি।**

১. মনসামঙ্গল (আদিমঙ্গল কাব্য বলা হয়)
২. চণ্ডীমঙ্গল
৩. অন্নদামঙ্গল (সর্বশেষ মঙ্গলকাব্য বলা হয়।)

☛ **ভারতচন্দ্র রায় গুণাকর : (১৭০৫/১৭১২ - ১৭৬০)**

১. তিনি মধ্যযুগের সর্বশেষ কবি।
২. তিনি মধ্যযুগের সর্বশ্রেষ্ঠ কবি।
৩. তিনি মধ্যযুগের নাগরিক কবি।
৪. তাঁর কাব্যে আধুনিক যুগের লক্ষণ রয়েছে।
৫. তিনি নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন এবং রায় গুণাকর উপাধি লাভ করেন।

☛ **উক্তি :**

১. "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে"/ঈশ্বরী পাটনী
২. "মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।"
৩. "নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।"
৪. "বড়র পিরীতি বালির বাঁধ।
ক্ষণে হাতে দড়ি ক্ষণেক হাতে চাঁদ।"

☛ **দ্বিজচণ্ডীদাস :** তিনি বাংলা ভাষার বৈষ্ণব পদাবলির আদিকবি।

- **উক্তি :**

আসপেক্ট সুপার ট্রিকস **সবার সই চণ্ডীদাস।**

১. "সবার উপরের মানুষ সত্য তাহার উপরে নাই।"
২. 'সই, কেবা শুনাইলো শ্যাম নাম।'
"সই কেমনে ধরিব হিয়া
আমার বঁধুয়া আন বাড়ি যায়
আমারি আঙ্গিনা দিয়া।"

- দ্বিজ চণ্ডীদাস ছিলেন বাংলা সাহিত্যের প্রথম মানবতাবাদী কবি। রবীন্দ্রনাথ তাঁকে দুঃখের কবি বলেছেন।

## আধুনিক যুগ

- আধুনিক যুগের সবচেয়ে বড় লক্ষণ বাংলা গদ্যের সূচনা। উনবিংশ শতাব্দীতে ইংরেজদের আগমনের পরে বাংলা গদ্যের সূচনা হয়।
- ১৮০০ সালের ৪মে কলকাতার লালবাজারে লর্ড ওয়েলেসলি কর্তৃক ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়।
- ১৮০১ সালে বাংলা বিভাগ চালু হয়। ফোর্ট উইলিয়াম কলেজ ১৮৫৪ পর্যন্ত চালু ছিলো।
- বাংলা বিভাগের অধ্যক্ষ হন উইলিয়াম কেরি। তিনি ১৮০১ সালে ১ম বাইবেল অনুবাদ করেন। "মঙ্গল সমাচার" নামে।

| পণ্ডিত | অবদান | পণ্ডিত | অবদান |
|---|---|---|---|
| উইলিয়াম কেরী | কথোপকথন (১৮০১), ইতিহাসমালা (১৮১২)। | রাজীবলোচন মুখোপাধ্যায় | মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং (১৮০৫)। |
| রামরাম বসু | রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১), লিপিমালা। | চণ্ডীচরণ মুন্সী | তোতা ইতিহাস (১৮০৫)। |
| গোলকনাথ শর্মা | হিতোপদেশ (১৮০২)। | হরপ্রসাদ রায় | পুরুষ পরীক্ষা (১৮১৫)। |
| তারিণীচরণ মিত্র | ওরিয়েন্টাল ফেবুলিস্ট (১৮০৩)। | মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার | বত্রিশ সিংহাসন, হিতোপদেশ, রাজাবলি, প্রবোধচন্দ্রিকা, বেদান্তচন্দ্রিকা। |

## বিখ্যাত পত্র-পত্রিকা, প্রকাশকাল ও সম্পাদক

| পত্রিকার নাম | প্রকাশকাল | সম্পাদক |
|---|---|---|
| বেঙ্গল গেজেট | ১৭৮০ | জেম্স অগাস্টাস হিকি |
| দিগ্‌দর্শন | ১৮১৮ | জন ক্লার্ক মার্শম্যান |
| সমাচার দর্পণ | ১৮১৮ | জন ক্লার্ক মার্শম্যান |
| জ্ঞানান্বেষণ | ১৮৩১ | দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় |
| সম্বাদ কৌমুদী | ১৮২১ | রাজা রামমোহন রায় ও ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় |
| সংবাদ প্রভাকর | ১৮৩১ | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| সংবাদ রত্নাবলী | ১৮৩১ | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| তত্ত্ববোধিনী | ১৮৪৩ | অক্ষয়কুমার দত্ত |
| সংবাদ সাধুরঞ্জন | ১৮৪৮ | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| গ্রামবার্তা | ১৮৬৩ | কাঙাল হরিনাথ |
| বঙ্গদর্শন | ১৮৭২ | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| ভারতী | ১৮৭৭ | দ্বিজেন্দ্রনাথ ঠাকুর |
| সাধনা | ১৮৯১ | রবীন্দ্রনাথ ঠাকুর |
| মিহির | ১৮৯২ | শেখ আব্দুর রহিম |
| লহরী | ১৯০০ | মোজাম্মেল হক |
| সাপ্তাহিক মোহাম্মদী | ১৯০৮ | মোহাম্মদ আকরাম খাঁ |



CamScanner

| পত্রিকার নাম | প্রকাশকাল | সম্পাদক |
|---|---|---|
| সবুজপত্র | ১৯১৪ | প্রমথ চৌধুরী |
| সওগাত | ১৯১৮ | মোহাম্মদ নাসিরউদ্দীন |
| আঙ্গুর | ১৯২০ | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| ধূমকেতু | ১৯২২ | কাজী নজরুল ইসলাম |
| সাম্যবাদী | ১৯২৩ | মোহাম্মদ ওয়াজেদ আলী |
| কল্লোল | ১৯২৩ | দীনেশ রঞ্জন দাশ |
| লাঙ্গল | ১৯২৫ | কাজী নজরুল ইসলাম |
| গণবাণী | ১৯২৬ | মুজাফফর আহমদ (কমরেড) |
| শিখা | ১৯২৭ | আবুল হোসেন |
| মোহাম্মদী | ১৯০৩ | মোহাম্মদ আকরাম খাঁ |
| দৈনিক নবযুগ | ১৯৪১ | কাজী নজরুল ইসলাম |
| সমকাল | ১৯৫৭ | সিকান্দার আবু জাফর |

## কবি-সাহিত্যিকদের ছদ্মনাম ও উপাধি

| লেখকের নাম | উপাধি | ছদ্মনাম |
|---|---|---|
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | সাহিত্য সম্রাট, বাংলা উপন্যাসের জনক | কমলাকান্ত |
| রবীন্দ্রনাথ ঠাকুর | বিশ্বকবি, কবিগুরু | ভানুসিংহ |
| রোকেয়া সাখাওয়াত হোসেন | বাঙালি মুসলিম নারী জাগরণের অগ্রদূত | মিসেস আর এস হোসেন |
| কাজী নজরুল ইসলাম | বিদ্রোহী কবি | ধূমকেতু |
| মোতাহের হোসেন চৌধুরী | বুদ্ধির মুক্তি আন্দোলনের অন্যতম কাণ্ডারি | – |
| মানিক বন্দ্যোপাধ্যায় | তাঁর আসল নাম প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায় | মানিক (ডাকনাম) |
| শেখ মুজিবুর রহমান | বঙ্গবন্ধু,জাতির জনক,মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক | খোকা(ডাকনাম) |
| আখতারুজ্জামান ইলিয়াস | – | মঞ্জু(ডাকনাম) |
| মুহম্মদ জাফর ইকবাল | বৈজ্ঞানিক কল্পকাহিনির একচ্ছত্র সম্রাট | – |
| মাইকেল মধুসূদন দত্ত | মাইকেল | এ নেটিভ,টিমোথি পেনপোয়েম |
| জীবনানন্দ দাশ | রূপসী বাংলার কবি,তিমির হননের কবি,নির্জনতম কবি | – |
| সুফিয়া কামাল | জননী সাহসিকা | – |
| সুকান্ত ভট্টাচার্য | কিশোর কবি | – |
| শামসুর রাহমান | আধুনিক নাগরিক কবি | মজলুম আদিব,মৈনাক |
| দিলওয়ার | গণমানুষের কবি | – |
| জসীমউদ্দীন | পল্লীকবি | – |
| জীবনানন্দ দাশ | রূপসী বাংলার কবি/ তিমির হননের কবি/ নির্জনতার কবি/ ধূসরতার কবি. প্রকৃতির কবি/ বিপন্ন মানবতার নীলকণ্ঠ কবি/ অচরিতার্থ প্রেমের কবি | – |
| ফররুখ আহমদ | মুসলিম রেনেসাঁর কবি/ মুসলিম পুনর্জাগরণবাদী কবি/ ইসলামি স্বাতন্ত্র্যবাদের কবি | – |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | অপরাজেয় কথাশিল্পী | – |

## বাংলা সাহিত্য ও বিভিন্ন সাহিত্য শিল্পের জনক

| বিষয় | জনক |
|---|---|
| বাংলা মুদ্রাক্ষর | চার্লস উইলকিনস |
| ছোটগল্প/ গদ্যছন্দ/ সমিল মুক্তক ছন্দ | রবীন্দ্রনাথ ঠাকুর |
| মুক্তক ছন্দ | কাজী নজরুল ইসলাম |
| গদ্যসাহিত্য | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর |
| আধুনিক বাংলা কবিতা, আধুনিক বাংলা নাটক, বাংলা সনেট, অমিত্রাক্ষর ছন্দ, আধুনিক বাংলা প্রহসন | মাইকেল মধুসূদন দত্ত |
| কথ্যরীতি | প্রমথ চৌধুরী |
| উপন্যাস | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'বিষাদ-সিন্ধু' কোন ধরনের রচনা?** [DU-7Clg: 2022-23]

A. নাটক B. মহাকাব্য
C. উপন্যাস D. প্রবন্ধ

**Ans C Analysis** মীর মশাররফ হোসেনের 'বিষাদ সিন্ধু' একটি ইতিহাস আশ্রিত উপন্যাস। হাসান ও হোসেনের সঙ্গে দামেস্ক অধিপতি মারিয়ার একমাত্র পুত্র এজিদের কারবালা প্রান্তরের রক্তক্ষয়ী যুদ্ধ এবং ইমাম হাসান- হোসেনের করুণ মৃত্যুকাহিনী এ উপন্যাসে বর্ণিত মূল বিষয়। উল্লেখ্য তাঁর 'রত্নাবতী' বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম উপন্যাস।

**02. 'সুতীর্থ' উপন্যাসটির রচয়িতা–** [DU-7Clg: 2018-19]

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. জীবনানন্দ দাশ
C. সৈয়দ শামসুল হক D. আহসান হাবীব

**Ans B Analysis** জীবনানন্দ দাশের 'মাল্যবান' (১৯৭৩) এবং 'সুতীর্থ' (১৯৭৪) উপন্যাস ছাড়াও সম্প্রতি কয়েকটি উপন্যাস খুঁজে পাওয়া যায়।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. গ্রিক ট্রাজেডির মর্মবাণী-**

A. অবিবেচনাপ্রসূত ত্রুটি B. অমোঘ বিধি
C. অবশ্যম্ভাবী মৃত্যু D. অন্তহীন পাপবোধ

**Ans B Analysis** গ্রিক ট্রাজেডিতে নায়কের জীবনে যে দুর্দশা নেমে আসে তার জন্য নায়ক দায়ী থাকে না বরং তার ভাগ্য দায়ী অতএব গ্রিক ট্রাজেডির মর্মবাণী হলো নিয়তি, ভাগ্য, বিধাতা প্রদত্ত বিষয়। কিন্তু সেক্সপিয়রীয় এটিই ট্রাজেডিতে নায়কের জীবনে দুর্দশা নেমে আসে নায়কের করা কোনো ভুলের কারণে।

**02. সনেট পঞ্চাশৎ কার রচনা?**

A. মাইকেল মধুসূদন দত্ত B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. আবদুল কাদির D. প্রমথ চৌধুরী

**Ans D Analysis** প্রমথ চৌধুরী সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-

- ১৮৬৮ সালের ৭ আগস্ট যশোর জেলায় জন্মগ্রহণ করেন।
- পৈতৃক নিবাস- পাবনা জেলার হরিপুরে।
- তিনি বাংলা চলিত গদ্যরীতির প্রবর্তক।
- চলিত ভাষার প্রথম সংবাদপত্র 'সবুজপত্রের' সম্পাদক ছিলেন
- **গদ্যগ্রন্থ:** চার ইয়ারি কথা, বীরবলের হালখাতা, রায়তের কথা, তেল-নুন-লাকড়ি।
- **কাব্যগ্রন্থ-** সনেট পঞ্চাশৎ
- ১৯৪৬ সালে শান্তিনিকেতনে মৃত্যুবরণ করেন।

**03. 'আলোকিত মানুষ চাই' কোন প্রতিষ্ঠানের স্লোগান?**

A. জাতীয় গ্রন্থকেন্দ্র B. বিশ্ব সাহিত্যকেন্দ্র
C. গণগ্রন্থাগার D. সুজন

**Ans B Analysis** বিশ্ব সাহিত্য কেন্দ্র অবস্থিত- বাংলামোটর, ঢাকা।
প্রতিষ্ঠাতা- আবদুল্লাহ আবু সাঈদ।
মূল স্লোগান- 'আলোকিত মানুষ চাই'



CamScanner

**04. 'মনপুরা' ৭০ একটি-**
A. উপজেলা B. নদীবন্দর
C. উপন্যাস D. চিত্রশিল্প

**Ans D Analysis** বিখ্যাত কিছু চিত্রকর্ম:

| | |
|---|---|
| শিল্পাচার্য জয়নুল আবেদীন | দুর্ভিক্ষ চিত্রমালা, ম্যাডোনা- ৪৩, সংগ্রাম, নবান্ন, মনপুরা- ৭০, গায়ের বধূ |
| এস. এম সুলতান | হত্যাযজ্ঞ, চরদখল |
| কামরুল হাসান | নাইওর, তিন কন্যা |

**05. মীর মশাররফ হোসেনের 'জমীদার দর্পণ' একটি-**
A. কাব্যগ্রন্থ B. উপন্যাস C. নাটক D. গল্পগ্রন্থ

**Ans C Analysis** মীর মশাররফ হোসেন এর-
**উপন্যাস:** বিষাদসিন্ধু, রত্নাবতী, উদাসীন পথিকের মনের কথা।
**নাটক:** বসন্তকুমারী ও জমীদার দর্পণ।
**আত্মজীবনীমূলক গ্রন্থ:** আমার জীবন, কুলসুম জীবন।
**প্রবন্ধ:** গো-জীবন।
**প্রহসন:** এর উপায় কি, ফাঁস কাগজ।
**সম্পাদিত পত্রিকা:** 'আজীজননেহার' ও 'হিতকারী'।

**06. বাংলা একাডেমি ভবনের পূর্বনাম কী?**
A. নজরুল ভবন B. কলাভবন
C. বর্ধমান হাউস D. সাহিত্য ভবন

**Ans C Analysis** বাংলা একাডেমি ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ঢাকায় প্রতিষ্ঠিত হয়। বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা, গবেষণা ও প্রচারের লক্ষ্যে তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমান বাংলাদেশে) এই একাডেমিটি প্রতিষ্ঠা করা হয়। রাষ্ট্রভাষা আন্দোলন-পরবর্তী কালের প্রেক্ষাপটে বাংলা একাডেমি প্রতিষ্ঠার দাবি ওঠে। তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন "বর্ধমান হাউজ"- এই একাডেমির সদর দপ্তর স্থাপিত হয়। একাডেমির "বর্ধমান হাউজে" একটি "ভাষা আন্দোলন জাদুঘর" আছে।

**07. 'পদ্মা নদীর মাঝি' কোন ধরনের উপন্যাস?**
A. ঐতিহাসিক B. পারিবারিক
C. সামাজিক D. আত্মজীবনীমূলক Ⓒ

**08. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' - কোন ধরনের গ্রন্থ?**
A. গল্প B. কাব্য C. নাটক D. উপন্যাস

**Ans C Analysis** 'পায়ের আওয়াজ পাওয়া যায়' (সৈয়দ শামসুল হক) নাটকের প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের প্রস্তুতি।

**09. 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?**
A. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর B. ঈশ্বরচন্দ্র গুপ্ত
C. অক্ষয় কুমার দত্ত D. রাজা রামমোহন রায়

**Ans C Analysis** ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত পত্রিকা 'সংবাদ প্রভাকর'।

**10. 'ধূমকেতু' নামের পত্রিকা সম্পাদনায় সঙ্গে যুক্ত ছিলেন কে?**
A. কাজী নজরুল ইসলাম B. প্রমথ চৌধুরী
C. হুমায়ূন আহমেদ D. জহির

**Ans A Analysis** কাজী নজরুল ইসলাম সম্পাদিত ধূমকেতু (অর্ধসাপ্তাহিক পত্রিকা) পত্রিকাটি ১৯২২ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়।
- এই পত্রিকায় কবি রবি ঠাকুরের একটি বাণী লেখা হত "আয় চলে আয়রে ধূমকেতু, আঁধারে বাঁধ অগ্নি সেতু"।
- কাজী নজরুল ইসলাম সন্ধ্যা এবং দৈনিক নবযুগ পত্রিকার- যুগ্ম সম্পাদক।

**11. 'বীরবল ' ছদ্মনামটি কাঁর?**
A. প্রমথ চৌধুরীর B. রবীন্দ্রনাথের
C. শরৎচন্দ্রের D. নজরুলের Ⓐ

**12. বাংলা সাহিত্যে আধুনিক ছোট গল্পের জনক-**
A. রবীন্দ্রনাথ ঠাকুর B. সত্যে সেন
C. বঙ্কিম চন্দ্র D. মাইকেল মধুসূদন দত্ত

**Ans A Analysis** বাংলা গদ্যের জনক- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- বাংলা উপন্যাসের জনক- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- বাংলা ছোট গল্প, গদ্য ছন্দ, মুক্তক ছন্দের জনক- রবীন্দ্রনাথ ঠাকুর।

**13. 'একুশের গল্পের' লেখক কে?**
A. জহির রায়হান B. শওকত ওসমান
C. প্রথম চৌধুরী D. আব্দুল হাই

**Ans A Analysis** 'একুশের গল্প' গল্পের লেখক জহির রায়হান। গল্পটিতে ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপট তুলে ধরা হয়েছে।

**14. একাত্তরের চিঠি" কোন জাতীয় রচনা?**
A. মুক্তিযুদ্ধের বিবরণ B. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস
C. মুক্তিযোদ্ধাদের পত্র সংকলন D. মুক্তিযুদ্ধের রোজনামচা Ⓒ

**15. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক নাটক?**
A. কবর B. নরকে লাল গোলাপ
C. বন্দি শিবির থেকে D. সবগুলো

**Ans B Analysis** কবর-মুনীর চৌধুরীর রচিত ভাষা আন্দোলনভিত্তিক নাটক।
- নরকে লাল গোলাপ- আলাউদ্দিন আল আজাদের মুক্তিযুদ্ধভিত্তিক নাটক।
- বন্দি শিবির থেকে - শামসুর রাহমানের মুক্তিযুদ্ধকালীন কাব্য।

## PRIME TEST

**01. "যেভাবে বেড়ে উঠি" – এটা কার লেখা?**
A. আল মাহমুদ B. শামসুর রাহমান
C. দিলওয়ার D. শরৎচন্দ্র

**02. মুসলিম সাহিত্য সমাজ কত সালে গঠিত হয়?**
A. ১৯৩০ B. ১৯২৪
C. ১৯২৬ D. ১৯৩৪

**03. কবি দিলওয়ার এর জন্মস্থান কোথায়?**
A. ঢাকা B. নোয়াখালী
C. দিনাজপুর D. সিলেট

**04. 'দৃষ্টি প্রদীপ' কী ধরনের রচনা?**
A. ছোটগল্প B. কবিতা
C. উপন্যাস D. প্রবন্ধ

**05. কবি দিলওয়ার-এর প্রকৃত নাম কী?**
A. মোহাম্মদ দিলওয়ার B. দিলওয়ার খান
C. দিলওয়ার চৌধুরী D. দিলওয়ার হোটেল

**06. কবি জীবনানন্দ দাশের মায়ের নাম ক?**
A. কুঙকুম দাশ B. কুসুমলতা দাশ
C. কুসুমকুমারী দাশ D. কুমকুম দাশ

**07. 'বীরবল' কার ছদ্মনাম?**
A. সৈয়দ মুজতবা আলী B. জি এল রায়
C. প্রমথ চৌধুরী D. বিনয়রতন মুখোপাধ্যায়

**08. কবি শামসুর রাহমানের জন্মস্থান কোথায়?**
A. ঢাকা B. বরিশাল
C. রংপুর D. কুষ্টিয়া

**09. নিচের কোনটি আহসান হাবীবের কাব্যগ্রন্থ?**
A. বিধ্বস্থ নীলিমা B. ঐকতান
C. সাম্যবাদী D. ছায়াহরিণ

**10. 'শবনম' উপন্যাসটি কার লেখা?**
A. সৈয়দ শামসুল হক B. সেলিনা হোসেন
C.আবুল ফজল D.সৈয়দ মুজতবা আলী

| OMR SHEET | | |
|---|---|---|
| | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.A | 02.C | 03.D | 04.C | 05.B | 06.C | 07.C | 08.A | 09.D | 10.D |



CamScanner

# উচ্চারণের নিয়ম

টপিক ২৮ ব্যাকরণ

উৎ+চারি+অন = উচ্চারণ। উচ্চারণ একটি বাচনিক প্রক্রিয়া। বাগযন্ত্রের সাহায্যে ধ্বনি দ্বারা মনের ভাব প্রকাশ করাই হলো উচ্চারণ। উচ্চারণ শুদ্ধ না হলে ভাষার মূল উদ্দেশ্যই ব্যর্থ হয়। শব্দের যথাযথ উচ্চারণের জন্য নিয়ম বা সূত্রের সমষ্টিকে উচ্চারণ রীতি বলে।

**❑ উচ্চারণের কিছু নিয়ম নিচে দেওয়া হলো:**

**নিয়ম-১** উচ্চারণের সময় যে বর্ণটি বাধাপ্রাপ্ত হবে সেই বর্ণের নিচে হসন্ত ( ্ ) ব্যবহার করতে হবে। যেমন: জন্ম-জন্‌মো, বালতি-বাল্‌তি ইত্যাদি।

**নিয়ম-২** শব্দের বানানে ঈ (ী) কার থাকলে উচ্চারণের সময় তা ই (ি) কার করে নিতে হবে। যেমন- পরীক্ষা – পোরিক্‌খা।

**নিয়ম-৩** বাংলা উচ্চারণের ক্ষেত্রে 'শ' উচ্চারণ অধিক হারে হবে। নিচের পরিবর্তন গুলো উচ্চারণের সময় একটু লক্ষ রাখতে হবে।

'শ' থাকলে 'শ'     'স' থাকলে 'শ'

'ষ' থাকলে 'শ'

অর্থাৎ উচ্চারণের সময় যে কোনো 'শ,স,ষ' থাকলে এর পরিবর্তে আমরা 'শ' ব্যবহার করব। যেমন- ক্লাস–ক্লাশ্।

কিন্তু মনে রাখব 'শ্র' থাকলে 'স্র' এবং 'স্র' থাকলে এর পরিবর্তে 'স্র' হবে।

উচ্চারণের সময় একটি বিষয় মনে রাখা জরুরি তা হলো 'ৃ' কার এবং 'ৄ' ফলা যে বর্ণের সাথে থাকবে উচ্চারণের সময় তা উক্ত বর্ণের সাথে থেকে যাবে। যেমন- সৃজনশীল – সৃজোন্‌শিল্।

**নিয়ম-৪** উচ্চারণের সময় আরও বেশকিছু বর্ণের পরিবর্তন করতে হয় তা দেখে নেওয়া যাক।

'য' থাকলে 'জ'

'ণ' থাকলে 'ন'

'রেফ' (´) থাকলে 'র'

'ঐ' থাকলে 'ওই'

যেমন : মর্যাদা – মোর্‌জাদা, ক্ষণ – খন্, মর্মর – মর্‌মর্।

'ক্ষ'বা 'জ্ঞ' শব্দে থাকলে উচ্চারণের সময় কীভাবে উচ্চারিত হবে। এ অধ্যায়ে তাদের উচ্চারণের নিয়ম আলোচনা করা আছে।

**নিয়ম-৫** যুক্তব্যঞ্জন বানানের প্রথমে থাকলে এবং দুটি বর্ণই উচ্চারিত হলে যুক্তব্যঞ্জন ভাঙা যাবে না। যেমন: ক্লান্ত-ক্লান্‌তো, ক্লেশ-ক্লেশ্ ইত্যাদি।

**নিয়ম-৬** যুক্তব্যঞ্জন বানানের মাঝে বা শেষে থাকলে উচ্চারণের সয়ম তা ভেঙে দিতে হবে। যেমন- শ্রাবন্তী- স্রাবোন্‌তি।

**নিয়ম-৭** শব্দের মাঝে বা শেষে যুক্তব্যঞ্জন থাকলে হসন্ত ( ্ ) দিয়ে ভেঙে লিখতে হবে। যেমন: কান্না-কান্‌না, অন্তর-অন্‌তর, অনন্তকাল-অনোন্‌তোকাল, কল্পনা-কল্‌পোনা, আইনশাস্ত্র-আইন্‌শাস্‌ত্রো ইত্যাদি।

**নিয়ম-৮** বানান যাই হোক না কেন উচ্চারণ লেখার সময় উচ্চারণের ধারাবাহিকতা রক্ষা করতে হবে। যেমন: চিহ্ন-চিন্‌হো, অপরাহ্ন-অপরান্‌হো ইত্যাদি।

**নিয়ম-৯** শব্দের শেষে 'ম' ফলা যুক্ত অবস্থায় থাকলে উচ্চারণের সময় উক্ত বর্ণের সাথে ( ঁ ) ব্যবহার করতে হবে। যেমন: গ্রীষ্ম-গ্রিশ্‌শোঁ

**▣ কোনো শব্দ উচ্চারণের সময় উপরিউক্ত নিয়মগুলো উচ্চারণের সময় আপনাকে প্রাণবন্তভাবে সহযোগিতা করবে। তবে উচ্চারণের পূর্ণ প্রস্তুতির জন্য নিচের নিয়ম গুলো শেষ করলে বিগত সালের প্রশ্ন সমাধান করা সম্ভব হবে বলে আমার বিশ্বাস।**

## গুরুত্বপূর্ণ উচ্চারণসমূহ

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অভিধান | ওভিধান্ | অভিযান | ওভিজান্ |
| অধিকার | ওধিকার্ | অতীত | ওতিত্ |
| মনীষা | মোনিশা | নদী | নোদি |
| অনুমান | ওনুমান্ | অত্যাচার | ওত্‌তাচার্ |
| অদ্য | ওদ্‌দো | অত্যন্ত | ওত্‌তোন্‌তো |
| সভ্য | শোব্‌ভো | সন্ধ্যা | শোন্‌ধা |
| বক্ষ | বোক্‌খো | কক্ষ | কোক্‌খো |
| বক্তৃতা | বোক্‌তৃতা | গ্রন্থ | গ্রোন্‌থো |
| দ্রব্য | দ্রোব্‌বো | চর্যাপদ | চোর্‌জাপদ্ |
| ঐশ্বর্য | ওইশ্‌শোর্‌জো | আশ্চর্য | আশ্‌চোর্‌জো |
| বনস্পতি | বনোশ্‌পোতি | ধনপতি | ধনোপোতি |
| সস্ত্রীক | শস্‌ত্রিক্ | সন্ধি | শোন্‌ধি |
| সন্ন্যাস | শোন্‌নাশ্ | সংকীর্ণ | শঙ্‌কির্‌নো |
| গীতিগোবিন্দ | গিতোগোবিন্‌দো | জ্ঞাত | গ্যাঁতো |
| নিয়মিত | নিয়োমিতো | চলিত | চোলিতো |
| স্বীয় | শিয়ো | শৈব | শোইবো |
| অংশ | অঙ্‌শো | চিহ্ন | চিন্‌হো |
| বিজ্ঞপ্তি | বিগ্‌গোঁপ্‌তি | ভেড়া | ভ্যাড়া |
| বক্তব্য | বক্‌তোব্‌বো | বর্তমান | বর্‌তোমান্ |
| উদ্বোধন | উদ্‌বোধোন্ | সম্বর্ধনা | শম্‌বর্‌ধোনা |
| উচ্ছ্বাস | উচ্‌ছাশ্ | শ্মশান | শঁশান্ |
| মহাত্মা | মহাত্‌তাঁ | সান্ত্বনা | শান্‌তোনা |
| আকস্মিক | আকোশ্‌শিঁক | বিস্ময় | বিশ্‌শঁয় |
| যুগ্ম | জুগ্‌মো | চিন্ময় | চিন্‌ময় |
| বাল্মীকি | বাল্‌মিকি | অধ্যক্ষ | ওদ্‌ধোক্‌খো |
| অনুশাসন | ওনুশাশোন্ | অবজ্ঞা | অবোগ্‌গাঁ |
| বিস্মিত | বিশ্‌শিঁতো | জিহ্বা | জিউভা |
| বিহ্বল | বিউভল্ | অবজ্ঞাত | অবোগ্‌গ্যাঁত |

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

01. 'অপরাহ্ন' শব্দটির প্রমিত উচ্চারণ- [DU-7Clg: 2023-24]

A. অপরানহো    B. অপোরান্‌হো

C. অপোরাহ্নো    D. অপরানহ

**Ans B Analysis** 'অপরাহ্ন' শব্দটির প্রমিত উচ্চারণ-অপোরান্‌হো।

02. 'উহ্য' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি? [DU-7Clg: 2022-23]

A. উজ্‌ঝো    B. উজ্‌জো    C. উঝজো    D. উজজ্জো

**Ans A Analysis** শব্দের প্রমিত উচ্চারণ:

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| উদ্দীপন | উদ্‌দিপন | উৎসাহী | উত্‌শাহি |
| উষ্ণতা | উশ্‌নোতা | ঐশ্বর্য | ওইশ্‌শোর্‌জো |

03. 'আবৃত্তি' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি? [DU-7Clg: 2022-23]

A. আবৃত্‌তি    B. আববৃতি    C. আবরিত্ত    D. আবরিত্‌তি

**Ans A Analysis** শব্দ ও প্রমিত উচ্চারণ:

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| আলেখ্য | আলেক্‌খো | আমন্ত্রণ | আমোন্‌ত্রোন |
| আবহ | আবহো | আশ্বর্য | আশ্‌চোর্‌জো |



CamScanner

04. 'বিস্মিত' শব্দের প্রমিত উচ্চারণ– [DU-7Clg: 2021-22]
A. বিস্‌মিতো B. বিশ্‌মিতো
C. বিশ্‌শিতো D. বিশ্‌সিতো

Ans C Analysis শব্দের প্রমিত উচ্চরণ:

| শব্দ | উচ্চরণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| বিস্ময় | বিশ্‌শঁয় | বিলুপ্ত | বিলুপ্‌তো |
| পেঁয়াজ | পেঁআজ্ | ন্যূনতম | নুনোতমো |

05. শব্দের আদিতে অবস্থিত ব্যঞ্জনবর্ণে যুক্ত 'ব' ফলা– [DU-7Clg: 2021-22]
A. দ্বিত্ব হয় B. উচ্চারিত হয় না
C. অ-কারান্ত হয় D. লোপ পায়

Ans B Analysis সংযুক্ত বর্ণে ব্যঞ্জনের পরে ব-ফলা রূপে সাধারণত অন্তঃস্থ ব-ই আসে। ব-ফলা বাংলায় উচ্চারিত হয় না, কেবল পূর্বস্থিত ব্যঞ্জনের দ্বিত্ব-ভাব ঘটায়। আদ্য অক্ষরে ব-ফলা থাকলে, তার উচ্চারণই হয়না। যেমন : ত্বক (তক্), শ্বশুর (শোশুর্), স্বাধীন (শাধিন্)।

06. 'অজর' শব্দে 'অ' এর উচ্চারণ বিবৃত হওয়ার কারণ– [DU-7Clg: 2020-21]
A. না-বোধকতা B. অভিশ্রুতি
C. স্বরসঙ্গতি D. অপিনিহিত

Ans A Analysis 'অজর' {অ (নঞ) + জরা} শব্দের অর্থ : জরাগ্রস্ত হয় না এমন। জরা বা বার্ধক্যরহিত। শব্দের আদিতে না বোধক 'অ' এর উচ্চারণ বিবৃত হয়। যেমন : অটল, অনাচার।

07. 'বন্য' শব্দের চলতি রূপ হলো- [DU-7Clg: 2019-20]
A. বনো B. বুনো
C. বণ্য D. বুন

Ans B Analysis সাধু ভাষাকে চলতি ভাষায় রূপান্তর:

| সাধু | চলিত | সাধু | চলিত |
|---|---|---|---|
| এরূপ | এমন | অতি | খুব |
| ঈষৎ | অল্প | অতিশয় | অত্যন্ত |

08. 'সম্মান' শব্দের প্রমিত উচ্চারণ– [DU-7Clg: 2018-19]
A. শম্‌মান্ B. শন্‌মান্
C. শোন্‌মান D. সোন্‌মান্

Ans A Analysis কতিপয় শব্দের প্রমিত উচ্চারণ: সম্ভব (শম্‌ভব), সম্ভ্রান্ত (শম্‌ভ্রান্‌তো), সম্মার্জন (সম্‌মার্‌জন্), সম্রাজ্ঞী (শম্‌ম্রাগ্‌গিঁ)।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

01. 'তমিস্রা' শব্দের যথাযথ উচ্চারণ–
A. তমিসৃস্রা B. তমিসরা
C. তোমিসরা D. তোমিস্‌স্রা

Ans D Analysis তমিস্রা = তোমিস্‌স্রা।

02. 'ব্যতীত' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?
A. বেতিত B. ব্যতিত
C. বেতিতো D. ব্যাতিতো
C

03. 'অলংকার' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?
A. ওলঙকার B. অলঙ্কার
C. ওলোঙকার D. অলোঙকার

Ans C Analysis কিছু শব্দের উচ্চারণ:

| মূল শব্দ | উচ্চারণ | মূল শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অংশ | অঙ্‌শো | অভিবাদন | ওভিবাদোন্ |
| অলংকার | ওলোঙ্‌কার | ঐচ্ছিক | ওইচ্‌ছিক্ |
| আজ্ঞা | আগ্‌গাঁ | যক্ষ্মা | জক্‌খাঁ |

04. বাংলা শব্দ 'অধ্যক্ষ' এর সঠিক উচ্চারণ কোনটি?
A. ওদ্‌ধোক্‌খো B. অধ্যকক্ষো
C. ওধ্যক্ষ D. ওদধ্যক্ষ
A

05. বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের কোন নিয়মটি শুদ্ধরূপে নেই।
A. তৎসম শব্দের বানান অবিকৃত থাকবে।
B. সকল অ-তৎসম শব্দের বানানে কেবল-ই এবং উ এবং এদের কার (ি ু) চিহ্ন ব্যবহৃত হবে।
C. বিদেশি শব্দ বিদেশি উচ্চারণ অনুযায়ী লিখতে হবে।
D. সন্ধির ক্ষেত্রে ক, খ, গ, ঘ পরে থাকলে পূর্ব পদের অন্তর্নিহিত ম স্থানে অনুস্বার লেখা যাবে

Ans C Analysis বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের কয়েকটি গুরুত্বপূর্ণ নিয়ম-
- বাংলায় প্রচলিত বিদেশি শব্দ বাংলায় ধ্বনি পদ্ধতিতে লিখিত হবে। যেমন- কাগজ, জাহাজ, হাসপাতাল ইত্যাদি।
- রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন- কর্ম, কার্য, শর্ত ইত্যাদি।
- 'ক্ষ' বিশিষ্ট সকল শব্দে ক্ষ অক্ষুণ্ন থাকবে। যেমন- অক্ষয়, ক্ষত, পক্ষ ইত্যাদি।
- ভাষা ও জাতির নামের শেষে 'ই' কার হবে। যেমন- ইংরেজি, জাপানিজ, বাঙালি ইত্যাদি।
- পদান্তে বিসর্গ থাকবে না। যেমন- ক্রমশ্, প্রধানত, মূলত।

06. 'আহ্লাদ' শব্দের প্রমিত উচ্চারণ-
A. আল্লাদ B. আলহাদ
C. আহলাদ D. আল্‌লাহদ্

Ans D Analysis 'হ' এবং 'ল' -এর যুক্তিরূপ 'হ্ল' চিহ্নটিতে 'ল' টি অল্পপ্রাণ, দ্বিতীয় 'ল' টি মহাপ্রাণ। যেমন: আহ্লাদ (আল্‌লাহদ্)

07. কোন বর্ণটি স্বতন্ত্রভাবে উচ্চারিত হয় না?
A. ঞ B. ৎ
C. ক্ষ D. ঙ

Ans B Analysis ৎ-ত্ ।
- ত-(বিয়োগ) অ- ত/ৎ।
- ৎ কখনো স্বতন্ত্রভাবে উচ্চারিত হয় না।
- ৎ সর্বদা অন্য ধ্বনির সাথে মিলিত হয়ে উচ্চারিত হয়। যেমন: হঠাৎ, কিঞ্চিত, জগৎ ইত্যাদি।

08. "তীব্র" শব্দটি সঠিক উচ্চারণ কোনটি?
A. তীব্বো B. তিব্‌ব্রো
C. তিবরো D. তীবরো
B

09. কোনটিতে আদ্য অ-ধ্বনির উচ্চারণ ও-বৎ হয় না?
A. গ্রন্থ B. হ্রস্ব
C. ক্রম D. ধন্য

Ans B Analysis অপশন B এর হ্রস্ব শব্দটিতে আদ্য অ-ধ্বনির উচ্চারণ ও-বৎ হয় না। বাকি সবগুলোর আদ্য অ-ধ্বনির উচ্চরণ ও-বৎ হয়।

10. ম-ফলা যুক্ত কোন ব্যঞ্জনবর্ণগুলোর দ্বিত্ব উচ্চারণ হয় না?
A. গ, ঙ, ট B. ত, প,স
C. জ, ঞ, দ D. ক, খ, হ

Ans D Analysis কয়েকটি কতিপয় উচ্চারণ- ঐকতান- ওইকোতান্, ধন্যবাদ- ধোন্‌নোবাদ, বৈশাখ-বোইশাখ্, সন্ধ্যা-শোন্‌ধা।

11. শব্দের শেষে 'অ' উচ্চারণ লোপ পায় না–
A. বৃহত্তর B. ফল
C. অবশেষ D. দর্শন

Ans A Analysis শব্দের শেষে 'অ' উচ্চারণ লোপ পায় না।



CamScanner

## PRIME TEST

01. 'আ' ধ্বনি উচ্চারণের সময়-
A. সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত হয়
B. কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত হয়
C. পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত হয়
D. কেন্দ্রীয় ওষ্ঠাধর সংবৃত হয়

02. শুদ্ধ উচ্চারণ কোনটি?
A. তিতিক্‌খা B. তিতিখ্‌খা
C. তিথিক্‌খা D. তিথিখ্‌খা

03. 'অজ্ঞাত' শব্দটির প্রকৃত উচ্চারণ কোনটি?
A. অগ্‌গাত B. ওগ্‌গাত
C. অগ্‌গ্যাঁতো D. ওগ্যাত

04. 'লাবণ্য' এর শুদ্ধ উচ্চারণ –
A. লাবব্‌ন্য B. লাবোন্‌নো
C. লাভন্‌নো D. কোনটিই নয়

05. 'ঐকতান' এর শুদ্ধ উচ্চারণ –
A. ঐককোতান B. ওইকোতান্‌
C. ওইকতান D. কোনটিই নয়

06. 'এ' ধ্বনি উচ্চারণের পদ্ধতি কোনগুলো?
A. সংবৃত ও অর্ধ-বিবৃত B. অর্ধ-সংবৃত ও বিবৃত
C. সংবৃত ও বিবৃত D. কোনটিই নয়

07. কোন উচ্চারণটি প্রমিত নয়?
A. সমুদ্র-শোমুদ্‌দ্রো
B. শ্রাবণ-স্রাবোন্‌
C. বাগ্মী-বাগ্‌মি
D. আহ্বান-আহোবান্‌

08. 'ও' ধ্বনি উচ্চারণের সময় –
A. পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত হয়
B. সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত হয়
C. কেন্দ্রীয় ওষ্ঠাধর গোলাকৃত হয়
D. কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত হয়

09. 'বৈশাখ' শব্দের প্রকৃত উচ্চারণ কোনটি?
A. বোইশাখ্‌ B. বইশাখ
C. বুওইশাখ D. বুইশাখ্‌

10. 'ধন্যবাদ' শব্দের শুদ্ধ উচ্চারণ –
A. ধইন্যবাদ B. ধননোবাদ
C. ধোন্‌নোবাদ্‌ D. ধোনওন্যবাদ্‌

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| 01.B | 02.A | 03.C | 04.B | 05.B | 06.C | 07.D | 08.A | 09.A | 10.C |
|---|---|---|---|---|---|---|---|---|---|

# বাংলা বানানের নিয়ম

টপিক ২৯ — ব্যাকরণ

সংস্কৃত বা তৎসম শব্দের বানানে বাংলা একাডেমি কয়েকটি ক্ষেত্রে সংশোধনী এনেছে যা মূলত বানান সরলীকরণের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**◙ নিয়মগুলো নিম্নরূপ:**

**১.** বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম/সংস্কৃত শব্দের বানান অবিকৃত ও অপরিবর্তিত থাকবে। কেননা এইসব শব্দের বানান ও ব্যাকরণগত প্রকরণ ও পদ্ধতি নির্দিষ্ট রয়েছে। যেমন: চন্দ্র, সূর্য, গৃহ ইত্যাদি।

**২. বিকল্প যখন ই ঈ উ ঊ**

যেসব সংস্কৃত বা তৎসম শব্দে ই/ঈ বা উ/ঊ বা তাদের কার চিহ্ন উভয়ই শুদ্ধ, সেসব শব্দে কেবল ই বা উ এবং তার কার চিহ্ন (ি, ু) হবে। যেমন: কিংবদন্তি, চিৎকার, তরণি, ধরণি, পদবি, লহরি, সরণি, স্বর্ণি, সূচিপত্র, উষা, মঞ্জরি, রচনাবলি, খঞ্জনি ইত্যাদি।

**৩. প্রসঙ্গ: রেফের (র্) পরে ব্যঞ্জনবর্ণের দ্বিত্বতা।** রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না।

| যা হবে | যা হবে না | যা হবে | যা হবে না | যা হবে | যা হবে না |
|---|---|---|---|---|---|
| মার্জনা | মার্জ্জনা | কার্য | কার্য্য | পূর্ত | পূর্ত্ত |
| সৌন্দর্য | সৌন্দর্য্য | জর্দা | জর্দ্দা | আচার্য | আচার্য্য |
| সর্দার | সর্দ্দার | কার্যালয় | কার্য্যালয় | ধৈর্য | ধৈর্য্য |
| পর্যন্ত | পর্য্যন্ত | মাধুর্য | মাধুর্য্য | ধার্য | ধার্য্য |
| কর্তা | কর্ত্তা | রম্য | রর্ম | সূর্য | সূর্য্য |

**ব্যতিক্রম:** অর্ঘ্য, দৈর্ঘ্য, বর্জ্য, সামর্থ্য, নৈর্ব্যক্তিক, চর্ব্যচোষ্য, ঘূর্ণ্যমান, মর্ত্য।

**৪. সন্ধিযোগে গঠিত শব্দে ং ও ঙ ব্যবহারের সতর্কতা।**

ক. সন্ধিযোগে গঠিত শব্দে ক খ গ ঘ পরে থাকলে পূর্ব পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার (ং) হবে। যেমন: সম্+গীত → সংগীত
এভাবে- অলংকার, অহংকার, ভয়ংকর, শুভংকর।

**ব্যতিক্রম:** শম্ + কা = শঙ্কা।

খ. তবে শব্দটি যদি সন্ধিবদ্ধ না হয় তা হলে ঙ স্থলে ং বসালে বানান ভুল হবে- এসব ক্ষেত্রে ঙ-ই লিখতে হবে। যেমন: অঙ্ক, অঙ্কন, অঙ্কুর, আতঙ্ক, আশঙ্কা, কঙ্কাল, পঙ্ক, পঙ্কজ, শঙ্কা, শৃঙ্খলা, আকাঙ্ক্ষা, বঙ্কিম।

- ং, ঙ : শব্দের শেষে প্রাসঙ্গিক ক্ষেত্রে সাধারণভাবে অনুস্বার (ং) ব্যবহৃত হবে। যেমন– গাং, ঢং, পালং, রং, রাং, সং।
- তবে অনুস্বরের সঙ্গে স্বর যুক্ত হলে ঙ হবে। যেমন- বাঙালি, ভাঙা, রঙিন, রঙের। বাংলা ও বাংলাদেশ শব্দে অনুস্বার থাকবে।

**০১.** তৎসম অর্থাৎ বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত বানান অপরিবর্তিত থাকবে। কেননা এইসব শব্দের বানান ও ব্যাকরণগত প্রকরণ ও পদ্ধতি নির্দিষ্ট রয়েছে।

**০২.** যেসব তৎসম শব্দে ই, ঈ বা উ, ঊ উভয়ই শুদ্ধ কেবল সেসব শব্দে ই বা উ এবং তার কারচিহ্ন (ি, ু) হবে। যেমন:
কিংবদন্তি, খঞ্জনি, চিৎকার, ধমনি, ধূলি, পঞ্জি, পদবি, ভঙ্গি, মঞ্জরি, মসি, লহরি, সরণি, সূচিপত্র, উর্ণা, উষা, বাড়ি, গাড়ি, পাখি, বাঁশি, চুল্লি, ওকালতি, নাড়ি, পল্লি, যুবতি, হাতি, মুরগি, চিরুনি, যুবতি, কলসি, ডাকাতি, জমিদারি, জোনাকি, ডাক্তারি।

**০৩.** 'ঈ-কার' যুক্ত শব্দের শেষে বাচক, জন, বিদ্যা, জগৎ, সভা, তা, ত্ব, তত্ত্ব, নী, পরিষদ যুক্ত হলে উক্ত শব্দের 'ঈ-কার' এর পরিবর্তে 'ই-কার' হয়। যেমন:
গুণী = (গুণিজন), মন্ত্রী = (মন্ত্রিপরিষদ), প্রাণী (প্রাণিবিদ্যা), প্রতিদ্বন্দ্বী = (প্রতিদ্বন্দ্বিতা), প্রতিযোগী = (প্রতিযোগিতা), কৃতী = (কৃতিত্ব), সঙ্গী = সঙ্গিনী, শ্রেণি = শ্রেণিবিদ্যা, প্রাণী = প্রাণিবাচক, মন্ত্রী = মন্ত্রিসভা, মন্ত্রী = মন্ত্রিত্ব, দায়ী = দায়িত্ব, বিলাসী = বিলাসিতা, পারদর্শী = পারদর্শিতা, একাকী = একাকিত্ব, প্রাণী = প্রাণিজগৎ, সহযোগী = সহযোগিতা।

**ব্যতিক্রম:** সতীত্ব, নারীত্ব, কুমারীত্ব।



CamScanner

০৪. তৎসম স্ত্রীবাচক শব্দের বানানে 'ঈ-কার' হয়। যেমন:
বুদ্ধিমতী, বসুমতী, মধুমতী, অলক্ষী, গাভী, শ্রীমতী, নারী, বান্ধবী, স্ত্রী, জননী, সাধবী, তরুণী, মানবী, গৃহিণী, বিদেশিনী, নন্দিনী।

০৫. তৎসম অর্থাৎ বাংলা ভাষার ব্যবহৃত অবিকৃত সংস্কৃত বানান অপরিবর্তিত থাকবে। কেননা এইসব শব্দের বানান ও ব্যাকরণগত প্রকরণ ও পদ্ধতি নির্দিষ্ট রয়েছে।

০৬. রেফ (র্) এর পরে ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন:
অর্জ্জন < অর্জন, কর্ম্ম < কর্ম, কার্ত্তিক < কার্তিক, কার্য্য < কার্য, বার্দ্ধক্য < বার্ধক্য, সূর্য্য < সূর্য, জর্দ্দা < জর্দা, পর্য্যান্ত < পর্যন্ত, মূর্চ্ছা < মূর্ছা।

০৭. ব্যতিক্রম:
অর্ঘ্য, হর্ম্য (অট্টালিকা), দৈর্ঘ্য, মর্ত্য, সামর্থ্য, নৈর্ব্যক্তিক, ঘূর্ণ্যমান (এই শব্দগুলো সংস্কৃত ভাষার শব্দ। সাধারণত এই শব্দগুলো বাংলা ভাষায় ব্যবহৃত হয় না।)

০৮. সন্ধির ক্ষেত্রে ক, খ, গ, ঘ পরে থাকলে পূর্ব পদের অন্তস্থিত 'ম্' স্থানে অনুস্বার (ং) হবে। যেমন:
অহম্ + কার = (অহংকার), শুভম্ + কর = (শুভংকর), সম্ + গীত = (সংগীত), সম্ + খ্যা = (সংখ্যা), ভয়ম্ + কর = (ভয়ংকার), হৃদয়ম্ + গম = (হৃদয়ংগম), সম্ + ঘটন = (সংঘটন)।

• তবে সন্ধিবদ্ধ না হলে 'ঙ' স্থানে 'ং' হবে না। যেমন: অঙ্ক, কঙ্কাল, অঙ্গ, আকাঙ্ক্ষা, গঙ্গা, বঙ্কিম, বঙ্গ ইত্যাদি।

০৯. বিস্ময়সূচক অব্যয় (বাঃ, ছিঃ, উঃ) ব্যতীত অন্যান্য শব্দের শেষে (ঃ) বিসর্গ থাকবে না। যেমন:
কার্যত, মূলত, প্রধানত, প্রয়াত, বস্তুত, ক্রমশ, প্রায়শ, প্রথমত।

১০. তৎসম শব্দের বানানে ঋ, র, রেফ (র্) এর পরে সর্বদা ষ, ণ ব্যবহৃত হয়। যেমন: ঋষি, বর্ষণ, ব্যাকরণ, কারণ, ভীষণ, বর্ণ ইত্যাদি।

১১. তৎসম শব্দের বানানে 'ট' বর্গীয় বর্ণের সাথে যুক্ত 'ণ' এবং 'ষ' হয়। যেমন: কণ্ঠ, লুণ্ঠন, কষ্ট, নষ্ট ইত্যাদি।

## গুরুত্বপূর্ণ কিছু বানানশুদ্ধি

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| পুরষ্কার | পুরস্কার | প্রাণীবিদ্যা | প্রাণিবিদ্যা |
| পরিস্কার | পরিষ্কার | মন্ত্রীবর্গ | মন্ত্রিবর্গ |
| নমষ্কার | নমস্কার | কৌতূক | কৌতুক |
| স্বস্ত্রীক | সস্ত্রীক | কৌতুহল | কৌতূহল |
| ষ্টেশন | স্টেশন | সান্তনা | সান্ত্বনা |
| ফটোষ্ট্যাট | ফটোস্ট্যাট | সমিচীন | সমীচীন |
| লোকসমূহ | লোক | মুহুর্ত | মুহূর্ত |
| সকল সভ্যগণ | সকল সভ্য | মুমুর্ষ | মুমূর্ষু |
| সমূলসহ | সমূল | মর্হূমুহূ | মুহুর্মুহু |
| ইদানীংকালে | ইদানীং | মধ্যাহ্ন | মধ্যাহ্ন |
| আয়ত্তাধীন | অধীন/আয়ত্ত | অপরাহ্ন | অপরাহ্ণ |
| অশ্রুজল | অশ্রু | অধ্যায়ন | অধ্যয়ন |
| সহিষ্ণুতা | সহিষ্ণু | সুকেশী | সুকেশা |
| অহর্নিশি | অহর্নিশ | দ্রাঘীমা | দ্রাঘিমা |
| দূরাবস্থা | দুরবস্থা | অগ্নিবীনা | অগ্নিবীণা |
| অত্যাধিক | অত্যধিক | রামায়ন | রামায়ণ |
| অত্যান্ত | অত্যন্ত | কৃত্তীবাস | কৃত্তিবাস |
| বাৎসরিক | বার্ষিক | অগ্রহায়ন | অগ্রহায়ণ |
| ইতিমধ্যে | ইতোমধ্যে | সর্বাঙ্গীন | সর্বাঙ্গীণ |
| ইতিপূর্বে | ইতঃপূর্বে | দুর্বিসহ | দুর্বিষহ |
| জৈ্যষ্ঠ | জ্যেষ্ঠ | অধীনস্ত | অধীন |
| মীলন | মিলন | অর্ধাঙ্গিনী | অর্ধাঙ্গী |
| দরিদ্র | দারিদ্র্য/দরিদ্রতা | অনাথিনী | অনাথা |
| অন্তঃসত্তা | অন্তঃসত্ত্বা | ননদিনী | ননদ |

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আকাঙ্খা | আকাঙ্ক্ষা | ঐক্যমত | ঐকমত |
| জলোচ্ছাস | জলোচ্ছ্বাস | একত্রিত | একত্র |
| দৈন্যতা | দীনতা | ধুলিযাৎ | ধূলিসাৎ |
| শিরোচ্ছেদ | শিরশ্ছেদ | নূন্যতম | ন্যূনতম |
| পীপিলিকা | পিপীলিকা | মাধুর্য্য | মাধুর্য |
| ব্যাবহারিক | ব্যবহারিক | ভৎসনা | ভর্ৎসনা |
| উপরোক্ত | উপর্যুক্ত | ব্যয়াম | ব্যায়াম |
| আবশ্যকীয় | আবশ্যক | ব্যায় | ব্যয় |
| রজকিনী | রজকী | ব্যাথা | ব্যথা |
| প্রনয়ন | প্রণয়ন | ব্যাতিত | ব্যতীত |
| লজ্জাস্কর | লজ্জাকর | বিভিষীকা | বিভীষিকা |
| অনুসুয়া | অনসূয়া | ভন্ডামি | ভণ্ডামি |
| মনোকষ্ট | মনঃকষ্ট | ব্যাকরন | ব্যাকরণ |
| স্বপরিবার | সপরিবার | বানিজ্য | বাণিজ্য |
| সদা সর্বদা | সর্বদা | ভৌগলিক | ভৌগোলিক |
| কেবলমাত্র | কেবল | মনিষি | মনীষী |
| শুধুমাত্র | শুধু/মাত্র | মরিচীকা | মরীচিকা |
| তৎকালীন সময় | তৎকালীন | মিমাংসা | মীমাংসা |
| বমালশুদ্ধ | বমাল | শশ্রুষা | শুশ্রূষা |
| অদ্যপি | অদ্যাপি | শষ্য | শস্য |
| যদ্যাপি | যদ্যপি | শশুরবাড়ী | শ্বশুরবাড়ি |
| অতিথী | অতিথি | সন্যাসি | সন্ন্যাসী |
| সুস্বাগত | স্বাগত | সঙ্কীর্ণ | সংকীর্ণ |
| সুস্বাস্থ্য | স্বাস্থ্য | স্বাক্ষী | সাক্ষী |
| ফলশ্রুতি | ফল | সায়ত্ত্বশাসন | স্বায়ত্তশাসন |
| দধিচি | দধীচি | রাজনৈতিক | রাজনীতিক |
| দ্বন্দ্ধ | দ্বন্দ্ব | শীকার | স্বীকার |
| ব্রাক্ষণ | ব্রাহ্মণ | জন্মজয়ন্তী | জয়ন্তী |
| মনমোহন | মনোমোহন | স্বরসতী | সরস্বতী |
| পানিনী | পাণিনি | সকাতর | কাতর |
| ভূল | ভুল | সানন্দিত | সানন্দ |
| প্রত্যুষ | প্রত্যূষ | বিবিধপ্রকার | বিবিধ |
| দূর্গা | দুর্গা | প্রকাশনী | প্রকাশন |
| বিপদজনক | বিপজ্জনক | নিষ্ফলা | নিষ্ফল |
| সুষ্ঠ | সুষ্ঠু | জন্মবার্ষিকী | জন্মবার্ষিক |
| ব্যার্থ | ব্যর্থ | বিবরণী | বিবরণ |
| নুপুর | নূপুর | শতাব্দী | শতাব্দ |
| মুখস্ত | মুখস্থ | কনিষ্ঠতম | কনিষ্ঠ |
| গ্রামিন | গ্রামীণ | নির্দোষী | নির্দোষ |
| আশির্বাদ | আশীর্বাদ | নিরপরাধী | নিরপরাধ |
| অজাগর | অজগর | বাহ্যিক | বাহ্য |
| পক্ক | পক্ব | পাশবিক | পাশব |
| শশ্মান | শ্মশান | চাকচিক্য | চাকচক্য |
| দ্ব্যার্থ | দ্ব্যর্থ | ভারতী | ভারতি |
| সরকারী | সরকারি | প্রবাহমান | প্রবহমান |
| জরুরী | জরুরি | নভোচর | নভোচারী |
| সোনালী | সোনালি | পোষাক | পোশাক |
| ইংরেজী | ইংরেজি | ব্যাবধান | ব্যবধান |



CamScanner

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

01. নিচের যে বানানটি শুদ্ধ- [DU-7Clg: 2023-24]
A. নীলম্বরী
B. নিলাম্বরী
C. নীলাম্বরি
D. নীলাম্বরী
**Ans D Analysis** শুদ্ধ বানান- নীলাম্বরী।

02. নিচের কোন বানানটি শুদ্ধ? [DU-7Clg: 2023-24]
A. নিরব
B. ঐকতান
C. ইদানিং
D. উচ্ছ্বল
**Ans B Analysis** শুদ্ধরূপ হলো: নীরব, ইদানীং, উচ্ছল।

03. শুদ্ধ বানানগুচ্ছ কোনটি? [DU-7Clg: 2023-24]
A. উচ্ছল, স্বত্ব, ভূগোল
B. ইতিমধ্যে, ইত:পূর্বে, উপরোক্ত
C. শ্রদ্ধাঞ্জলী, বাল্মীকি, আকাঙ্ক্ষা
D. ভৌগোলিক, শতবার্ষিক, মুহূর্মুহূ
**Ans A Analysis** বাকি শুদ্ধবানান হলো: ইতোমধ্যে, ইতঃপূর্বে, উপর্যুক্ত, শ্রদ্ধাঞ্জলি, বাল্মীকি, আকাঙ্ক্ষা, ভৌগোলিক, শতবার্ষিক, মুহুর্মুহু।

04. নিচের কোন বানানটি শুদ্ধ? [DU-7Clg: 2022-23]
A. নিশিথিনি
B. কথোপকথন
C. পিপিলিকা
D. সমিচিন
**Ans B Analysis** বানানশুদ্ধিকরণ:

| অশুদ্ধ বানান | শুদ্ধরূপ |
|---|---|
| নিশিথিনি | নিশীথিনী |
| পিপিলিকা | পিপীলিকা |
| সমিচিন | সমীচীন |

05. শুদ্ধ বানানগুচ্ছ কোনটি? [DU-7Clg: 2021-22]
A. শারীরিক, সমীচিন, নিরীক্ষণ
B. ইতিমধ্যে, ইতঃপূর্বে, উপরোক্ত
C. শ্রদ্ধাঞ্জলী, বল্মীকি, আকাঙ্ক্ষা
D. ভৌগোলিক, শতবার্ষিক, মুহুর্মুহু
**Ans D Analysis** বানানশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সমীচিন | সমীচীন | ইতিমধ্যে | ইতোমধ্যে |
| উপরোক্ত | উপর্যুক্ত/উপরিউক্ত | শ্রদ্ধাঞ্জলী | শ্রদ্ধাঞ্জলি |

06. শুদ্ধ বানানে লেখা নয়– [DU-7Clg: 2018-19]
A. ক্ষণজীবি
B. প্রণয়ন
C. ধারণ
D. নিরীক্ষণ
**Ans A Analysis** কতিপয় শুদ্ধ বানান: ক্ষীণজীবী, ক্ষিপ্রতা, ক্ষুণ্ন, ক্ষুন্নিবৃত্তি, ক্ষৌণীশ, আকাঙ্ক্ষা, মনস্তত্ত্ব, মুহূর্ত, মুমূর্ষু, শাশ্বত।

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

01. শুদ্ধ বানানগুচ্ছ-
A. বিভীষিকা, আশীর্বাদ, শারীরিক, সমীচিন
B. নির্ণেমেষ, গণনা, অপরাহ্ন, সর্বাঙ্গীন
C. অদ্ভুত, প্রত্যুষ, উদ্ভূত, নূপুর
D. পূর্বাহ্ন, পুরষ্কার, দুর্বিষহ, অভিষেক
**Ans C Analysis** শুদ্ধরূপ- সমীচীন, গননা, অপরাহ্ণ, পূর্বাহ্ণ।

02. 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ পাওয়া যায় কোন শব্দে?
A. হেথা
B. হেন
C. শেষ
D. বেলুন
**Ans B Analysis** দুই অক্ষর বিশিষ্ট সর্বনাম বা অব্যয় পদের আদিতে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ পাওয়া যায়। যেমন-এত, হেন, কেন। কিন্তু ব্যতিক্রম- যেথা, সেথা, হেতা।

03. শুদ্ধ বানানগুচ্ছ কোন্‌টি?
A. দূরাকাঙ্খ, বাল্মীকী, পল্বল
B. দুর্ভাবনা, মিথস্ক্রিয়া, ব্যভিচার
C. ত্রিভূজ, প্রনয়ণ, বিমর্ষ
D. শিহরণ, মরুদ্যান, অঞ্জলি
**Ans B Analysis** ইতোমধ্যে (ইতিমদ্যে), শিরশ্ছেদ (শিরোচ্ছেদ), আশিস (আশীষ), শ্রদ্ধাঞ্জলি (শ্রদ্ধাঞ্জলী), সোনালি (সোনালী), মনঃকষ্ট (মনোকষ্ট), মন্ত্রিসভা (মন্ত্রীসভা), একাডেমি (একাডেমী), ইংরেজি (ইংরেজী), ব্রাকেটবন্দি শব্দগুলো ছাড়া অন্য শব্দগুলো শুদ্ধ।

04. কোন্‌ বানানটি শুদ্ধ নয়?
A. কৃতিত্ব
B. দায়িত্ব
C. সখিত্ব
D. সতিত্ব
**Ans D Analysis** সতীত্ব শব্দটি ব্যতিক্রম: এতে সতী শব্দের সঙ্গে ত্ব প্রত্যয় যুক্ত হওয়ার পরেও ঈ কার বজায় থাকে।

05. নির্ভুল বানান-
A. স্বায়ত্ত
B. স্বায়ত্ত্ব
C. স্বায়ত
D. শায়ত্ব
**Ans A Analysis** প্রদত্ত শব্দগুলোর মাঝে সঠিক বানানটি হলো-স্বায়ত্ত।

06. নিচের কোন শব্দটি শুদ্ধ?
A. মুহর্মুহ
B. সমীচিন
C. ঊষা
D. মুমুর্ষ
**Ans A Analysis** শুদ্ধ বানান: মুহর্মুহ, মনঃকষ্ট, বুদ্ধিজীবী, সন্ন্যাসী, প্রাণিজগত, লজ্জাকর।

07. নিচের কোন বানানটি শুদ্ধ?
A. উদ্ধতপূর্ণ
B. উদ্ধত্যপূর্ণ
C. ঔদ্ধতপূর্ণ
D. ঔদ্ধত্যপূর্ণ
**D**

08. নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ?
A. নিক্কণ, সূচগ্র, অনুর্ধ্ব
B. অনূর্বর, উর্ধ্বগামী, শুদ্ধাশুদ্ধি
C. ভুরিভূরি, ভুঁড়িওয়ালা, মাতৃভাষা
D. রাণি, বিকিরণ, দুরতিক্রম
**Ans A Analysis** কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| নিক্কন | নিক্বণ | রাণি | রানি |
| সূচগ্র | সূচাগ্র | ভুরিভূরি | ভূরিভূরি |
| অনুর্বর | অনুর্বর | বিকিরন | বিকিরণ |
| অনুর্ধ্ব | অনূর্ধ্ব | দূর্নীতি | দুর্নীতি |

09. শুদ্ধ রূপ কোনটি?
A. অত্যাধিক
B. অত্যধীক
C. অত্যাধ্যিক
D. অত্যধিক
**Ans D Analysis** কয়েকটি অশুদ্ধ শব্দের শুদ্ধরূপ:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অত্যাধিক | অত্যধিক | নিমন্ত্রন | নিমন্ত্রণ |
| টর্ণোডো | টর্নেডো | পিচাশিনী | পিচাশী |
| বহিঃস্কার | বহিষ্কার | অতিথী | অতিথি |
| ধুমপান | ধূমপান | ইদৃশ | ঈদৃশ |
| সন্নাসী | সন্ন্যাসী | ছাত্রছাত্রীগণ | ছাত্রছাত্রী |

10. কোন বানানটি শুদ্ধ?
A. বুদ্ধিজীবি
B. মরীচিকা
C. পুর্বাহ্ন
D. আত্বা
**Ans B Analysis** কতিপয় শুদ্ধ বানান – আইনজীবী, সন্ধিহান, প্রতিযোগিতা, আবৃত্তি, গীতাঞ্জলি, অত্যধিক, বুদ্ধিজীবী, পেশাজীবী ইত্যাদি।



CamScanner

**11. শুদ্ধ বানান কোনটি?**
A. স্বায়ত্তশাসন B. সায়ত্বশাসন
C. স্বায়ত্ত্বশাসণ D. স্বায়ত্তসাশন
Ⓐ

**12. নিচের কোনটি অশুদ্ধ?**
A. পিপীলিকা B. বিদ্রুপ
C. শিরচ্ছেদ D. বৃশ্চিক
**Ans C Analysis** শিরচ্ছেদ শব্দের শুদ্ধ বানান শিরশ্ছেদ।

**13. শুদ্ধ বানানে লিখিত শব্দগুচ্ছ কোনটি?**
A. সমীচিন, হরিতকি, বাল্মিকী B. সমীচীন, হরীতকি, বাল্মীকি
C. সমীচীন, হরীতকী, বাল্মীকি D. সমীচীন, হরিতকী, বাল্মীকী
Ⓒ

**14. শুদ্ধরূপ কোন্টি?**
A. কল্যাণীয়াসু B. কল্যাণীয়াষু
C. কল্যাণীয়েসু D. কল্যাণীয়াশু
Ⓐ

## PRIME TEST

**01. নিচের কোন বানানটি শুদ্ধ?**
A. আবিষ্কার B. আদ্যাক্ষর
C. অদ্যাপি D. অত্যাধিক

**02. শুদ্ধ বানান কোনটি?**
A. আসক্তি B. আশক্তি
C. আষক্তি D. আসক্তী

**03. কোন বানানটি শুদ্ধ?**
A. উতপাত B. উতপাৎ
C. উৎপাৎ D. উৎপাত

**04. কোন শব্দটি সঠিক?**
A. আভ্যন্তরীণ B. অভ্যন্তরীণ
C. আভ্যন্তরীন D. অভ্যন্তরীন

**05. কোন বানানটি শুদ্ধ?**
A. উন্মিলন B. উন্মিলণ
C. উন্মীলণ D. উন্মীলন

**06. কোন বানানগুচ্ছ শুদ্ধ?**
A. স্বায়ত্বশাসন, ত্রিভুজ B. দুরবস্থা, মিথস্ক্রিয়া
C. মরদ্যান, দুরাকাঙ্খা D. পরিপক্ক, মুমুর্ষু

**07. কোন বানানটি শুদ্ধ?**
A. জ্ঞানভুষিত B. জ্ঞানভূষিত
C. জ্ঞাণভুসিত D. জ্ঞাণভুষিত

**08. কোনটি শুদ্ধ বানান?**
A. চানক্য B. চাণক্য
C. চানোক্য D. চাণোক্য

**09. নিচের কোন বানানটি শুদ্ধ?**
A. শিরচ্ছেদ B. পিপিলিকা
C. আদ্যন্ত D. জগত

**10. বাংলা বানানের নিয়ম অনুসারে নিচের কোন বানানটি শুদ্ধ?**
A. গভর্ণর B. গভর্নর
C. গবর্ণর D. গবরনর

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01. A | 02. A | 03. D | 04.B | 05. D | 06. B | 07. B | 08. B | 09. C | 10. B |

# পদ প্রকরণ

টপিক ৩০ ব্যাকরণ

✷ বিভক্তিযুক্ত শব্দ মাত্রই পদ এবং বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দই এক একটি পদ।
✷ **পদ ২ প্রকার।** যথা: ক) সব্যয় খ) অব্যয়
✷ **সব্যয় আবার ৪ প্রকার-** ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. ক্রিয়া
✷ **বিশেষ্য:** কোন কিছুর নামকে বিশেষ্য বলে।

**বিশেষ্য আবার ৬ প্রকার**

১) **নামবাচক/সংজ্ঞা বাচক (Proper Noun):** নজরুল, মাইকেল, ঢাকা, দিল্লি, হিমালয়, মেঘনা, গীতাঞ্জলি, বিশ্বনবি।
২) **জাতিবাচক (Common Noun):** মানুষ, গরু, পাখি, গাছ, ইংরেজ, বাঙালি, নদী, পর্বত।
৩) **বস্তুবাচক/দ্রব্যবাচক (Materials Noun):** বই, খাতা, কলম, থালা।
৪) **সমষ্টিবাচক (Collective Noun):** সভা, জনতা, মাহফিল, ঝাঁক, দল, বহর।
৫) **গুণবাচক (Abstract Noun):** মধুরতা, তিক্ততা, যৌবন, সৌরভ, তারল্য, তারুণ্য, সুখ, দুঃখ।
৬) **ভাববাচক (Verbal Noun):** গমন, ভোজন, শয়ন, দর্শন, দেখা, শোনা।

**বিশেষণ**

বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়া পদের দোষ, গুণ, সংখ্যা, পরিমাণ, অবস্থা বোঝালে তাকে বিশেষণ পদ বলে।

❐ **বিশেষণ ২ প্রকার :**
- নাম বিশেষণ
- ভাব বিশেষণ

❐ **ভাব বিশেষণ:** যা বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্যপদকে বিশেষিত করে তাকে ভাব বিশেষণ বলে।

❐ **ভাব বিশেষণ আবার ৪ প্রকার :**
ক) **বিশেষণের বিশেষণ:** রকেট <u>অতি</u> <u>দ্রুত</u> চলে
খ) **ক্রিয়া বিশেষণ:** <u>ধীরে ধীরে</u> সখিনা <u>হাঁটে</u>।
গ) **অব্যয়ের বিশেষণ:** ধিক তারে <u>শত ধিক</u> নির্লজ্জ যে জন।
ঘ) **বাক্যের বিশেষণ:** বাক্যের শুরুতে যদি <u>দুর্ভাগ্যক্রমে</u>, <u>বাস্তবিক</u>, <u>সৌভাগ্যক্রমে</u>, <u>ঘটনাক্রমে</u> থাকে তাকে বাক্যের বিশেষণ বলে। যেমন: <u>বাস্তবিক</u> আজ সখিনার আসা দরকার।

**সর্বনাম**

বিশেষ্যের পরিবর্তে যে শব্দ বসে তাই সর্বনাম।

✷ হস্তি বৃহৎ প্রাণী। <u>সে</u> অনেক খাদ্য খায়।

❐ **সর্বনাম ১০ প্রকার**
ক) **সাকুল্যবাচক** = সব, সকল, সমূহ, সমুদয়, তাবৎ
খ) **আত্মবাচক** = স্বয়ং, নিজ, আপনি, খোদ
গ) **অনির্দিষ্টতাজ্ঞাপক** = কোন, কেহ, কিছু, কেউ

**ক্রিয়াপদ**

যে পদের দ্বারা কোন কাজ বোঝায় তাই ক্রিয়া।

| প্রকার | উদাহরণ |
|---|---|
| অনুক্ত ক্রিয়া | ইনি আমার ভাই ( ) |
| সমাপিকা | সখিনা প্রভাতে <u>উঠল</u> |
| অসমাপিকা | সখিনা প্রভাতে <u>উঠলে</u>. . . |
| যৌগিক ক্রিয়া | সাইরেন <u>বেজে উঠল</u> |
| সকর্মক ক্রিয়া | সখিনা <u>গান গায়</u> (সকর্ম) |
| অকর্মক ক্রিয়া | সখিনা <u>গায়</u> (অকর্ম) |
| দ্বিকর্মের ক্রিয়া | বাবা <u>সখিনাকে</u> একটি <u>জামা</u> কিনে দিলেন |
| প্রযোজক ক্রিয়া | মা শিশুকে দুধ <u>খাওয়ায়</u> |
| সমধাতুজ ক্রিয়া | বেশ এক <u>ঘুম</u> <u>ঘুমিয়েছি</u>। |
| মিশ্র ক্রিয়া | তাজমহল দর্শন <u>কর</u> লাম, গোল্লায় <u>যা</u> ও। |



CamScanner

☐ **ক্রিয়ার ভাব:** ক্রিয়ার ভাব ৪ প্রকার:

১) **নির্দেশক ভাব:** সাধারণ ঘটনা বা জিজ্ঞাসা করলে নির্দেশক ভাব হবে। উদা: সখিনা কি এসেছিলো?

২) **অনুজ্ঞা ভাব:** আদেশ, উপদেশ, অনুরোধ, অভিশাপ, আশীর্বাদ ইত্যাদি বোঝাবে। উদা: মিথ্যা বলবে না (নিষেধ)। সত্য কথা বলবে (উপদেশ)

৩) **সাপেক্ষ ভাব:** একটি ক্রিয়া আরেকটি ক্রিয়ার উপর নির্ভরশীল থাকে। উদা: সখিনা আসলে কুদ্দুস খাবে।

৪) **আকাঙ্ক্ষা ভাব:** বক্তা তার ইচ্ছা সোজাসুজি প্রকাশ করবে। উদা: বৃষ্টি আসে, আসুক। সে হাসবে, হাসুক। সে যাবে, যাক।

☐ **অব্যয়:** অপরিবর্তনীয় শব্দ-ই অব্যয় পদ। অব্যয় ৪ প্রকার

১) **সমুচ্চয়ী অব্যয়:** একটি, আরেকটি বাক্যের সাথে সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায় তাকে সমুচ্চয়ী অব্যয় বলে। **ইহা ৩ প্রকার**

- ক) **সংযোজক:** সখিনা ও কুদ্দুস KFC-তে খায়
- খ) **বিয়োজক:** হাসেম কিংবা কাসেম কাজটি করবে।
- গ) **সংকোচক:** সখিনা কিন্তু আসতে পারে।

২) **অনন্বয়ী অব্যয়:** কী অর্থ দিচ্ছে তা বের করতে হবে।

- মরি মরি! কী সুন্দর সখিনার রূপ! (উচ্ছ্বাস প্রকাশ)
- ছি ছি তুমি এত নীচ! (ঘৃণা প্রকাশ)
- কী আপদ! সখিনা যে পিছু ছাড়ছে না। (বিরক্তি প্রকাশ)
- ওগো, যাসনে ঘরের বাহিরে। (সম্বোধন প্রকাশ)
- সংশয়ে সংকল্প সদা টলে, পাছে লোকে কিছু বলে (সম্ভাবনা)

৩) **অনুসর্গ/পদান্বয়ী অব্যয়:** দিয়ে/ দ্বারা/ কর্তৃক/ থেকে/ চেয়ে/ তরে/ পানে/ মাঝে/ হেতু/ পর্যন্ত/ সহিত/ পক্ষে/ বিনা ইত্যাদি অনুসর্গ অব্যয়।

- সখিনাকে দিয়ে এ কাজ হবে না।

৪) **অনুকার/ধ্বন্যাত্মক অব্যয়:** ধ্বনি/আওয়াজ

- কড় কড়, ঝম ঝম, শন শন, মর মর, কা কা, খাঁ খাঁ, ঝাঁ ঝাঁ।

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'প্রচুর' শব্দের বিশেষ্য রূপ হলো-** [DU-7Clg: 2023-24]
A. প্রাচুর্য্য B. প্রাচুর্য
C. প্রাচুর্যতা D. প্রাচুর্য্যতা

**Ans B Analysis** 'প্রচুর' শব্দের বিশেষ্য রূপ হলো- প্রাচুর্য।

**02. পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে।" এখানে 'পড়ন্ত' কোন পদ?** [DU-7Clg: 2023-24]
A. বিশেষ্য B. বিশেষণ
C. ক্রিয়া বিশেষণ D. অব্যয়

**Ans B Analysis** যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা ও পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষণ পদ বলে। যেমন– মিরাজ ভালো ছেলে। এখানে ভালো হলো বিশেষণ পদ। পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে। এখানে পড়ন্ত বিশেষণ পদ।

**03. 'হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান'-এখানে 'দারিদ্র্য' কোন পদ?** [DU-7Clg: 2022-23]
A. বিশেষণ B. বিশেষ্য
C. সর্বনাম D. অব্যয়

**Ans B Analysis** 'হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান!' – এখানে 'দারিদ্র্য' শব্দটি বিশেষ্য পদ। দরিদ্র শব্দটি বিশেষণ, দরিদ্রতা বিশেষ্য।

**04. যৌগিক ক্রিয়ার উদাহরণ–** [DU-7Clg: 2018-19]
A. আমি প্রীত হলাম B. মা শিশুকে খাওয়াচ্ছেন
C. বাঁশি বাজে D. বৃষ্টি এসে গেল

**Ans D Analysis** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন: এখন যেতে পার।

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'চা জুড়িয়ে যাচ্ছে' বাক্যটিতে যৌগিক ক্রিয়ার ব্যবহার-**
A. অবিরাম অর্থে B. সমাপ্তি অর্থে
C. সম্ভবনা অর্থে D. ক্রমশ অর্থে

**Ans D Analysis** অসমাপিকা ক্রিয়ার পরে যা, পড়, দেখ লাগ ইত্যাদি ধাতু থেকে সমাপিকা ক্রিয়া গঠিত হয় উভয়ে মিলিত ভাবে যৌগিক ক্রিয়া তৈরি করে যেমন-

| ব্যঞ্জনা | উদাহরণ |
|---|---|
| ক্রমশ | চা জুড়িয়ে যাচ্ছে। |
| সমাপ্তি | বৃষ্টি থেমে গেল। |
| অবিরাম | বক্তা বক্তৃতা দিয়ে যাচ্ছে। |
| সম্ভাবনা | এখন খেলা যেতে পারে। |

**02. 'রুগ্ণ' বিশেষণের বিশেষ্য রূপ-**
A. রোগী B. রোগিনী
C. রোগাটে D. রোগ **D**

**03. 'বৃদ্ধ' বিশেষণ পদের বিশেষ্য রূপ-**
A. বৃদ্ধি B. বৃদ্ধা C. বৃহৎ D. বার্ধক্য

**Ans D Analysis** বৃদ্ধ হচ্ছে বিশেষ্য। বয়স হয়েছে যার-বৃদ্ধ।

**04. 'চটপট কাজ সেরে নাও'। -- এখানে 'চটপট' কোন পদ?**
A. ক্রিয়া B. ক্রিয়া বিশেষণ
C. অনুকার অব্যয় D. ধ্বন্যাত্মক বিশেষণ

**Ans B Analysis** ক্রিয়া বিশেষণ- যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন- ধীরে ধীরে বায়ু বয়, মনে মনে তুলনা করে দেখলাম, চটপট কাজ সেরে নাও।

**05. 'কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।' এটির সরল বাক্যে রূপান্তর করলে হয়-**
A. কাব্যজগতে আনন্দের নামই বেদনা
B. কাব্যজগতে আনন্দ- বেদনার নাম একই
C. কাব্যজগতের আনন্দ ও বেদনার নাম একই
D. কাব্যজগতে আনন্দের অপর নাম বেদনা **A**

**06. 'সে তার কত না দিনের কথা'- বাক্যে 'না' কোন প্রয়োজনে ব্যবহৃত হয়?**
A. না বোঝাতে B. অনুরোধ জানাতে
C. বিকল্প অর্থে D. পদ-পূরণে **D**

**07. 'তাজা মাছ'-এ 'তাজা' কোন ধরনের বিশেষণ-**
A. রূপবাচক B. গুণবাচক C. অবস্থাবাচক D. নির্দিষ্টতাজ্ঞাপক

**Ans C Analysis** যে বিশেষণ দিয়ে অবস্থা বোঝায়, তাকে অবস্থাবাচক বিশেষণ বলে। যেমন- চলন্ত ট্রেন, তরল পদার্থ, তাজা মাছ, রোগা ছেলে, মুমূর্ষু রোগী।

**08. 'ধ্বস্ত' বিশেষণ পদের বিশেষ্য রূপ-**
A. ধস B. ধ্বংস C. ধ্বস D. ধাষ্ট্য

**Ans B Analysis** এখানে 'ধ্বস্ত' বিশেষণ পদটির সঠিক বিশেষ্য রূপ হলো ধ্বংস। উল্লেখ্য 'ধস' পদটিও বিশেষ্য। যেহেতু বিনাশ অর্থে 'ধস' পদটি 'ধ্বংস' পদ থেকে উদ্ভূত হয়েছে সুতরাং অপশন b সঠিক উত্তর হবে।

**09. ধ্বন্যাত্মক অব্যয় নয় কোনটি?**
A. তির তির B. শির শির C. মড় মড় D. ধড়ফড়

**Ans D Analysis** যেসব অব্যয় শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যেমন- বজ্রের ধ্বনি-কড়কড়, মেঘের গর্জন-গুড়গুড় ইত্যাদি। অনুভূতিমূলক অব্যয়ও অনুকার অব্যয়ের শ্রেণিভুক্ত। যেমন- ঝাঁ ঝাঁ, খাঁ খাঁ ইত্যাদি।

**10. নিচের কোন্‌টি বিশেষণ?**
A. গণবিরোধী B. গণ-অভ্যুত্থান
C. গণ-আন্দোলন D. গণপিটুনি **A**

**11. 'সে জানে আমি কেমন।'- এই বাক্যের 'আমি কেমন'-**
A. বিশেষ্য স্থানীয় B. বিশেষণ স্থানীয় C. সর্বনাম স্থানীয় D. ক্রিয়া স্থানীয়

**Ans B Analysis** উপরিউক্ত বাক্যে 'আমি কেমন' অবস্থান বুঝাচ্ছে। সুতরাং এটি বিশেষণ স্থানীয়।



CamScanner

12. "জোর যার মুল্লুক তার" এখানে যার হচ্ছে–
A. যোজক
B. বিশেষ্য
C. সর্বনাম
D. অনুসর্গ

**Ans C Analysis** যে-সর্বনাম একে অন্যের ওপর নির্ভরশীল এবং দুটো বাক্যের দু জায়গায় বসে বাক্য দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে তাকে সাপেক্ষবাচক সর্বনাম বলে। যেমন: যে...সে, যা....তা যখন....তখন, যার....তার, যত....তত, যেমন....তেমন ইত্যাদি সাপেক্ষবাচক সর্বনাম পদ।

13. অবস্থাবাচক বিশেষণ কোনটি?
A. তাজা মাছ
B. বেলে মাটি
C. পাথুরে মূর্তি
D. কেমন অবস্থা

**Ans A Analysis**

বিশেষন পদ
→ নাম পদ
→ ভাব বিশেষণ

নাম পদ → অবস্থা বাচক বিশেষণ → তাজা মাছ, রোগা ছেলে, ঘোড়া পা

## PRIME TEST

01. বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে বলে-
A. দ্বিকর্মক ক্রিয়া
B. সমধাতুজ কর্ম
C. নামধাতু
D. মিশ্র কর্ম

02. দরিদ্র বিশেষণ শব্দটির বিশেষ্য রূপ কী?
A. দারিদ্র
B. দারিদ্র্য
C. দারিদ্র্যতা
D. দারিদ্রতা

03. 'সুন্দর সকলকে আকর্ষণ করে।' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ?
A. বিশেষণ
B. সর্বনাম
C. বিশেষ্য
D. অব্যয়

04. 'চিক্‌চিক্ করে বালি কোথা নাই কাদা।'- এই বাক্যে 'চিক্‌চিক্' শব্দটি কোন পদ?
A. বিশেষ্য
B. সর্বনাম
C. ক্রিয়া বিশেষণ
D. ধ্বন্যাত্মক অব্যয়

05. 'তবে যে ভারি ল্যাজ উঁচিয়ে পুটুস্ পাটুস্ চাও?' এই বাক্যে 'পুটুস পাটুস' শব্দটি কোন পদ?
A. বিশেষ্য
B. বিশেষণ
C. অব্যয়
D. ক্রিয়া

06. 'যে' কোন শ্রেনির সর্বনাম?
A. সংযোজজ্ঞাপক
B. সাকুল্যবাচক
C. আত্মবাচক
D. অনিশ্চয়তাসূচক

07. 'ব্যাঘাত' এর বিশেষণ-
A. বিঘ্ন
B. ব্যাহত
C. বিধেয়
D. প্রতিঘাত

08. 'বাজারে প্রচুর তাজা ইলিশ পাওয়া যাচ্ছে'- এখানে 'তাজা' কোন পদ?
A. গুণবাচক বিশেষণ
B. রূপবাচক বিশেষণ
C. অবস্থাবাচক বিশেষণ
D. অব্যয়ের বিশেষণ

09. 'যারা দেশের ডাকে সাড়া দিতে পারে, তারাই তো সত্যিকারের পুরুষ'- এখানে 'তারাই' কোন ধরনের পদ?
A. সর্বনাম
B. বিশেষণ
C. সংযোজক অব্যয়
D. বিশেষ্য

10. 'মন্দকে মন্দ বলতেই হবে।'- এ বাক্যের দুই 'মন্দ'
A. বিশেষ্য
B. প্রথমটি বিশেষ্য দ্বিতীয়টি বিশেষণ
C. বিশেষণ
D. প্রথমটি বিশেষণ দ্বিতীয়টি বিশেষ্য

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.B | 03.C | 04.C | 05.C | 06.A | 07.B | 08.C | 09.A | 10.B |

# উপসর্গ

টপিক ৩১

ব্যাকরণ

- উপসর্গ একটি অব্যয়। এর নিজস্ব কোনো অর্থ নেই। এরা একটি নির্দিষ্ট শব্দের পূর্বে বসে নতুন শব্দ গঠন করে।
- যেমন: "হার" একটি শব্দ। এর আগে "আ" উপসর্গ বসালে শব্দটি হয় "আহার" যার অর্থ খাওয়া।
- এজন্য বলা হয় "উপসর্গের নিজস্ব অর্থবাচকতা নেই, কিন্তু অর্থ দ্যোতকতা আছে"

❒ উপসর্গের কাজ:
১. নতুন শব্দ তৈরি করা
২. শব্দের অর্থের সংকোচন করা
৩. শব্দের অর্থের প্রসারণ করা
৪. শব্দের অর্থের পরিবর্তন করা
৫. শব্দের অর্থের পূর্ণতা সাধন করা।

❒ উপসর্গ ৩ প্রকার
১। বাংলা উপসর্গ ২। তৎসম / সংস্কৃত উপসর্গ ৩। বিদেশি উসপর্গ।
বিদ্র: (আ, সু, বি, নি) এই চারটি উপসর্গ (বাংলা + তৎসম) উভয় প্রকারের আছে।

| একাধিক উপসর্গ যোগে গঠিত শব্দগুলো | |
|---|---|
| অত্যহিত = অতি + অ | নিরপরাধ = নি + অপ |
| অত্যাচার = অতি + আ | পরাগত = পরা + আ |
| অত্যাশ্চর্য = অতি + আ | পরিসংখ্যান = পরি + সম |
| অনুপ্রবেশ = অনু + প্র | পর্যবেক্ষণ = পরি + অব |
| অনুসন্ধান = অনু + সম | সুবিচার = সু + বি |
| প্রত্যাগত = প্রতি + আ | সুসংবাদ = সু + সম |
| প্রত্যাদেশ = প্রতি + আ | সুস্বাগত = সু + সু + আ (৩টি) |
| প্রত্যাবর্তন = প্রতি + আ | সমভিব্যাহার |
| প্রত্যুপকার = প্রতি + উপ | = সম + অভি + বি + আ (৪টি) |

**বাংলা উপসর্গ**

| ক্রম. | উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|---|
| ১. | অ | নিন্দিত | অকেজো, অচেনা |
| ২. | অঘা | বোকা | অঘারাম, অঘাচণ্ডী |
| ৩. | অজ | নিতান্ত (মন্দ) | অজপাড়াগাঁ, অজপুকুর |
| ৪. | আ | অভাব | আকাঁড়া, আলুনি |
| ৫. | আড় | বক্র | আড়চোখ, আড়নয়নে |
| ৬. | আন | বিক্ষিপ্ত | আনচান, আনমনা |
| ৭. | আব | অস্পষ্টতা | আবছায়া, আবডাল |
| ৮. | কু | কুৎসিত/অপকর্ম | কুনজর, কুসঙ্গ |
| ৯. | নি | নাই/নেতি | নিখুঁত, নিলাভ |
| ১০. | বি | ভিন্নতা/নিন্দনীয় | বিভুঁই, বিপথ |
| ১১. | রাম | বড় বা উৎকৃষ্ট | রামছাগল, রামদা |
| ১২. | সু | উত্তম | সুনজর, সুকাজ |
| ১৩. | হা | অভাব | হাপিত্যেশ, হাভাত |

| বাংলা উপসর্গ ২১টি |
|---|
| অজ পাড়াগায়ের অ চেনা অঘা রাম ভর দুপুরে স লাজুক কন্যা কদ কু নি কে বি য়ে করে আড়া লে আব ডালে উনিশ (উন) দিন অনা হা রে আন মনা ছিল। এই ইতি হাস পাতি রাম জানতে পেরে তাদের সান্ত্বনা দিয়ে বললেন তোমাদের সু দিন আ সবেই। |



CamScanner

## তৎসম উপসর্গ

| ক্রম. | উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|---|
| ১. | প্র | প্রকৃষ্ট/সম্যক | প্রভাব, প্রচলন |
| ২. | অপ | বিপরীত | অপচয়, অপবাদ |
| ৩. | সম্ | সম্যকরূপে | সম্পূর্ণ, সমৃদ্ধ |
| ৪. | নি | আতিশয্য | নিদাঘ, নিদারুন |
| ৫. | অব | হীনতা | অবজ্ঞা, অবমাননা |
| ৬. | নির | অভাব | নিরক্ষর, নির্জীব, নিরহঙ্কার |
| ৭. | বি | বিশেষ রূপে | বিধৃত, বিশুদ্ধ |
| ৮. | সু | উত্তম | সুকণ্ঠ, সুকৃতি |
| ৯. | পরি | সম্যকরূপে | পরিশ্রান্ত, পরীক্ষা |
| ১০. | উপ | সামীপ্য | উপকূল, উপকণ্ঠ |
| | | সদৃশ | উপদ্বীপ, উপবন |
| ১১. | অভি | সম্যক | অভিব্যক্তি |
| ১২. | আ | পর্যন্ত | আমরণ, আসমুদ্র |
| | | বিপরীত | আদান, আগমন |

**তৎসম উপসর্গ ২০টি**

**সু** চরিত্রের **অভি** ও **অপি** **অতি** **দূর** থেকে তাদের **প্র** থম **পরা** জয়ের **সম** **পরি** মান **অপ**মান **অব** মাননা, **অনু** তাপ ও **উৎ** পীড়ন **নি** বারনের জন্য **প্রতি** দিন **নির** ক্ষর **উপ** নেতার **অধি** ষ্ঠানে **বি** চরন ও **আ** গমন করত।

## ফারসি উপসর্গ

| | | | |
|---|---|---|---|
| ১. | নিম্ | আধা | নিমরাজি, নিমখুন |
| ২. | ফি | প্রতি | ফি-রোজ, ফি-হপ্তা |
| ৩. | বদ্ | মন্দ | বদমেজাজ, বদহজম |
| ৪. | কম্ | স্বল্প | কমজোর, কমবখ্ত |

☐ **ফারসি উপসর্গ: ১০টি**

ফারসি দেশের **বর** বলেছেন **ফি**-বছরও **বদ** **নিমের** **দর** **কার** **কম** **বে** **না**।

## আরবি উপসর্গ

| | | | |
|---|---|---|---|
| ১. | খাস | বিশেষ | খাসমহল, খাসকামরা |
| ২. | গর্ | অভাব | গরমিল, গরহাজির |

☐ **আরবি উপসর্গ: ৬টি**

**খয়ের** খা তার **খাস** কামরায় **আম** জনতার সামনে **গর** ও **বাজে** হিসাব দিলে সবাই **লা** পাত্তা হয়ে গেল।

## ইংরেজি

| | | | |
|---|---|---|---|
| ১. | ফুল | পূর্ণ | ফুলহাতা, ফুল-বাবু |
| ২. | হাফ | আধা | হাফ টিকেট, হাফ স্কুল |

☐ **ইংরেজি উপসর্গ: ৪টি:**

**Sub** ইন্সপেক্টর তাঁর **Head** কনস্টাবলকে **Full** প্যান্ট ও **Half** হাতার শার্ট পরে আসতে বললেন।

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

**01. নিচের কোন শব্দে বিদেশি উপসর্গ রয়েছে?** [DU-7Clg: 2022-23]

A. বিদেশ B. কুকাজ
C. হরেক D. অনাগত

**Ans C Analysis** উপসর্গ সম্পর্কিত তথ্য:

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| হরেক (বিদেশি) | বিবিধ অর্থে | হরেকরকম, হরেকখাবার |
| বি (তৎসম) | ভিন্ন | বিদেশ |
| কু (বাংলা) | অপকর্ষ | কুকাজ |

**02. 'প্রভাত' শব্দটির মধ্যে 'প্র' এর পরিচয় কোনটি?** [DU-7Clg: 2022-23]

A. অনুসর্গ B. উপসর্গ
C. প্রত্যয় D. বিভক্তি

**Ans B Analysis** উপসর্গ সম্পর্কিত তথ্য:

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| প্র (তৎসম) | উৎকর্ষ | প্রভাত, প্রবাদ |

**03. 'নিমরাজি' শব্দে 'নিম' যে অর্থে ব্যবহৃত হয়েছে—** [DU-7Clg: 2021-22]

A. পূর্ণ B. অতিরিক্ত
C. একান্তভাবে D. আংশিক

**Ans D Analysis** উপসর্গ সম্পর্কিত তথ্য :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| নিম (ফারসি) | প্রায় অর্থে | নিমখুন |
| | অর্ধেক/আধা/আংশিক | নিমরাজি |

**04. নিচের যে শব্দটি উপসর্গযোগে গঠিত নয়—** [DU-7Clg: 2021-22]

A. আসন B. আনিন্দ্য
C. আবেগ D. আবোলা

**Ans A Analysis** √আস্ + আন = আসন (সংস্কৃত প্রত্যয় যোগে গঠিত)। 'অনিন্দ্য, আবেগ, অবোলা' উপসর্গযোগে গঠিত শব্দ।

**05. উপসর্গযোগে গঠিত শব্দের দৃষ্টান্ত হলো—** [DU-7Clg: 2019-20]

A. বড়াই B. উপর্যুপরি
C. গবাক্ষ D. প্রকল্প

**Ans D Analysis** 'প্র' উপসর্গের কয়েকটি প্রয়োগ:

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| প্র (তৎসম) | প্রকৃষ্ট/সম্যক অর্থে | প্রভাব, প্রজ্ঞা, প্রচলন, প্রস্ফুটিত। |
| | উৎকর্ষ অর্থে | প্রকৃষ্ট, প্রদর্শন, প্রবাদ, প্রমূর্ত, প্রভাত। |
| | খ্যাতি অর্থে | প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব, প্রকীর্তি, প্রখ্যাত। |
| | আধিক্য অর্থে | প্রগাঢ়, প্রসার, প্রকোপ, প্রচণ্ড, প্রমত্ত। |

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'প্রতিকৃতি' শব্দটির উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হত?**

A. সাদৃশ্য B. বিপরীত
C. ভিন্ন D. সম্মুখ

**Ans A Analysis** প্রতি উপসর্গটি তৎসম উপসর্গ। তৎসম অর্থাৎ সংস্কৃত উপসর্গ।

**প্রতি-**

**সাদৃশ্য অর্থে-** প্রতিমূর্তি, প্রতিকৃতি, প্রতিনিধি।
**বিরোধ অর্থে-** প্রতিবাদ, প্রতিকার, প্রতিশোধ।
**বিপরীত অর্থে-** প্রতিদান।
**পৌনঃপুন অর্থে-** প্রতিদিন, প্রতিক্ষণ।
**অনুরূপ অর্থে-** প্রতিঘাত, প্রত্যুপকার।



CamScanner

02. কোন চারটি উপসর্গ খাঁটি বাংলা ও তৎসম (সংস্কৃত) উভয় ক্ষেত্রে দেখা যায়?
A. সু, বি, নি, উৎ B. সু, অপি, নি, আ
C. সু, বি, নি, আ D. উপ, বি, নি, আ

**Ans C Analysis** আ, সু, বি, নি এই চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয় ভাষাতেই পাওয়া । এই উপসর্গগুলো যখন দেশি শব্দের সাথে ব্যবহৃত হয় তখন তা খাঁটি বাংলা উপসর্গ হয় এবং তৎসম শব্দের সঙ্গে যখন তখন তৎসম উপসর্গ হয়।

- বাংলা শব্দ: আকাশ, সুনজর, বিনামা, নিলাজ।
- তৎসম শব্দ: আকণ্ঠ, সুতীক্ষ্ণ, বিপক্ষ, নিদাঘ ।

03. 'আগমন' শব্দটির 'আ' কোন অর্থে ব্যবহৃত?
A. পর্যন্ত B. ঈষৎ
C. সদৃশ D. বিপরীত

**Ans D Analysis** গমন শব্দের অর্থ যাওয়া বিপরীতভাবে আগমন শব্দের অর্থ আসা: এজন্যই 'আ' উপসর্গটি বিপরীত অর্থে ব্যবহৃত হয়েছে।

04. কোন শব্দে 'উপ' উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত?
A. উপকণ্ঠ B. উপনদী
C. উপভাষা D. উপধর্ম

**Ans A Analysis** 'উপকণ্ঠ' শব্দে 'উপ' উপসর্গটি সমীপে অর্থে ব্যবহৃত হয়েছে। বাকি তিনটি শব্দে 'উপ' উপসর্গটি ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে।

05. অভাব বুঝিয়েছে কোন উপসর্গ-
A. বিবর্ণ B. বিশুদ্ধ
C. অনুজ D. বিক্ষেপ

**Ans A Analysis** 'বিবর্ণ' শব্দে তৎসম উপসর্গ 'বি' অভাব অর্থ প্রকাশ করেছে। 'বি' উপসর্গটি'বিশুদ্ধ' শব্দে বিশেষ রূপ অর্থে ও'বিক্ষেপ' শব্দে গতি অর্থে এবং 'অনুজ' শব্দে 'অনু' উপসর্গটি পশ্চাৎ অর্থে ব্যবহৃত হয়েছে।

06. 'রামদা' শব্দে 'রাম' উপসর্গটি ব্যবহৃত-
A. ধারালো অর্থে B. বৃহৎ অর্থে
C.ভয়ংকর অর্থে D. বিশেষ অর্থে

**Ans B Analysis** 'রাম' উপসর্গটি বাংলা।'রাম' শব্দের আগে বসে বড়/উৎকৃষ্ট অর্থে। যেমন- রামছাগল, রামদা, রামশিঙ্গা, রামবোকা।

07. 'উৎ' উপসর্গটি কোন শব্দে ভিন্নার্থে প্রযুক্ত?
A. উৎপন্ন B. উৎকোচ
C. উৎকট D. উৎপাত

**Ans A Analysis**

| উপসর্গ | অর্থ | ব্যবহার |
|---|---|---|
| উৎ | অপকর্ষ | উৎকোচ, উৎকট, উৎপাত |
| | প্রস্তুতি | উৎপাদন, উচ্চারণ |
| | আতিশয্য | উচ্ছেদ, উত্তপ্ত, উৎফুল্ল, উৎপীড়ন |
| | ঊর্ধ্বমুখিতা | উদ্যম, উন্নতি, উৎক্ষেপন, উত্তোলন |

08. 'কদবেল' শব্দে 'কদ্' উপসর্গটি ব্যবহৃত হয়েছে–
A. ক্ষুদ্র অর্থে B. অন্যরকম অর্থে
C. নিন্দিত অর্থে D. অভাব অর্থে
**C**

09. কোন্ শব্দটি উপসর্গ সহযোগে গঠিত নয়-
A. প্রত্যক্ষ B. প্রতিরক্ষা
C. প্রতিরোধ D. প্রতিযোগী

**Ans A Analysis** সব কয়টি শব্দই উপসর্গের মাধ্যমে গঠিত, কিন্তু 'প্রত্যক্ষ' শব্দটিতে (প্রতি + অক্ষ = প্রত্যক্ষ) সন্ধি সাহায্য করেছে। উপসর্গ, প্রত্যয় বা সমাসের জন্য 'সন্ধি' একটি সহায়ক প্রক্রিয়া।

10. 'বিনির্মাণ'শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত হয়েছে?
A. ইতিবাচক B. নেতিবাচক
C. সংকোচন D. প্রসারণ

**Ans D Analysis** উক্ত উপসর্গটি বৃদ্ধি অর্থে ব্যবহৃত হয়েছে।

11. উপসর্গযুক্ত শব্দ-
A. কুজন B. কুসুম
C. কুলীন D. কুশল

**Ans A Analysis** জন শব্দের কু উপসর্গ যুক্ত হয়ে বিশেষ অর্থ প্রকাশ ক... কুজন শব্দটি গঠিত। এটি উপসর্গযুক্ত শব্দ। বাকি দুটো প্রত্যয় সাধিত এ... শেষেরটি মৌলিক শব্দ।

12. 'অপ' উপসর্গঘটিত কোন শব্দের অর্থ ইতিবাচক?
A. অপমান B. অপসারণ
C. অপযশ D. অপরূপ

**Ans D Analysis** অপরূপ শব্দের অর্থ- চমৎকার বা সুন্দর। তাই অপরূ... শব্দে অপ উপসর্গটির অর্থ ইতিবাচকরূপে পাওয়া যায়।

## PRIME TEST

01. নিচের কোনটি বিদেশি উপসর্গ নয়?
A. বাজে B. কদ্
C. বর D. আম

02. কোন শব্দটি সংস্কৃত উপসর্গ যোগে গঠিত?
A. পাঁতিহাস B. প্রভাত
C. রামদা D. নিখোঁজ

03. বাংলা উপসর্গ কোনটি?
A. প্র- B. কদ-
C. অপ- D. নিম-

04. 'সমভিব্যাহার' শব্দের উপসর্গ কয়টি?
A. ২টি B. ৩টি
C. ৪টি D. ৫টি

05. 'অপ' উপসর্গটিতে কোন শব্দের অর্থ ইতিবাচক?
A. অপমান B. অপসারণ
C. অপযশ D. অপরূপ

06. কোনটি তৎসম উপসর্গ নয়?
A. প্রতি B. অতি
C. প্র. D. অঘা

07. উপসর্গযোগে গঠিত শব্দ-
A. প্রতীক B. পঙ্কজ
C. আবাদ D. বিবাদ

08. 'আগমন' শব্দটির 'আ' কোন অর্থে ব্যবহৃত?
A. পর্যন্ত B. ঈষৎ
C. সদৃশ D. বিপরীত

09. উপসর্গজাত শব্দ-
A. অঞ্জলি B. অঙ্কুর
C. অনশন D. অনাচার

10. 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গ কী অর্থ নির্দেশ করে?
A. না B. পুরো
C. কম D. যথেষ্ট

| OMR SHEET | | |
|---|---|---|
| | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

### ANS ANALYSIS

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.B | 03.B | 04.C | 05.D | 6.D | 07.D | 08.D | 09.D | 10.C |



CamScanner

# সমাস

টপিক ৩২ ব্যাকরণ

⊙ **মূলকথা:**

- সমাস শব্দের অর্থ- সংক্ষেপণ।
- সমাস বাক্যকে - সংক্ষেপ করে।
- দুই বা ততোধিক পদ এক পদে পরিণত হওয়াকে সমাস বলে।
- সমাস এর রীতি= সংস্কৃত থেকে বাংলায় এসেছে।
- সমাস - ৬ প্রকার।
  ১। দ্বন্দ্ব ২। দ্বিগু ৩। তৎপুরুষ ৪। কর্মধারয় ৫। বহুব্রীহি ৬। অব্যয়ীভাব
- 'দ্বিগু' সমাসকে অনেকে 'কর্মধারয়' সমাস বলে।
- 'কর্মধারয়কে' কেউ কেউ 'তৎপুরুষ সমাস বলে।

⊙ **যা জানতে হবে**

সিংহ চিহ্নিত আসন = সিংহাসন

- সিংহাসন = সমস্তপদ (সমাস নিষ্পন্ন পদ)
- সিংহ চিহ্নিত আসন = ব্যাসবাক্য (বিগ্রহবাক্য)
- সিংহ = পূর্বপদ
- আসন = পরপদ/উত্তরপদ

**কোন সমাস কোন পদ প্রধান**

উভয়পদ প্রধান = দ্বন্দ্ব সমাস

কোনোপদ প্রধান নয় = বহুব্রীহি সমাস

পূর্বপদ প্রধান = অব্যয়ীভাব সমাস

পরপদ প্রধান = দ্বিগু, তৎপুরুষ, কর্মধারয় সমাস।

## দ্বন্দ্ব সমাস

**সূত্র:** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থ প্রাধান্য পায়।

| | |
|---|---|
| মিলনার্থক দ্বন্দ্ব | চা-চিনি, দুধ-ভাত |
| সমার্থক দ্বন্দ্ব | হাট-বাজার, ঘর-বাড়ি |
| বিপরীতার্থক দ্বন্দ্ব | আয়-ব্যয়, জমা-খরচ |
| বিরোধার্থক দ্বন্দ্ব | অহি-নকুল, দা-কুমড়া |
| সংখ্যাবাচক দ্বন্দ্ব | নয়-ছয়, সাত-পাঁচ |
| বহুপদী দ্বন্দ্ব | সাহেব-বিবি-গোলাম |
| অলুক দ্বন্দ্ব | দুধে-ভাতে, মায়ে-ঝিয়ে |
| দুটি ক্রিয়া যোগে দ্বন্দ্ব | আসা-যাওয়া, দেখা-শোনা |

## দ্বিগু সমাস

**সূত্র:** মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাই দ্বিগু সমাস।

| | |
|---|---|
| তিন ফলের সমাহার | ত্রিফলা |
| চার রাস্তার সমাহার | চৌরাস্তা |
| পঞ্চ ভূতের সমাহার | পঞ্চভূত |
| সপ্ত অহের সমাহার | সপ্তাহ |

**দেখে পার কিনা:** ত্রিপদী, পঞ্চবটী, পঞ্চনদ, ত্রিভুজ, তেমাথা, অষ্টধাতু, চতুরঙ্গ, ত্রিমোহিনী, শতাব্দী, ত্রিকাল, নবরত্ন, চতুর্ভুজ, তেরনদী, চৌমোহনা, পসুরী, সপ্তর্ষি, ষড়ঋতু।

## তৎপুরুষ সমাস

**সূত্র:** তৎপুরুষ জানার আগে বিভক্তি জানা ফরয।

**তৎপুরুষ (৯) প্রকার**

| প্রকার | বিভক্তি | উদাহরণ |
|---|---|---|
| দ্বিতীয়া তৎপুরুষ | কে/রে | বিপদকে আপন্ন = বিপদাপন্ন |
| তৃতীয়া তৎপুরুষ | দ্বারা/দিয়া/কর্তৃক | মনগড়া = মন দিয়ে গড়া |
| চতুর্থী তৎপুরুষ | কে/রে/জন্য/নিমিত্তে | গুরুকে ভক্তি = গুরুভক্তি |
| পঞ্চমী তৎপুরুষ | হতে/থেকে/চেয়ে | বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত |
| ষষ্ঠী তৎপুরুষ | র/এর | চায়ের বাগান = চা-বাগান |
| সপ্তমী তৎপুরুষ | এ/য়/তে | গাছে পাকা = গাছ পাকা। |

⊙ **দেখ পার কিনা:**

শরণাপন্ন, কলাবেচা, রথদেখা, মধুমাখা, শ্রমলব্ধ, রান্নাঘর, ডাকমাশুল, ঋণমুক্ত, জেলমুক্তি, খাঁচাছাড়া, ধানক্ষেত, পাটক্ষেত, বিড়ালছানা, রাতকানা, ভোজনপটু, তালকানা।

⊙ **অলুক তৎপুরুষ**

ঘোড়ার ডিম, কলের গান, সাপের পা, মনের মানুষ, কলে ছাঁটা, তেলে ভাজা, ঘিয়ে ভাজা, গরুর গাড়ি, গায়ে পড়া।

⊙ **নঞ তৎপুরুষ**

না বাচক অব্যয় পূর্বে বসে যে তৎপুরুষ হয় তাকে নঞ্ তৎপুরুষ সমাস বলে।

যেমন: ন-আচার = অনাচার ;

নয় কাতর = অকাতর

⊙ **উপপদ তৎপুরুষ**

কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয় তাই উপপদ তৎপুরুষ।

যেমন: ধামা ধরে যে = ধামা ধরা।

⊙ **তৎপুরুষের ব্যতিক্রম**

১. চিরসুখী = চিরকাল ব্যাপিয়া সুখী (ব্যাপ্তি অর্থে ২য়া তৎপুরুষ)

২. উন, হীন, শূন্য থাকলে তৃতীয়া তৎপুরুষ হয়।

যেমন: একোন, বিদ্যাহীন, জ্ঞানশূন্য।

⊙ **উপমান, উপমিত সহজে চেনার উপায়:** উপমানের ন্যায় মাঝখানে থাকবে আর সত্য কথা হবে। যেমন- তুষার শুভ্র- তুষারের ন্যায় শুভ্র। তাহলে বরফ সাদার ন্যায় সত্য। আর উপমিতে 'ন্যায়' শেষে থাকে এবং মিথ্যা হবে। যেমন- মুখচন্দ্র- মুখ চন্দ্রের ন্যায়। এখানে মুখ কখনো চন্দ্রের মতো হয় না। তাহলে এটা মিথ্যা।

## কর্মধারয় সমাস

➤ বিশেষ্য ও বিশেষ্য ভাবাপন্ন পদের সাথে বিশেষণ ও বিশেষণ ভাবাপন্ন পদের যে সমাস হয় তাকে কর্মধারয় সমাস বলে।

⊙ **বিশেষ নিয়মে সাধিত কর্মধারয়:**

মহান যে রাজা = মহারাজ    কু যে আচার = কদাচার

মহান যে নবি = মহানবি    মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান

সুন্দরী যে লতা = সুন্দর লতা    মহতী যে কীর্তি = মহাকীর্তি

যিনি জজ তিনিই সাহেব = জজসাহেব

☞ **কর্মধারয় ৪ প্রকার:**

❶ **উপমান কর্মধারয়:** সাধারণ ধর্মবাচক পদের সঙ্গে উপমান বাচক পদের যে সমাস হয় তাই উপমান কর্মধারয়।

কাজলকালো, অরুণরাঙা, তুষারশুভ্র, ভ্রমরকৃষ্ণ, কুসুমকোমল, শশব্যস্ত, বজ্রকঠিন, তুষারশীতল, হরিণচপল, বরফশীতল, ঘনশ্যাম।

❷ **উপমিত কর্মধারয়:** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাই উপমিত কর্মধারায়। যেমন-

মুখচন্দ্র, পুরুষসিংহ, ফুলকুমারী, অধরপল্লব, সোনামুখ, পদ্মলোচন, ওলকপি, করপল্লব।

❸ **রূপক কর্মধারয়:** উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়। রূপকে রূপ কথাটি থাকবে।

| ব্যাসবাক্য | সমস্তপদ |
|---|---|
| মন রূপ মাঝি | মনমাঝি |
| বিষাদ রূপ সিন্ধু | বিষাদসিন্ধু |

এভাবে- সুখসাগর, জীবনপ্রদীপ, পরাণপাখি, প্রেমডোর, শোকানল, ভবনদী, মোহনিদ্রা, ক্রোধানল, জ্ঞানবৃক্ষ।



CamScanner

❹ মধ্যপদলোপী কর্মধারয়:

| ব্যাসবাক্য | সমস্তপদ |
|---|---|
| ঘরে পালিত জামাই | ঘরজামাই |
| মোম নির্মিত বাতি | মোমবাতি |
| সংবাদ বিষয়ক পত্র | সংবাদপত্র |

এভাবে- স্মৃতিসৌধ, সাহিত্যসভা, মৌমাছি, শিক্ষামন্ত্রী, রাষ্ট্রনীতি, জোৎস্নারাত, চিনিকল, ধর্মঘট, জীবনবীমা, রেলগাড়ি, গোবরগণেশ, বৌভাত, একাদশ।

## বহুব্রীহি সমাস

⊙ **বিশেষ নিয়মে সাধিত বহুব্রীহি:**

| | |
|---|---|
| কমলের ন্যায় অক্ষি যার = কমলাক্ষ | পদ্ম নাভিতে যার = পদ্মনাভ |
| চন্দ্র চূড়া যার = চন্দ্রচূড় | বিচিত্র কর্ম যার = বিচিত্র কর্মা |
| যুবতী জায়া যার = যুবজানি | নদী মাতা যারদ = নদীমাতৃক |
| বিগত হয়েছে পত্নী যার = বিপত্নীক | মৎস্যের ন্যায় গন্ধ যার = মৎস্যগন্ধা |
| স্ত্রীর সহিত বর্তমান যা = সস্ত্রীক | |

⊙ **বহুব্রীহি সমাস ৮ প্রকার**

| প্রকারভেদ | সংজ্ঞা | উদাহরণ |
|---|---|---|
| সমানাধিকরণ বহুব্রীহি | পূর্বপদে বিশেষণ ও পরপদে বিশেষ্য হবে। | যেমন: নীল কণ্ঠ যার = নীলকণ্ঠ |
| ব্যাধিকরণ বহুব্রীহি | পূর্ব+পরপদ কোনটি বিশেষণ নয়। | যেমন: বীণা পাণিতে যার = বীণাপাণি |
| ব্যতিহার বহুব্রীহি | পূর্বপদে আ-কার + পরপদে ই-কার হবে। | যেমন: হাতাহাতি, কানাকানি, লাঠালাঠি, |
| সংখ্যাবাচক বহুব্রীহি | পূর্বপদে সংখ্যা, পর পদে বিশেষ্য থাকে এবং সমস্ত পদ বিশেষণ হবে। | যেমন: তেপায়া, চৌচালা, সেতার, চারহাতি, দশগজি |
| নঞ বহুব্রীহি | না অর্থবোধক অব্যয়যোগ | যেমন: বেহেড, নির্ভুল, বেতার, অজ্ঞান, অবিশ্বাস |
| মধ্যপদলোপী বহুব্রীহি | সমস্তপদ লোপ পায় | যেমন: নবান্ন, সোনামুখী, বিড়ালচোখী ইত্যাদি |
| প্রত্যয়ান্ত বহুব্রীহি | সমস্ত পদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত থাকে | যেমন: দোটানা, একচোখা, ঘরমুখো, দোনলা ইত্যাদি |
| অলুক বহুব্রীহি | পূর্বপদের বিভক্তি লোপ হয় না | যেমন: মুখেভাত, গলায় গামছা, মাথায় ছাতা, কানে খাটো |
| নিপাতনে সিদ্ধ বহুব্রীহি | নিয়ম মানে না | দ্বীপ, অন্তরীপ, জীবন্মৃত, নরপশু, পণ্ডিতমূর্খ |

⊙ **এভাবে নিচের বহুব্রীহিগুলো চেষ্টা কর :** সুশ্রী, পীতাম্বর, হাসাহাসি, চুলাচুলি, দশানন, চারহাতি, আশীবিষ, কথাসর্বস্ব, হৃতসর্বস্ব, খোশমেজাজ, বদবখত, হতশ্রী, জবরদস্তি।

## অব্যয়ীভাব সমাস

✷ পরপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থ প্রাধান্য পায় তাই অব্যয়ীভাব।

| অর্থ | ব্রাকেট | উদাহরণ |
|---|---|---|
| পর্যন্ত | (আ) | মরণ পর্যন্ত = আমরণ |
| পশ্চাৎ | (অনু) | পশ্চাৎ গমন= অনুগমন |
| সদৃশ | (উপ) | শহরের সদৃশ=উপশহর |
| সমীপে | (উপ) | কূলের সমীপে=উপকূল |
| ক্ষুদ্র | (উপ) | গ্রহের ক্ষুদ্র=উপগ্রহ |
| বিরুদ্ধ | (প্রতি) | বিরুদ্ধ কূল= প্রতিকূল |
| প্রতিনিধি | (প্রতি) | ছবির প্রতিনিধি=প্রতিচ্ছবি |
| অতিক্রম | (যথা) | রীতিকে অতিক্রম না করে=যথারীতি |
| ঈষৎ | (আ) | ঈষৎ নত=আনত |
| বীপ্সা | (অনু)/(প্রতি) | দিন দিন = প্রতিদিন |

**চেষ্টাকর:** আসমুদ্রহিমাচল, অনুধাবন, উপজেলা, উপকণ্ঠ, উপবন, উপনদী, প্রতিবাদ, প্রতিচ্ছায়া, যথাবিধি, যথাসাধ্য, আরক্তিম, হররোজ, ফিকানীল, প্রতিক্ষণ, হাভাত, নিরামিষ।

## প্রাদি সমাস

⊙ প্র, পরি, অনু প্রভৃতি উপসর্গ যোগে গঠিত শব্দ-ই প্রাদি সমাস। যেমন:

প্রভাত – প্রকৃষ্টরূপে যে ভাত
পরিভ্রমণ – পরি যে ভ্রমণ
অনুতাপ – অনুতে যে তাপ
উপাচার্য – উপ যে আচার্য

## নিত্য সমাস

➢ যার ব্যাসবাক্যের দরকার হয় না তাকে নিত্য সমাস বলে।
যেমন: অন্য গৃহ, অন্য গ্রাম, দেশান্তর, কালতুল্য সাপ, যুগান্তর, কালসাপ, দুই এবং নব্বই, সে তুমি ও আমি, গ্রামযুদ্ধ, দর্শনমাত্র, কেবলমাত্র।

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'যথাসাধ্য' সমস্তপদটি কোন সমাসের?** [DU-7Clg: 2023-24]
A. তৎপুরুষ B. বহুব্রীহি
C. কর্মধারয় D. অব্যয়ীভাব

**Ans D Analysis** যে সমাসে উপপদে অব্যয় থাকে এবং অব্যয়ের অর্থই প্রাধান্য পায় তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন: সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য' সমস্তপদটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ।

**02. 'অন্তরীপ' শব্দটি কোন সমাসের উদাহরণ?** [DU-7Clg: 2022-23]
A. অব্যয়ীভাব B. কর্মধারয়
C. তৎপুরুষ D. বহুব্রীহি

**Ans D Analysis** অন্তর্গত অপ যার = অন্তরীপ (নিপাতনে সিদ্ধ বহুব্রীহি)। এরকম: দু দিকে অপ যার = দ্বীপ। জীবিত থেকে যে মৃত = জীবন্মৃত।

**03. 'কুসুমের ন্যায় কোমল' ব্যাসবাক্যটি কোন সমাস?** [DU-7Clg: 2022-23]
A. উপমিত কর্মধারয় B. উপমান কর্মধারয়
C. মধ্যপদলোপী কর্মধারয় D. তৎপুরুষ কর্মধারয়

**Ans B Analysis** সাধারণ ধর্মবাচক পদের সঙ্গে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন: কুসুমের ন্যায় কোমল = কুসুমকোমল।

**04. 'অরুণরাঙা' যে কর্মধারয় সমাসের উদাহরণ–** [DU-7Clg: 2020-21]
A. রূপক B. মধ্যপদলোপী
C. উপমিত D. উপমান

**Ans D Analysis** সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমান বাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন : ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে 'ভ্রমর' উপমান এব 'কেশ' উপমেয় এবং 'কৃষ্ণত্ব' হলো সাধারণ ধর্ম।

**05. 'ভালোমন্দ' যে সমাসের উদাহরণ–** [DU-7Clg: 2018-19]
A. বহুব্রীহি B. দ্বন্দ্ব
C. দ্বিগু D. কর্মধারয়

**Ans B Analysis** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। ভালো ও মন্দ = ভালো-মন্দ।

**06. 'করকমল' যে সমাসের উদাহরণ–** [DU-7Clg: 2017-18]
A. উপমান কর্মধারয় B. উপমিত কর্মধারয়
C. রূপক কর্মধারয় D. মধ্যপদলোপী কর্মধারয়

**Ans B Analysis** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সঙ্গে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন: কর কমলের ন্যায় = করকমল, চরণপদ্ম = চরণ পদ্মের ন্যায়।



CamScanner

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. অব্যয়ীভাব সমাসের উদাহরণ-**

A. প্রশিক্ষিত
B. যথারীতি
C. জনৈক
D. সপ্তাহ

**Ans B Analysis** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থের প্রাধান্য থাকে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন: মরণ পর্যন্ত = আমরণ।

**02. প্রত্যক্ষ বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলে-**

A. উপমান
B. উপমিত
C. উপমেয়
D. উপমা

**Ans C Analysis** উপমান- যার সাথে তুলনা দেওয়া হয়
উপমিত- যাকে তুলনা দেওয়া হয়।
সাধারণ ধর্ম- যে গুণের তুলনা দেওয়া হয়।
☞ বরফের ন্যায় শীতল- বরফশীতল→ উপমান কর্মধারয়।
☞ অরুণের ন্যায় রাঙা- অরুণরাঙা→ উপমান কর্মধারয়।
☞ কর পল্লবের ন্যায়- করপল্লব → উপমিত কর্মধারয়।
☞ পুরুষ সিংহের ন্যায়- পুরুষসিংহ→ উপমিত কর্মধারয়।

**03. বহুব্রীহি সমাসদ্বারা নিষ্পন্ন শব্দ-**

A. রাজেন্দ্র
B. গায়েপড়া
C. পকেটমার
D. হৃতসর্বস্ব

**Ans D Analysis** হৃত (লুট) হয়েছে সর্বস্ব যার-হৃতসর্বস্ব-সমানাধিকরণ বহুব্রীহি সমাস।

**04. 'হা-ঘরে' কোন সমাস?**

A. দ্বন্দ্ব
B. তৎপুরুষ
C. বহুব্রীহি
D. দ্বিগু

Ⓒ

**05. 'উপাচার্য' শব্দটি কোন্ সমাসসাধিত?**

A. উপপদ তৎপুরুষ
B. অলুক তৎপুরুষ
C. বহুব্রীহি
D. প্রাদি তৎপুরুষ

**Ans D Analysis** প্রাদি সমাসের শুরুতে প্র, পরা ইত্যাদি উপসর্গ থাকে। যেমন: প্রবচন- প্রকৃষ্ট যে বচন। 'উপাচার্য' শব্দটি প্রাদি ও অব্যয়ীভাব-দুটো সমাসের আওতাভুক্ত।

**06. দ্বিগু সমাস কোনটি?**

A. আপাদমস্তক
B. রুই কাতলা
C. একরোখা
D. সেতার

**Ans D Analysis** কয়েকটি গুরুত্বপূর্ণ সমাস:

| সমস্ত-পদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| আপাদমস্তক | পা থেকে মাথা পর্যন্ত | অব্যয়ীভাব সমাস |
| রুই কাতলা | রুই ও কাতলা | দ্বন্দ্ব সমাস |
| এক রোখা | এক দিকে রোখ যার | বহুব্রীহি |
| সেতার | তিন তারের সমাহার | দ্বিগু সমাস |

**07. 'শিক্ষামন্ত্রী' কোন সমাসের উদাহরণ?**

A. মধ্যপদলোপী কর্মধারয়
B. উপমান কর্মধারয়
C. উপমিত কর্মধারয়
D. রূপক কর্মধারয়

**Ans A Analysis** মধ্যপদের লোপ পেয়ে যে কর্মধারয় সমাস হয় তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন: শিক্ষামন্ত্রী শিক্ষা বিষয়ক মন্ত্রী।

**08. 'ঘানির তেল' কোন সমাস?**

A. উপপদ তৎপুরুষ
B. দ্বিতীয়া তৎপুরুষ
C. নিত্য তৎপুরুষ
D. অলুক পঞ্চমী তৎপুরুষ

**Ans D Analysis** কয়েকটি গুরুত্বপূর্ণ তৎপুরুষ সমাস:
• বিলাত থেকে ফেরত = বিলাতফেরত।
• পদ থেকে চ্যুত = পদচ্যুত।
• প্রাণের চেয়ে অধিক = প্রানাধিক।
• প্রাণের চেয়ে প্রিয় = প্রাণপ্রিয়।
• আগা থেকে গোড়া = আগাগোড়া।

**09. 'ভাষাতত্ত্ব' কোন সমাসের উদাহরণ?**

A. মধ্যপদলোপী কর্মধারয়
B. দ্বিগু
C. উপমান কর্মধারয়
D. অব্যয়ীভাব

**Ans A Analysis** **মধ্যপদলোপী কর্মধারয় সমাস:** যে সমাসে সমাসবদ্ধ পদটি যে রূপ তাতে ব্যাসবাক্যের মধ্যে ব্যাখ্যামূলক পদগুলি থাকে না।
যেমন: রান্না ঘর = রান্না করার ঘর।
ভাষাতত্ত্ব = ভাষার জন্য যে তত্ত্ব।
☞ **দ্বিগু সমাস:** যে সমাসে পূর্ব পদে সংখ্যাবাচক এবং উত্তর পদে সমাহার বা সমষ্টি বুঝায় থাকে দ্বিগু সমাস বলে। যেমন: ত্রিপদী = ত্রি পদের সমাহার, সপ্তর্ষি = সপ্ত ঋষির সমাহার
☞ **উপমান কর্মধারয়:** যে সমাসে সাধারণ ধর্মবাচক পদের সাথে কোন ব্যক্তি/বস্তুর উপমান বা তুলনা করা হলে তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন: তুষার শুভ্র = তুষারের ন্যায় শুভ্র বকধার্মিক = বকের ন্যায় ধার্মিক।
☞ **অব্যয়ীভাব সমাস:** যে সমাসে পূর্ব পদে অব্যয় থাকে এবং অব্যয়ের অর্থই প্রধান তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন: উপকণ্ঠ = কণ্ঠের সমীপে, প্রতিদিন = দিন দিন

**10. সমাসবদ্ধ শব্দটিকে বলা হয়-**

A. বিগ্রহবাক্য
B. সমস্তপদ
C. সমস্যমান পদ
D. পূর্বপদ

**Ans B Analysis** একাধিক পদের মিলন ও একপদীকরণকেই সমাস বলে।
• সমাসনিষ্পন্ন শব্দটিকে বলা হয়- সমস্তপদ।
• সমস্তপদকে ভাঙলে যে বাক্য পাওয়া যায়, তাকে বিগ্রহবাক্য বা সমাসবাক্য বা ব্যাসবাক্য বলে।
• ব্যাসবাক্যের প্রতিটি অংশকে আলাদাভাবে সমস্যমান পদ বলে।
• সমস্তপদের প্রথম অংশকে পূর্বপদ এবং পরের অংশকে পরপদ বলা হয়।
যথা:




**11. 'সুগন্ধি' কোন্ সমাস?**

A. বহুব্রীহি
B. দ্বন্দ্ব
C. তৎপুরুষ
D. অব্যয়ীভাব

**Ans A Analysis** **বহুব্রীহি সমাস:** যে সমাসে পূর্বপদ এবং পরপদ, কোনো পদের অর্থই প্রাধান্য পায় না, একটি নতুন অর্থ প্রাধান্য পায় তাকেই বহুব্রীহি সমাস বলে। অন্য দিকে মন যার = অন্যমনস্ক।
যেমন: সু গন্ধ আছে যার = সুগন্ধি। কপোত এর ন্যায় অক্ষ যার = কপোতাক্ষ।

**12. 'দেশান্তর' কোন সমাসের উদাহরণ?**

A. উপপদ
B. প্রাদি
C. নিত্য
D. উপমান

**Ans C Analysis** নিত্য সমাস: যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে।
উদাহরণ: অন্য গ্রাম-গ্রামান্তর, কালান্তর = অন্য কাল, যুগান্তর = অন্য যুগ।

**13. 'ভূতপূর্ব' কোন সমাসের উদাহরণ?**

A. কর্মধারয়
B. অব্যয়ীভাব
C. তৎপুরুষ
D. বহুব্রীহি

**Ans C Analysis** • ভূতপূর্ব- পূর্বে ভূত- সপ্তমী তৎপুরুষ সমাস।
• কবিশ্রেষ্ঠ- কবিদের মধ্যে শ্রেষ্ঠ- ষষ্ঠ তৎপুরুষ সমাস।
• গাছপাকা- গাছে পাকা- সপ্তমী তৎপুরুষ সমাস।
• দেশপলাতক- দেশ হতে পলাতক- পঞ্চমী তৎপুরুষ সমাস।
• ঋণমুক্তি - ঋণ থেকে মুক্তি- পঞ্চমী তৎপুরুষ সমাস।
• বিদ্যাহীন- বিদ্যা দ্বারা হীন- তৃতীয় তৎপুরুষ সমাস।



CamScanner

14. 'দুর্ভিক্ষ'র সঠিক ব্যাসবাক্য-

A. খাদ্যের অভাব
B. ভিক্ষার অভাব
C. ভীষণ খাদ্যাভাব
D. ভিক্ষুকের অভাব

**Ans B Analysis** কয়েকটি গুরুত্বপূর্ণ ব্যাসবাক্য:

- দুর্ভিক্ষ -ভিক্ষার অভাব
- গরমিল- মিলের অভাব।
- হাভাত- ভাতের অভাব।
- নিরামিষ - আমিষের অভাব।
- বিশ্রী - শ্রীর অভাব।
- আনুনি- নুনের অভাব।

15. 'কালান্তর' কোন সমাস?

A. বহুব্রীহি
B. কর্মধারয়
C. দ্বিগু
D. নিত্য

**Ans D Analysis** যে সমাসের ব্যাসবাক্য দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন: ঈষৎ লাল- লালচে, অন্য দেশ- দেশান্তর, কেবল দর্শন- দর্শন মাত্র, অন্য কাল- কালান্তর, সমস্ত গ্রাম- গ্রামশুদ্ধ। অন্য যুগ-যুগান্তর।

## PRIME TEST

01. রূপক কর্মধারয়ের উদাহরণ-

A. কুসুমকোমল
B. রাজর্ষি
C. সুখসাগর
D. বিড়ালতপস্বী

02. নিচের কোনটি দ্বিগু সমাসের উদাহরণ?

A. সিংহ চিহ্নিত আসন = সিংহাসন
B. ফুলে গাছ = ফুলগাছ
C. পঞ্চ বটের সমাহার = পঞ্চবটি
D. বনে চরে যে = বানর

03. 'সংবাদপত্র' কোন সমাস?

A. মধ্যপদলোপী কর্মধারয়
B. দ্বন্দ্ব সমাস
C. অব্যয়ীভাব সমাস
D. বহুব্রীহি সমাস

04. অব্যয়ীভাব সমাসের উদাহরণ কোনটি?

A. অনুমান
B. সেতার
C. অজানা
D. বিপদাপন্ন

05. কর্মধারয় সমাসে কোন পদের অর্থের প্রাধান্য থাকে?

A. অন্যপদ
B. উভয়পদ
C. পূর্বপদ
D. পরপদ

06. 'রক্তারক্তি'-এই সমাসবদ্ধ পদ বা সমস্তপদের ব্যাসবাক্য-

A. রক্ত দ্বারা রক্তি
B. রক্তের প্রবাহ
C. পরস্পরের রক্তপাত
D. বহুলোকের রক্তপাত

07. দ্বিগু সমাসে কোন পদের প্রাধান্য থাকে?

A. পূর্বপদ
B. পরপদ
C. উভয়পদ
D. অন্যপদ

08. 'উপাচার্য' শব্দটি কোন সমাস সাধিত?

A. উপপদ তৎপুরুষ
B. অলুক তৎপুরুষ
C. বহুব্রীহি
D. প্রাদি

09. কোনটি তৎপুরুষ সমাস?

A. জনমানব
B. মহাকাব্য
C. শতাব্দী
D. মন্ত্রমুগ্ধ

10. 'ধামাধরা' শব্দটি কোন সমাস?

A. সমানাধিকরণ বহুব্রীহি
B. উপপদ তৎপুরুষ
C. বিরোধার্থক দ্বন্দ্ব
D. মধ্যপদলোপী কর্মধারয়

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | [illegible] |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.C | 02.C | 03.A | 04.A | 05.D | 06.C | 07.B | 08.D | 09.D | 10.B |

# বাক্য প্রকরণ

টপিক ৩৩

যে পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনের ভাব সম্পূর্ণ রূপে প্রকাশ পায় তাই বাক্য। একটি সার্থক বাক্যের ৩টি গুণ থাকে।

(ক) আকাঙ্ক্ষা (খ) আসত্তি (গ) যোগ্যতা

✱ আকাঙ্ক্ষা: একটি পদের পর অন্য পদ শোনার ইচ্ছা হল আকাঙ্ক্ষা।

◆ আমি সখিনাকে. . . . . . . . . ?

✱ আসত্তি: বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাস-ই আসত্তি।

◆ বাসি সখিনা কে ভাল আমি।

✱ যোগ্যতা: পদসমূহের অন্তর্গত ও ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা।

◆ গরু আকাশে উড়ে, বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।

☐ গঠন অনুযায়ী বাক্য ৩ প্রকার

ক) সরল: যে বাক্যে একটি মাত্র কর্তা ও একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে।
উদা: মেঘ গর্জন করলে সখিনা নৃত্য করে।

খ) জটিল/মিশ্র: একটি প্রধান খণ্ডবাক্য এবং একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হলে জটিল বাক্য হয়।
উদা: যদি মেঘ গর্জন করে, তাহলে সখিনা নৃত্য করবে।

গ) যৌগিক: পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে যৌগিক বাক্য হয়।
উদা: মেঘ গর্জন করে এবং সখিনা নৃত্য করছে।

■ অর্থের দিক থেকে বাক্য কয়েক প্রকার। যথা–

০১. বিবৃতিমূলক বা নির্দেশাত্মক বাক্য (Assertive sentence): যে বাক্য দ্বারা কোনো ঘটনা বা ভাবের সাধারণ বিবৃতি প্রকাশ পায় তাকে নির্দেশাত্মক বা বিবৃতিমূলক বাক্য বলে। যেমন- রহিম ভালো ছেলে।

বিবৃতিমূলক বাক্য
- অস্তিবাচক বা হ্যা বোধক বাক্য
- নেতিবাচক বা না বোধক বাক্য

অস্তিবাচক বাক্য: যে বাক্য দ্বারা হ্যা বোধক অর্থ প্রকাশ পায়, তাকে অস্তিবাচক বাক্য বলে। যেমন- সে ঢাকা যাবে। আমি খেলতে যাব ইত্যাদি।

নেতিবাচক বাক্য: যে বাক্য দ্বারা না-বোধক অর্থ প্রকাশ পায় তাকে নেতিবাচক বাক্য বলে। যেমন- সে ঢাকা যাবে না। আমি খেলতে যাব না ইত্যাদি।

০২. প্রশ্নসূচক বাক্য (Interrogative sentence) : যেসব বাক্য দ্বারা কোনো প্রশ্ন জিজ্ঞাসা করা হয়, সেগুলোই প্রশ্নসূচক বাক্য। উল্লেখ্য, প্রশ্নসূচক বাক্যের শেষে অবশ্যই প্রশ্নবোধক চিহ্ন (?) থাকতে হবে। যথা– কোথায় যাচ্ছ? কী পড়ছ? কেন এসেছ? যাবে নাকি?

০৩. বিস্ময়সূচক বাক্য (Exclamatory sentence) : যে বাক্যে আশ্চর্যজনক কিছু বোঝায় তাকে বিস্ময়সূচক বাক্য বলে। যথা– তাজ্জব ব্যাপার! সমুদ্রের কী ভীষণ গর্জন, ঢেউগুলো পাহাড়ের চূড়ার মতো উঁচু আমি তো ভয়ে মরি! হুররে, আমরা জিতেছি!

০৪. ইচ্ছাসূচক বা প্রার্থনাসূচক বাক্য: যেসব বাক্য দ্বারা বক্তার মনের কোনো ইচ্ছা, আকাঙ্ক্ষা ও প্রার্থনা প্রকাশ পায়, সেগুলোকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য। যথা– তোমার মঙ্গল হোক। ঈশ্বর তোমাকে জয়ী করুন। পরীক্ষায় সফল হও। দীর্ঘজীবী হও।

০৫. অনুজ্ঞাসূচক বাক্য (Imperative sentence) : যেসব বাক্য দ্বারা আদেশ, উপদেশ, নিষেধ, অনুরোধ বোঝায় সেগুলোকেই অনুজ্ঞাসূচক বাক্য বলে। যেমন-

| | | | |
|---|---|---|---|
| আদেশ অর্থে | এখানে এস। | উপদেশ অর্থে | সর্বদা সত্য কথা বলবে। |
| নিষেধ অর্থে | এখানে যাবা না। | অনুরোধ অর্থে | এদিকে একটু আসুন। |

কার্যকারণাত্মক বা শর্তসূচক বাক্য: যে বাক্য দ্বারা কার্যকারণ সম্পর্ক বা শর্ত প্রকাশ পায়, সেগুলোকে কার্যকারণাত্মক বাক্য। যেমন- যদি তুমি আসো, তবে আমি যাব। কষ্ট না করলে কেষ্ট মিলে না ইত্যাদি।

সন্দেহ দ্যোতক বাক্য: যেসব বাক্য দ্বারা নির্দেশক বা বিবৃতিমূলক বাক্যের ভাবের বিষয়ে সন্দেহ, সংশয়, অনুমান, সম্ভাবনা, অনিশ্চয়তা প্রকাশ করা হয় সেগুলোই সন্দেহ দ্যোতক বাক্য। যেমন- আজ হয়তো সে আসবে। আজ বোধ হয় বৃষ্টি পড়বে ইত্যাদি।

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01. একটি সরল বাক্যে কয়টি সমাপিকা ক্রিয়া থাকতে পারে?** [DU-7Clg: 2023-24]
A. ১টি B. ২টি C. ৩টি D. ৪টি
Ans A Analysis একটি সরল বাক্যে একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকতে পারে।

**02. 'খাঁটি সোনার চাইতে খাঁটি, আমার দেশের মাটি' কোন ধরনের বাক্য?** [DU-7Clg: 2022-23]
A. সরল B. যৌগিক
C. জটিল D. কোনোটিই নয়
Ans C Analysis যে আশ্রিত খন্ডবাক্য প্রধান খন্ডবাক্যের অন্তর্গত কোনো বিশেষ্য বা সর্বনামের দোষ, গুণ এবং অবস্থা প্রকাশ করে তাকে বিশেষণ স্থানীয় আশ্রিত খন্ডবাক্য বলে। যেমন: খাঁটি সোনার চাইতে খাঁটি, আমার দেশের মাটি।

**03. 'কী সাংঘাতিক ব্যাপার।' এটা কোন ধরনের বাক্য?** [DU-7Clg: 2022-23]
A. প্রশ্নসূচক B. বিবৃতিধর্মী C. বিস্ময়সূচক D. আদেশসূচক
Ans C Analysis যে বাক্যে আনন্দ-বেদনা, বিস্ময়-কৌতূহল, শোক, ক্রোধ-ঘৃণা, আবেগ-উচ্ছ্বাস ইত্যাদি ভাব প্রকাশ পায়, তাকে বিস্ময়সূচক বাক্য বলে।

**04. 'জীবনের জন্য বৃক্ষের দিকে তাকাও'।- কী ধরনের বাক্য?** [DU-7Clg: 2021-22]
A. বিবৃতিমূলক B. প্রার্থনাসূচক
C. অনুজ্ঞাবাচক D. কার্যকারণাত্মক
Ans D Analysis যে বাক্যে নিয়ম, স্বীকৃতি, সংকেত, শর্ত ব্যক্ত হয়, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন : জীবনের জন্য বৃক্ষের দিকে তাকাও।

**05. বাক্যে পদসজ্জার শৃঙ্খলাকে বলে–** [DU-7Clg: 2019-20]
A. আকাঙ্ক্ষা B. শৃঙ্খল
C. আসত্তি D. অভিপ্রায়
Ans C Analysis বক্তার মনোভাব প্রকাশের জন্য বাক্যে শব্দগুলো এমনভাবে পর পর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশে বাধাগ্রস্ত না হয়। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি।

**06. বাক্যের অর্থশৃঙ্খলা রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে যে পরিভাষায় অভিহিত করা হয়-** [DU-7Clg: 2017-18]
A. আকাঙ্ক্ষা B. যোগ্যতা C. আসত্তি D. সঙ্গতি
Ans C Analysis একটি সার্থক বাক্যের গুণ তিনটি। যথা:
১. আকাঙ্ক্ষা ২. আসত্তি ৩. যোগ্যতা।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে'। বাক্যটি-**
A. সরল B. জটিল C. যৌগিক D. মিশ্র
Ans C Analysis পরস্পর নিরপেক্ষ দুটি বা ততোধিক খণ্ডবাক্য সংযোজন, বিয়োজক বিভিন্ন অব্যয় দ্বারা যুক্ত হয়ে তা একটি বাক্য গঠন করলে তা যৌগিক বাক্য। যেমন- • বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে। (সংযোজক)
• তুমি ঘুমাবে না পড়বে? (বিয়োজক)

**02. 'সে সৎ, কিন্তু তার ভাই অসৎ।' বাক্যটি-**
A. সরল B. জটিল C. যৌগিক D. মিশ্র
Ans C Analysis প্রশ্নে 'কিন্তু' আছে, তাই বাক্যটি যৌগিক বাক্য।

**03. 'মরো, নইলে বাঁচার মতো বাঁচো।' -বাক্যটি**
A. যৌগিক B. সরল
C. সংকোচক অব্যয়যুক্ত জটিল D. সংযোজক অব্যয়যুক্ত জটিল
Ans A Analysis বাক্যে নইলে আছে, তাই এটি যৌগিক বাক্যের উদাহরণ।

**04. 'সে কথাই এরা ভাবে'-বাক্যটির নেতিবাচক রূপ-**
A. সে কথাই এরা ভাবে না B. সে কথাই এরা না ভেবে পারে না
C. সে কথাই না এরা না ভেবে পারে D. সে কথাই না এরা ভাবে
Ans B Analysis অস্তিবাচক- তোকে থাকতে হবে।
নেতিবাচক- তুই যেতে পারবি না।
অস্তিবাচক- সে কথাই এরা ভাবে।
নেতিবাচক- সে কথাই এরা না ভেবে পারে না।

**05. 'তারা যাবে না কোথাও।' বাক্যটির ইতিবাচক রূপ-**
A. তারা কোথাও যাবে B. তারা সবখানে যাবে
C. তারা এখানেই থাকবে D. তারা কোথাও থাকবে
Ⓒ

**06. কোন বাক্যটি শুদ্ধ?**
A. তারা একত্র গমন করল B. তারা একত্রে গমন করল
C. তারা একত্রিত হয়ে গঠন করল D. তারা একত্রভাবে গমন করল
Ⓑ

**07. 'আমি ভাত খেয়ে যাব।' বাক্যটির নেতিবাচক রূপ-**
A. আমি ভাত না খেয়ে যাব না B. আমি ভাত খেয়ে যাব না
C. আমি ভাত খাব না D. আমি কি ভাত খাব না?
Ans A Analysis মূলকথা ঠিক রেখে যে কোন উপায়ে বাক্য পরিবর্তন করা সম্ভব।

**08. বাক্যের পদগুলোকে যথাস্থানে স্থাপন করাকে বলে-**
A. পদক্রম B. আকাঙ্ক্ষা
C. আসত্তি D. যোগ্যতা
Ans C Analysis বাক্যের সাজানো পদবিন্যাসকে আসত্তি বলে। যদি বলা হয়, গাড়ি যেয়ে স্টেশনে পাইনি। তবে বাক্যটি হবে আসত্তিহীন। তাই সাজিয়ে বলতে হবে, স্টেশনে যেয়ে গাড়ি পাইনি। তবেই বাক্য হয় সার্থক।

**09. 'তখন থেকে যাব যাব করছি।'– বাক্যটিতে 'যাব যাব'**
A. বিশেষ্যের বিশেষণ B. বিশেষণের বিশেষণ
C. ক্রিয়া বিশেষণ D. ধ্বন্যাত্মক বিশেষণ
Ⓒ

**10. "যে নেতা দেশের মঙ্গল বোঝেন না, তিনি নিজের কল্যাণ অনুধাবনেও ব্যর্থ।" বাক্যটি-**
A. জটিল B. যৌগিক
C. সরল D. খণ্ড
Ans A Analysis **জটিল বাক্য:** যে নেতা দেশের মঙ্গল বোঝেন না, তিনি নিজের কল্যান অনুধাবনেও ব্যর্থ।
**সরল বাক্য:** দেশের মঙ্গল না-বোঝা নেতা নিজের কল্যাণ অনুধাবনেও ব্যর্থ।
**যৌগিক বাক্য:** অনেক নেতা দেশের মঙ্গল বোঝেন না, ফলে তিনি নিজের কল্যাণ অনুধাবনেও ব্যর্থ।

**11. কোন বক্তব্যটি সঠিক?**
A. সাধু ভাষায় কেবল তৎসম শব্দই ব্যবহৃত হয়
B. চলিত ভাষায় কোন তৎসম শব্দ ব্যবহৃত হয় না
C. যে কোন ধরনের শব্দ সাধু ভাষা ও চলিত ভাষায় ব্যবহৃত হতে পারে
D. সাধু ভাষায় দেশি শব্দ ব্যবহৃত হয় না
Ans C Analysis

| সাধুরীতি | চলিতরীতি |
|---|---|
| ব্যাকরণের সুনির্দিষ্ট নিয়ম অনুসরণ করে চলে। | ব্যাকরণের নিয়ম অনুসরণ করে না। |
| তৎসম শব্দ বেশি। | তদ্ভব শব্দ বেশি। |
| নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী। | নাটকের সংলাপ ও বক্তৃতার উপযোগী। |
| সর্বনাম ও ক্রিয়াপদ বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে। | সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তিতরূপে ব্যবহৃত হয়। |

**12. 'কেউ কিছু বলছে না।'-বাক্যটির অস্তিবাচক রূপ**
A. কেউ কিছু না বলে পারছে না B. কেউ কিছু বলছে
C. কেউ কিছু বলবে D. সবাই চুপচাপ
Ⓓ

**13. "যদি বল, আসবো।" –এটা কোন ধরনের বাক্য?**
A. ইচ্ছাসূচক B. প্রার্থনামূলক
C. কার্যকারণাত্মক D. অনুজ্ঞা
Ans C Analysis যদি, প্রভৃতি অব্যয়যোগে যে বাক্য গঠিত হয় এবং যাতে কারণ, নিয়ম, শর্ত, স্বীকৃতি ইত্যাদি অর্থ প্রকাশ পায় তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন: মন দিয়ে না পড়লে পাশ করা যায় না।
• ত্রিশোত্তর বাংলা কাব্যের শ্রেষ্ঠ কবি জীবনানন্দ দাশ।
• যদি বল, আসবো। • কষ্ট না করলে কেষ্ট মেলে না।



CamScanner

14. 'কেউ বলে না দিলেও এটি একটি বিপজ্জনক জায়গা।' বাক্যটি-
A. সরল
B. জটিল
C. বড় দোষ হওয়া
D. বড় অপমান হওয়া
Ⓐ

15. 'আরও কথা আছে'- বাক্যটির নেতিবাচক সঠিক রূপ কোনটি?
A. আরো কথা বলবো
B. কথা শেষ হয়নি
C. আরো না বলা কথা আছে
D. কথা শেষ না হলে যাবে না

**Ans B Analysis** অস্তিবাচক বাক্যকে নেতিবাচক বাক্যে রূপান্তর করতে হলে নিচের সূত্রগুলো মেনে চলতে হবে।

সূত্র:
- মূল অর্থ পরিবর্তন না করে বাক্য পরিবর্তন করতে হয়।
- বাক্যে 'না', 'নয়', 'নহে', 'নি', 'নেই', 'নাহি', নাই ইত্যাদি নঞর্থক শব্দকে নেতিবাচক বাক্যে রূপান্তর করা হয়।
- প্রয়োজন মত বাক্যের অন্য শব্দকে 'না' সূচক বাক্যে প্রয়োগ করতে হয়।
- 'না'- বাচক ক্রিয়া ও 'না'- বাচক শব্দ মিলে বাক্যের অস্তিবাচক ভাবটি বজায় রাখতে হয়।

| অস্তিবাচক | নেতিবাচক |
|---|---|
| সৌদামিনী খ্রিষ্টান হয়ে গেল | সৌদামিনী খ্রিষ্টান না হয়ে পারল না। |
| আপনি আমায় অবিশ্বাস করছেন। | আপনি আমায় বিশ্বাস করছেন না। |

## PRIME TEST

01. 'লোকটি গরিব হলেও সৎ'- এ বাক্যটি গঠনভেদে কোন শ্রেণির?
A. সরল বাক্য
B. যৌগিক বাক্য
C. মিশ্র বাক্য
D. জটিল বাক্য

02. 'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।' এটি কোন ধরনের বাক্য?
A. সরল বাক্য
B. যৌগিক বাক্য
C. জটিল বাক্য
D. মিশ্র বাক্য

03. সঠিকভাবে উপমা ব্যবহার না করলে বাক্য হারায়-
A. শৃঙ্খলা B. আসক্তি C. আকাঙ্ক্ষা D. যোগ্যতা

04. 'মানুষের মন অত্যন্ত জটিল, সুতরাং তার অনুভূতিও বিচিত্র।' বাক্যটি-
A. সরল B. যৌগিক C. কঠিন D. জটিল

05. 'রাজা আছেন, কোটালের দোহাই কেন?'- কোন ধরনের বাক্য?
A. সরল B. জটিল C. যৌগিক D. মিশ্র

06. 'যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে।' কোন ধরনের বাক্য?
A. সরল B. জটিল C. যৌগিক D. খণ্ড

07. 'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।' বাক্যটির নেতিবাচক রূপ-
A. প্রিয়ংবদা যথার্থ কহে নাই
B. প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে
C. প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে না
D. প্রিয়ংবদা অযথার্থ কহে নাই

08. 'কেউ কিছু বলছে না।'-বাক্যটির অস্তিবাচক রূপ-
A. কেউ কিছু না বলে পারছে না
B. কেউ কিছু বলছে না
C. কেউ কিছু বলবে
D. সবাই চুপচাপ

09. 'শরাসনে সংহিত শর আশু প্রতিসংহার করুন।'-বাক্যটি
A. সরল
B. যৌগিক
C. জটিল
D. খণ্ড

10. 'মরো, নইলে বাঁচার মতো বাঁচো।' বাক্যটি-
A. যৌগিক
B. সরল
C. সংকোচক অব্যয়যুক্ত জটিল
D. সংযোজন অব্যয়যুক্ত জটিল

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

### ANS ANALYSIS

| 01.A | 02.A | 03.D | 04.B | 05.C | 06.B | 07.D | 08.D | 09.A | 10.A |
|---|---|---|---|---|---|---|---|---|---|

# প্রয়োগ-অপপ্রয়োগ ও শুদ্ধপ্রয়োগ

টপিক ৩৪

## গুরুত্বপূর্ণ শুদ্ধিকরণ

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| পুরষ্কার | পুরস্কার | প্রাণীবিদ্যা | প্রাণিবিদ্যা |
| পরিস্কার | পরিষ্কার | মন্ত্রীবর্গ | মন্ত্রিবর্গ |
| নমষ্কার | নমস্কার | কৌতূক | কৌতুক |
| স্বস্ত্রীক | সস্ত্রীক | কৌতুহল | কৌতূহল |
| ষ্টেশন | স্টেশন | সান্তনা | সান্ত্বনা |
| ফটোষ্ট্যাট | ফটোস্ট্যাট | সমিচীন | সমীচীন |
| লোকসমূহ | লোক | মুহুর্ত | মুহূর্ত |
| সকল সভ্যগণ | সকল সভ্য | মুমুর্ষ | মুমূর্ষু |
| সমূলসহ | সমূল | মর্হূমুহূ | মুহুর্মুহু |
| ইদানীংকালে | ইদানীং | মধ্যাহ্ণ | মধ্যাহ্ন |
| আয়ত্তাধীন | অধীন/আয়ত্ত | অপরাহ্ন | অপরাহ্ণ |
| অশ্রুজল | অশ্রু | অধ্যায়ন | অধ্যয়ন |
| সহিষ্ণুতা | সহিষ্ণু | সুকেশী | সুকেশা |
| অহর্নিশি | অহর্নিশ | দ্রাঘীমা | দ্রাঘিমা |
| দূরাবস্থা | দুরবস্থা | অগ্নিবীনা | অগ্নিবীণা |
| অত্যাধিক | অত্যধিক | রামায়ন | রামায়ণ |
| অত্যান্ত | অত্যন্ত | কৃত্তীবাস | কৃত্তিবাস |
| বাৎসরিক | বার্ষিক | অগ্রহায়ন | অগ্রহায়ণ |
| ইতিমধ্যে | ইতোমধ্যে | সর্বাঙ্গীন | সর্বাঙ্গীণ |
| ইতিপূর্বে | ইতঃপূর্বে | দুর্বিসহ | দুর্বিষহ |
| জৈ্যষ্ঠ | জ্যেষ্ঠ | অধীনস্ত | অধীন |
| মীলন | মিলন | অর্ধাঙ্গিনী | অর্ধাঙ্গী |
| দরিদ্র | দারিদ্র্য/দরিদ্রতা | অনাথিনী | অনাথা |
| অন্তঃসত্তা | অন্তঃসত্ত্বা | ননদিনী | ননদ |
| আকাঙ্খা | আকাঙ্ক্ষা | ঐক্যমত | ঐকমত |
| জলোচ্ছাস | জলোচ্ছ্বাস | একত্রিত | একত্র |
| দৈন্যতা | দীনতা | ধুলিষাৎ | ধূলিসাৎ |
| শিরোচ্ছেদ | শিরশ্ছেদ | নূন্যতম | ন্যূনতম |
| পীপিলিকা | পিপীলিকা | মাধুর্য্য | মাধুর্য |
| ব্যাবহারিক | ব্যবহারিক | ভৎসনা | ভর্ৎসনা |
| উপরোক্ত | উপর্যুক্ত | ব্যয়াম | ব্যায়াম |
| আবশ্যকীয় | আবশ্যক | ব্যায় | ব্যয় |
| রজকিনী | রজকী | ব্যাথা | ব্যথা |
| প্রনয়ন | প্রণয়ন | ব্যাতিত | ব্যতীত |
| লজ্জাস্কর | লজ্জাকর | বিভিষীকা | বিভীষিকা |
| অনুসুয়া | অনসূয়া | ভন্ডামি | ভণ্ডামি |
| মনোকষ্ট | মনঃকষ্ট | ব্যাকরন | ব্যাকরণ |
| স্বপরিবার | সপরিবার | বানিজ্য | বাণিজ্য |
| সদা সর্বদা | সর্বদা | ভৌগলিক | ভৌগোলিক |
| কেবলমাত্র | কেবল | মনিষি | মনীষী |
| শুধুমাত্র | শুধু/মাত্র | মরিচীকা | মরীচিকা |
| তৎকালীন সময় | তৎকালীন | মিমাংসা | মীমাংসা |
| বমালশুদ্ধ | বমাল | শশ্রুষা | শুশ্রূষা |
| অদ্যপি | অদ্যাপি | শষ্য | শস্য |
| যদ্যাপি | যদ্যপি | শশুরবাড়ী | শ্বশুরবাড়ি |

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অতিথী | অতিথি | সন্যাসি | সন্ন্যাসী |
| সুস্বাগত | স্বাগত | সংকীর্ণ | সঙ্কীর্ণ |
| সুস্বাস্থ্য | স্বাস্থ্য | স্বাক্ষী | সাক্ষী |
| ফলশ্রুতি | ফল | সায়ত্ত্বশাসন | স্বায়ত্তশাসন |
| দধিচি | দধীচি | রাজনৈতিক | রাজনীতিক |
| দ্বন্ধ | দ্বন্দ্ব | শীকার | স্বীকার |
| ব্রাক্ষণ | ব্রাহ্মণ | জন্মজয়ন্তী | জয়ন্তী |
| মনমোহন | মনোমোহন | স্বরসতী | সরস্বতী |
| পানিনী | পাণিনি | সকাতর | কাতর |
| ভূল | ভুল | সানন্দিত | সানন্দ |
| প্রত্যুষ | প্রত্যূষ | বিবিধপ্রকার | বিবিধ |
| দূর্গা | দুর্গা | প্রকাশনী | প্রকাশন |
| বিপদজনক | বিপজ্জনক | নিষ্ফলা | নিষ্ফল |
| সুষ্ঠ | সুষ্ঠু | জন্মবার্ষিকী | জন্মবার্ষিক |
| ব্যার্থ | ব্যর্থ | বিবরণী | বিবরণ |
| নুপুর | নূপুর | শতাব্দী | শতাব্দ |
| মুখস্ত | মুখস্থ | কনিষ্ঠতম | কনিষ্ঠ |
| গ্রামিন | গ্রামীণ | নির্দোষী | নির্দোষ |
| আশির্বাদ | আশীর্বাদ | নিরপরাধী | নিরপরাধ |
| অজাগর | অজগর | বাহ্যিক | বাহ্য |
| পক্ক | পক্ব | পাশবিক | পাশব |
| শশ্মান | শ্মশান | চাকচিক্য | চাকচক্য |
| দ্ব্যার্থ | দ্ব্যর্থ | ভারতী | ভারতি |
| সরকারী | সরকারি | প্রবাহমান | প্রবহমান |
| জরুরী | জরুরি | নভোচর | নভোচারী |
| সোনালী | সোনালি | পোষাক | পোশাক |
| ইংরেজী | ইংরেজি | ব্যাবধান | ব্যবধান |

☞ **প্রয়োগ:**

কোন শব্দ বা পদের শুদ্ধ বা ঠিক ব্যবহারের নাম প্রয়োগ।

☞ **অপপ্রয়োগ:**

যে সকল শব্দ বা পদ এর ব্যবহার ব্যাকরণগতভাবে ভুল কিন্তু আমরা প্রতিনিয়ত ব্যবহার করছি তার নামই অপপ্রয়োগ। নিম্নে কিছু অপপ্রয়োগের দৃষ্টান্ত তুলে ধরা হলো:

☞ **এক নজরে গুরুত্বপূর্ণ প্রয়োগ অপপ্রয়োগ:**

| অপপ্রয়োগ | প্রয়োগ/শুদ্ধরূপ | অপপ্রয়োগ | প্রয়োগ/শুদ্ধরূপ |
|---|---|---|---|
| অশ্রুজল | অশ্রু | প্রামাণ্য | প্রমাণিত |
| অজ্ঞানতা | অজ্ঞতা | ফরাসীয় | ফরাসি |
| ইদানীংকালে | ইদানীং | আঙ্গিক | কলাকৌশল |
| কার্যকরী | কার্যকর | অপোগণ্ড | অপদার্থ |
| তৎকালীন সময় | তৎকালীন | কর্মব্যপদেশে | কর্মসূত্রে |
| পদক্ষেপ | ব্যবস্থা গ্রহণ | প্রতি ঘরে ঘরে | প্রতিঘরে |
| খাঁটি গরুর দুধ | গরুর খাঁটি দুধ | পূর্বাহ্ণে | পূর্বাহ্নে |
| জন্মবার্ষিকী | জন্মবার্ষিক | বিদেহী/বৈদেহী | বিদেহ |
| বমালসুদ্ধ | বমাল | সঠিক | ঠিক |
| আকণ্ঠ পর্যন্ত | আকণ্ঠ/কণ্ঠপর্যন্ত | তাপদাহ | তাপ/দাহ |
| সমকালীন সময় | বর্তমান সময় | ফলফুট | ফল/ফুট |
| সাম্প্রতিককাল | সাম্প্রতিক | অকাল প্রয়াণ | অকালপ্রয়াণ |
| কর্তৃপক্ষগণ | কর্তৃপক্ষ | সমৃদ্ধশালী | সমৃদ্ধ |
| আশ্চর্য | আশ্চর্যান্বিত | মোঃ | মোহাম্মদ |
| সমতুল্য | সম/তুল্য | ভাষাভাষী | ভাষী |
| কৃতি শিক্ষার্থী | কৃতী শিক্ষার্থী | পুনর্মিলনী | পুনর্মিলন |
| লক্ষ/লক্ষ্য | লক্ষ্য/ উদ্দেশ্য | বিষাক্ত সাপ | বিষধর সাপ |
| নিন্ম | নিম্ন | ইংরেজি নববর্ষের শুভেচ্ছা | খ্রিষ্টীয় নববর্ষের শুভেচ্ছা |

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

**01. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?** [DU-7Clg: 2021-22]

A. অশ্রুজল B. কেবলমাত্র
C. দৈন্যতা D. ইদানীং

**Ans D Analysis** অপপ্রয়োগ ও প্রয়োগ :

| অপপ্রয়োগ | প্রয়োগ |
|---|---|
| অশ্রুজল | অশ্রু |
| কেবলমাত্র | কেবল/মাত্র |
| দৈন্যতা | দৈন্য/দীনতা |

**02. ভাষার অপপ্রয়োগের একটি দৃষ্টান্ত হলো–** [DU-7Clg: 2020-21]

A. দৈন্যতা B. গীতাঞ্জলি
C. সহযোগিতা D. সাক্ষ্য

**Ans A Analysis** 'তা' এবং 'ত্ব' বিশেষ্যবাচক প্রত্যয়। এগুলো 'বিশেষণ' শব্দকে 'বিশেষ্যে' পরিণত করে। সেজন্য বিশেষ শব্দের সঙ্গে পুনরায় 'তা' এবং 'ত্ব' প্রয়োগের প্রয়োজন নেই। প্রয়োগ করলে তা হবে অশুদ্ধ। উদাহরণস্বরূপ :

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অপকর্ষতা | অপকর্ষ | কৃচ্ছ্রতা | কৃচ্ছ্র |
| দৈন্যতা | দৈন্য | ঐক্যতা | ঐক্য |

**03. যে বানানটি শুদ্ধ–** [DU-7Clg: 2020-21]

A. বুভুক্ষু B. বুভুক্ষ
C. বুভূক্ষ D. বুভূক্ষু

**Ans A Analysis** কতিপয় শুদ্ধ বানান : ব্যূহ, বিজ্জন, ব্যুৎপত্তি, ব্যতীত, বিন্যস্ত, বিভীষিকা, বাল্মীকি, বুদ্ধিজীবী, বহিষ্কার, বক্ষ্যমাণ, বন্দ্যোপাধ্যায়।

**04. 'সকল শিক্ষকগণ আমন্ত্রিত।' বাক্যটি যে দোষে দুষ্ট–** [DU-7Clg: 2020-21]

A. আসত্তি B. আকাঙ্ক্ষা
C. যোগ্যতা D. বাহুল্য

**Ans D Analysis** প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতাগুণ হারিয়ে থাকে। যেমন : দেশের সব আলেমগণই এ ব্যাপারে আমাদের সমর্থন দান করে। 'আলেমগণ' বহুবচনবাচক শব্দ। এর সঙ্গে 'সব' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য-দোষ সৃষ্টি করেছে।

**05. ভাষার অপপ্রয়োগের একটি দৃষ্টান্ত হলো–** [DU-7Clg: 2019-20]

A. একত্র B. স্বপরিবারে
C. বার্ষিক D. শ্রদ্ধাঞ্জলি

**Ans B Analysis** কতিপয় বাক্যশুদ্ধিকরণ:

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| ছেলেটি ভয়ানক মেধাবী। | ছেলেটি অত্যন্ত মেধাবী। |
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত। | আপনি সপরিবারে আমন্ত্রিত। |
| তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন। | তিনি মোকদ্দমায় সাক্ষ্য দেবেন। |

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. কোনটি অপপ্রয়োগের উদাহরণ-**

A. একত্র B. অধীনস্থ
C. চিন্তিত D. প্রত্যাশিত

**Ans B Analysis** 'অধীনস্থ' শব্দটি অপপ্রয়োগের উদাহরণ। সঠিক প্রয়োগ 'অধীন' বাকী অপশনগুলোতে সঠিক প্রয়োগ রয়েছে।

**02. 'ভারসাম্যতা' শব্দটি অশুদ্ধ কেন?**

A. প্রত্যয়জনিত কারণে B. উপসর্গজনিত কারণে
C. সন্ধিজনিত কারণে D. কারকজনিত কারণে

**Ans A Analysis** 'য' কিংবা 'তা' প্রত্যয় যোগ করে বিশেষণ থেকে বিশেষ্য বানানো হয়। কিন্তু একইসঙ্গে দুটি প্রত্যয়ই বসবে না। তার ভারসাম্যতা শব্দটি প্রত্যয়ের বাহুল্য দোষে দুষ্ট।



CamScanner

03. 'উৎকর্ষতা' শব্দটি অশুদ্ধ কেন?
A. ষ-ত্ব বিধানজনিত
B. প্রত্যয়জনিত
C. উপসর্গজনিত
D. সন্ধিজনিত

**Ans B Analysis** শব্দটির শুদ্ধরূপ হলো- উৎকৃষ্টতা/উৎকর্ষ। উৎকৃষ্ট (বিশেষণ) + তা প্রত্যয় = উৎকৃষ্টতা (বিশেষ্য)

04. শুদ্ধ বাক্যটি দেখাও-
A. বহু ছাত্রদের উপস্থিত ছিল
B. বহু ছাত্ররা উপস্থিতি হয়েছিল
C. অনেক ছাত্র এসেছিল
D. অনেক ছাত্রগণ এসেছিল

**Ans C Analysis** বহু ছাত্রদের, বহু ছাত্ররা, অনেক ছাত্রগণ- এগুলো বচনের বাহুল্য দোষে দুষ্ট।

05. কোনটি শুদ্ধ?
A. স্বাস্বত
B. শাশ্বত
C. শ্বাশত
D. শ্বাসত

Ⓑ

06. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
A. লোকটি তোমার বিরুদ্ধে সাক্ষী দিয়েছে
B. লোকটি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছে
C. লোকটি তোমার বিরুদ্ধে সাক্ষি দিয়েছে
D. লোকটি তোমার বিরুদ্ধে স্বাক্ষ্য দিয়েছে

Ⓑ

07. নিচের কোন বাক্যটি শুদ্ধ:
A. একটি গোপন কথা বলি
B. একটি গোপনীয় কথা বলি
C. একটি গুপ্ত কথা বলি
D. একটি গোপন কতা বলি

Ⓑ

08. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
A. তাহার জীবন শংসয়ময়
B. সংশয়পূর্ণ জীবন
C. তাহার জীবন সংশয়ময়
D. তাহার জীবন সংশয় ভরা

Ⓑ

09. শুদ্ধ বাক্য-
A. শহিদ মিনারের পাশে ইংরেজি বিভাগ
B. নদীর জল হ্রাস হয়েছে
C. নিরোগী লোক প্রকৃত সুখী
D. শুধু মাত্র তুমি গেলেই হবে

**Ans A Analysis** শুদ্ধরূপ:
- নদীর জল হ্রাস পেয়েছে।
- নিরোগী প্রকৃত সুখী/নিরোগ প্রকৃত সুখী।
- শুধু তুমি গেলেই হবে।

10. গুরুচণ্ডালী দোষে দুষ্ট শব্দ কোনটি?
A. শবপোড়া
B. কাজলকালো
C. মারামারি
D. রুমঝুম

**Ans A Analysis** তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগে গুরুচণ্ডালী দোষ সৃষ্টি হয়।
যেমন: শবপোড়া, গরুর শকট ইত্যাদি।

11. কোনটি বাক্যটি শুদ্ধ?
A. সকল লোকেরাই ক্ষমা প্রার্থনা করেছিল
B. আমি আসিতে থাকবো
C. আমি আদালতে সাক্ষী দিতে যাচ্ছি
D. আমি আদালতে সাক্ষ্য দিয়েছি

**Ans D Analysis** প্রদত্ত বাক্যগুলোর শুদ্ধরূপ:
- সকল লোকেই ক্ষমা প্রার্থনা করেছিল।
- আমি আসতে থাকবো।
- আমি আদালতে সাক্ষ্য দিতে যাচ্ছি।

12. কোনটি শুদ্ধ?
A. সম্বর্ধনা
B. উজ্জ্বল
C. গীতাঞ্জলী
D. সামাঞ্জস্য

**Ans B Analysis** শুদ্ধরূপ: সংবর্ধনা, গীতাঞ্জলি, সামঞ্জস্য, শ্রদ্ধাঞ্জলি।

13. গুরুচণ্ডালী দোষ কিসের সঙ্গে সম্পর্কিত?
A. বানান
B. উচ্চারণ
C. ভাষারীতি
D. রূপতত্ত্ব

**Ans C Analysis** সাধু ও চলিত রীতির মিশ্রণকেই গুরুচণ্ডালী দোষ বলে। এ দোষে বাক্য তার যোগ্যতা হারায়।

14. কোন বাক্যটি অশুদ্ধ নয়?
A. সংক্রমণই গতি
B. সে খাই
C. তারা যাইতেছে
D. আমরা ঠিক সময় আসিব

## PRIME TEST

01. শুদ্ধ বানানের শব্দটি বাছাই কর-
A. শুস্রষা
B. শুশ্রূষা
C. শুস্রূষা
D. শূশ্রুষা

02. শুদ্ধ বানান কোনটি?
A. সান্তনা
B. সান্ত্বনা
C. স্বান্তনা
D. শান্তনা

03. শুদ্ধ বানান কোনটি?
A. গড্ডালিকা
B. গড্ডলিকা
C. গড্ডলীকা
D. গড্ডালীকা

04. শুদ্ধ বানান কোনটি?
A. যক্ষা
B. যক্ষ্মা
C. যহ্মা
D. যক্ষ্যা

05. কোনটি শুদ্ধ?
A. শ্বাস্বত
B. শাশ্বত
C. শ্বাশত
D. স্বাসত

06. কোনটি শুদ্ধ শব্দ?
A. স্বশুর
B. শ্বসুর
C. শশুর
D. শ্বশুর

07. কোন বানানটি শুদ্ধ?
A. গন্ডুস
B. গণ্ডূষ
C. গন্ডুষ
D. গন্ডুশ

08. কোনটি শুদ্ধ শব্দগুচ্ছ?
A. সমীচীন, হরীতকী, বাল্মীকি
B. সমীচিন, হরিতকী, বাল্মীকি
C. সমিচিন, হরিতকি, বাল্মিকী
D. সমিচীন, হরীতকি, বাল্মিকী

09. শুদ্ধ বানান কোনটি?
A. কনীনিকা
B. কনিনীকা
C. কনিনিকা
D. কনীনীকা

10. কোনটি সঠিক বানান?
A. নিশিথিনী
B. নীশিথিনী
C. নিশীথিনী
D. নিশিথিনী

| OMR SHEET | | |
|---|---|---|
| | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | ৫২ ⓘ ৯০ |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.B | 03.B | 04.B | 05.B | 06.D | 07.B | 08.A | 09.A | 10.C |



CamScanner

# পারিভাষিক শব্দ

টপিক ৩৫

ব্যাকরণ

## গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ

| | | | |
|---|---|---|---|
| Acting | ভারপ্রাপ্ত | Optics | আলোকবিজ্ঞান |
| Agreement | চুক্তি | Orbit | কক্ষপথ |
| Act | আইন | Ombudsman | ন্যায়পাল |
| Ad-hoc | তদর্থক | Osteology | অস্থিবিজ্ঞান |
| Affidavit | হলফনামা | Orion | কালপুরুষ |
| Agenda | আলোচ্যসূচি | Pacific Ocean | প্রশান্ত মহাসাগর |
| Acknowledgement | প্রাপ্তিস্বীকার | Painter | চিত্রকর |
| Aid | সাহায্য | Pension | অবসর ভাতা |
| Alien | বিদেশি, বহিরাগত | Permit | অনুমতিপত্র |
| Allotment | বরাদ্দ | Public works | পূর্ত/গণপূর্ত |
| Ambassador | রাষ্ট্রদূত | Quack | হাতুড়ে |
| Author | লেখক, গ্রন্থকার | Race Course | ঘোড়দৌড় |
| Airconditioned | শীতাতপ নিয়ন্ত্রিত | Racialism | জাতিবিদ্বেষ |
| Authority | কর্তৃত্ব, কর্তৃপক্ষ | Republic | প্রজাতন্ত্র |
| Anonymous | বেনামি, অজ্ঞাতনামা | Revenue | রাজস্ব |
| Antonym | বিপরীত শব্দ | Refugee | উদ্বাস্তু, বাস্তুহারা |
| Bail | জামিন | Sabotage | অন্তর্ঘাত |
| Balanced diet | সুষম খাদ্য | Satellite | উপগ্রহ |
| Ballot | গোপন ভোট | Synonym | প্রতিশব্দ |
| Bribe, bribery | ঘুষ, উৎকোচ | Summit | শীর্ষ |
| Basic Pay | মূল বেতন | Sculptor | ভাস্কর |
| Bill of exchange | হুন্ডি, বিনিময় পত্র | Solar | সৌর |
| Bio data | জীবন-বৃত্তান্ত | Script | লিপি, উত্তরপত্র |
| Boycott | বর্জন | Secretary | সচিব |
| Bookpost | খোলা ডাক | Secondary | মাধ্যমিক, অপ্রধান |
| Booklet | পুস্তিকা | Tariff duties | শুল্ককর |
| Boxing | মুষ্টিযুদ্ধ | Telecast | সম্প্রচার |
| Bodyguard | দেহরক্ষী | Telescope | দূরবীক্ষণ |
| Cabinet | মন্ত্রিসভা | Ultimatum | চরমপত্র |
| Cable | তার | Ultraviolet | অতিবেগুনি |
| Category | পর্যায় | Usurer | সুদখোর |
| Caution money | জামানত | Unfair means | অসাধু উপায় |
| Censor | বিবেচক | Vacation | অবকাশ |
| Census | আদমশুমারি | Vagabond | ভবঘুরে |
| Contract | চুক্তি | Vacuum | শূন্য |
| Calender | দিনপঞ্জিকা | Waiter | পরিচারক |
| Convener | আহ্বায়ক | Walk-out | সভা বর্জন |
| Cistern | চৌবাচ্চা | War crime | যুদ্ধাপরাধ |

| | | | |
|---|---|---|---|
| Conspiracy | ষড়যন্ত্র | Wireless | বেতার |
| Chancellor | আচার্য | Witness | সাক্ষী |
| Civil war | গৃহযুদ্ধ | Wit | বুদ্ধি, রসিকতা |
| Deadlock | অচলাবস্থা | X-Ray | রঞ্জনরশ্মি |
| Dialogue | সংলাপ | X-mas | ক্রিসমাস |
| Diploma | উপাধিপত্র | Zenith | খমধ্য, সুবিন্দু |
| Donation | দান | Zigzag | আঁকাবাঁকা |
| Drought | খরা, অনাবৃষ্টি | Zoo | চিড়িয়াখানা |
| Duty | শুল্ক, কর্তব্য | Horizontal | অনুভূমিক |
| Dyarchy | দ্বৈতশাসন | Scanner | সূক্ষ্ম পরীক্ষা যন্ত্র |
| Dynamic | গতিশীল | Bloc | শক্তিজোট |
| Efficiency | কর্মক্ষমতা | Lyric | গীতিকবিতা |
| Elasticity | স্থিতিস্থাপকতা | Vertical | উলম্ব |
| Electoral college | নির্বাচকমন্ডল | Millennium | সহস্রাব্দ |
| Expert | বিশেষজ্ঞ | Dialect | উপভাষা |
| Episode | উপাখ্যান | Colony | উপনিবেশ |
| Eye-witness | প্রত্যক্ষদর্শী | Circular | বিজ্ঞপ্তি |
| Encyclopedia | বিশ্বকোষ | Epic | মহাকাব্য |
| Excise duty | আবগারি শুল্ক | Attested | সত্যায়িত |
| Evaluation | মূল্যায়ন | Up-to-date | হালনাগাদ |
| Factory | কারখানা | Memorandum | স্মারকলিপি |
| Faculty | অনুষদ; কর্মদক্ষতা | Thesaurus | সমার্থ শব্দকোষ |
| Fair | সুন্দর, ন্যায্য, মেলা | Wisdom | বুদ্ধিমত্তা |
| Fallow land | পতিত জমি | Licence | অনুমতি পত্র |
| Fantasy | উদ্ভট কাহিনি | Magazine | পত্রিকা |
| Folk song | লোকসংগীত | Mammal | স্তন্যপায়ী প্রাণী |
| Fair price | ন্যায্যমূল্য | Manifesto | ইশতেহার |
| Galaxy | ছায়াপথ | Manuscript | পাণ্ডুলিপি |
| Garrison | সেনাদল | Mint | টাকশাল |
| Glossary | শব্দপঞ্জি | Mobile court | ভ্রাম্যমাণ আদালত |
| Godown | গুদাম | Nomination | মনোনয়ন |
| Goods | পণ্য, মাল | Nominee | মনোনীত ব্যক্তি |
| Goodwill | সুনাম; শুভেচ্ছা | North star | ধ্রুবতারা |
| Graduate | স্নাতক | Nebula | নীহারিকা |
| Great Bear | সপ্তর্ষিমন্ডল | Nomads | যাযাবর |
| Green room | সাজঘর | Non-aligned | জোট-নিরপেক্ষ |
| Hand bill | ইশতেহার | Notice | বিজ্ঞপ্তি |
| Handicraft | হস্তশিল্প | Notification | প্রজ্ঞাপন |
| Haven | পোতাশ্রয় | Oath | শপথ, হলফনামা |
| Hypocrisy | কপটতা, ভণ্ডামি | Key note | মূলভাব, মর্ম |
| High water | জোয়ার | Knave | দুর্বৃত্ত; প্রতারক |
| Hunger strike | অনশন ধর্মঘট | Kinsman | জ্ঞাতি |
| Housing Project | আবাসন প্রকল্প | Light house | বাতিঘর |
| Idealism | ভাববাদ | Light year | আলোকবর্ষ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| Idiom | বাগধারা | Livestock | পশুসম্পদ |
| Immigrant | অভিবাসী | Low-water/ tide | ভাটা |
| Imperialism | সাম্রাজ্যবাদ | Legend | কিংবদন্তি |
| Import | আমদানি | Lender | মহাজন |
| Imprisonment | কারাদণ্ড | Insurance | বীমা |
| Investigation | অনুসন্ধান, তদন্ত | Interview | সাক্ষাৎকার |
| Judge | বিচারক | Judgment | রায় |
| Junction | সংযোগস্থল, জংশন | | |

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'Cabinet' এর বাংলা পরিভাষা-** [DU-7Clg: 2023-24]
A. মন্ত্রিপরিষদ
B. মন্ত্রণালয়
C. সচিবালয়
D. সংসদ সদস্য

**Ans A Analysis** 'Cabinet' এর বাংলা পরিভাষা- মন্ত্রিপরিষদ; Ministry- মন্ত্রণালয় Secretariat- সচিবালয়, Member of Parliament-সংসদ সদস্য।

**02. 'Autonomous' এর পারিভাষিক শব্দ কোনটি?** [DU-7Clg: 2022-23]
A. সার্বভৌমত্ব
B. স্বায়ত্তশাসিত
C. স্বাধীনতা
D. সম্প্রীতি

**Ans B Analysis** পারিভাষিক শব্দ:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Sovereignty | সার্বভৌমত্ব | Tradition | ঐতিহ্য |
| Universal | বিশ্বজনীন | Secular | ধর্মনিরপেক্ষ |

**03. 'Genocide' এর বাংলা পরিভাষা–** [DU-7Clg: 2021-22]
A. গণবিরোধী
B. গণহত্যা
C. গণশত্রু
D. গণস্বার্থ

**Ans B Analysis** পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| General Amnesty | সাধারণ ক্ষমা | Garrison | সেনাদল |
| Just War | ন্যায় যুদ্ধ | Litigation | মামলা |

**04. 'Primitive' শব্দের বাংলা পরিভাষা হলো–** [DU-7Clg: 2020-21]
A. অসীম
B. অপরিসীম
C. আদিম
D. আমৃত্যু

**Ans C Analysis** গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Protocol | সৌজন্যবিধি | Postpone | মুলতবি রাখা |
| Post-age | ডাকমাশুল | Part-time | খণ্ডকালীন |

**05. 'Sabotage' শব্দের বাংলা পরিভাষা–** [DU-7Clg: 2019-20]
A. অপঘাত
B. হাঙ্গামা
C. অন্তর্ঘাত
D. শ্বাসাঘাত

**Ans C Analysis** কতিপয় পরিভাষা:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Statue | প্রতিমূর্তি | Sovereignty | সার্বভৌমত্ব |
| Scheme | পরিকল্প | Script | উত্তরপত্র |

**06. 'Schedule' শব্দের অন্যতম অর্থ–** [DU-7Clg: 2018-19]
A. ধারাবাহিকতা
B. অনুক্রম
C. তালিকা
D. তফসিল

**Ans D Analysis** Schedule শব্দটি 'তফসিল' অর্থে ব্যবহৃত হলেও অনেক সময় 'তালিকা' অর্থেও ব্যবহৃত হয়।

**07. 'Agora' শব্দের বাংলা পরিভাষা–** [DU-7Clg: 2017-18]
A. সুপার শপ
B. মুদি দোকান
C. বড় দোকান
D. মুক্ত স্থান

**Ans D Analysis** কতিপয় পারিভাষিক শব্দ:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Ceiling | সর্বোচ্চ | Emblem | প্রতীক |
| Farce | প্রহসন | Genesis | উৎপত্তি |
| Bench | এজলাস | Delta | ব-দ্বীপ |

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'Stakeholder' শব্দের প্রচলিত পারিভাষিক রূপ হলো–**
A. মধ্যস্বত্বভোগী
B. কার্যাধ্যক্ষ
C. অংশীজন
D. মাঠকর্মী

**Ans C Analysis** Stakeholder = অংশীজন/অংশিদার

**02. Deadlock-এর বাংলা-**
A. অন্ধকারাচ্ছন্ন
B. বিশৃঙ্খলা
C. অচলাবস্থা
D. মৃত্যুপথযাত্রী
Ⓒ

**03. Notification-এর পরিভাষা-**
A. স্মারক
B. প্রজ্ঞাপন
C. বিজ্ঞাপন
D. বিজ্ঞপ্তি
Ⓑ

**04. প্লাজা (Plaza) শব্দের অর্থ-**
A. কোণ
B. চত্বর
C. কেন্দ্র
D. শহর
Ⓑ

**05. 'Charter' শব্দের বাংলা পরিভাষা-**
A. বিজ্ঞপ্তি
B. সনদ
C. ভাষ্য
D. নথিপত্র

**Ans B Analysis** বিজ্ঞপ্তি-Notice, ভাষ্য-Commentary, নথিপত্র-Archives।

**06. Ambiguous এর পরিভাষা-**
A. উভয়বলতা
B. উভবল
C. উভচর
D. দ্ব্যর্থক

**Ans D Analysis** দ্ব্যর্থক শব্দটি গঠিত হয়েছে (দ্বি + অর্থক) সন্ধির এই আকারে। শব্দটির অর্থ- দুই রকমের অর্থ হয়।

**07. 'overrule' -এর বাংলা প্রতিশব্দ হলো–**
A. আমলে আনা
B. বাতিল করা
C. মুলতবি করা
D. কার্যকর করা
Ⓑ

**08. 'Epicurism'-এর যথার্থ পরিভাষা-**
A. নিয়তিবাদ
B. ভোগবাদ
C. অস্তিত্ববাদ
D. পরিবেশবাদ
Ⓑ

**09. 'Bona fide- শব্দের সঠিক বাংলা নেতিবাচক রূপ কোনটি?**
A. দালালি
B. লজ্জন
C. মুষ্টিযুদ্ধ
D. প্রকৃত

**Ans D Analysis** Bona fide- প্রকৃত/বিশ্বস্ত/সরল বিশ্বাসে/আন্তরিক।

**10. Abstract শব্দের বাংলা পরিভাষা কি?**
A. বিমূর্ত
B. অদ্ভুত
C. অভিভূত
D. মূর্ত

**Ans A Analysis** কতিপয় গুরুত্বপূর্ণ পারিভাষি

**11. 'পরিশিষ্ট' শব্দটির পরিভাষা-**
A. Almanac
B. Addendum
C. Annexure
D. Annexation
Ⓑ



CamScanner

| | | | |
|---|---|---|---|
| Idiom | বাগধারা | Livestock | পশুসম্পদ |
| Immigrant | অভিবাসী | Low-water/ tide | ভাটা |
| Imperialism | সাম্রাজ্যবাদ | Legend | কিংবদন্তি |
| Import | আমদানি | Lender | মহাজন |
| Imprisonment | কারাদণ্ড | Insurance | বীমা |
| Investigation | অনুসন্ধান, তদন্ত | Interview | সাক্ষাৎকার |
| Judge | বিচারক | Judgment | রায় |
| Junction | সংযোগস্থল, জংশন | | |

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'Cabinet' এর বাংলা পরিভাষা-** [DU-7Clg: 2023-24]
A. মন্ত্রিপরিষদ B. মন্ত্রণালয়
C. সচিবালয় D. সংসদ সদস্য

**Ans A Analysis** 'Cabinet' এর বাংলা পরিভাষা- মন্ত্রিপরিষদ; Ministry- মন্ত্রণালয় Secretariat- সচিবালয়, Member of Parliament-সংসদ সদস্য।

**02. 'Autonomous' এর পারিভাষিক শব্দ কোনটি?** [DU-7Clg: 2022-23]
A. সার্বভৌমত্ব B. স্বায়ত্তশাসিত
C. স্বাধীনতা D. সম্প্রীতি

**Ans B Analysis** পারিভাষিক শব্দ:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Sovereignty | সার্বভৌমত্ব | Tradition | ঐতিহ্য |
| Universal | বিশ্বজনীন | Secular | ধর্মনিরপেক্ষ |

**03. 'Genocide' এর বাংলা পরিভাষা–** [DU-7Clg: 2021-22]
A. গণবিরোধী B. গণহত্যা
C. গণশত্রু D. গণস্বার্থ

**Ans B Analysis** পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| General Amnesty | সাধারণ ক্ষমা | Garrison | সেনাদল |
| Just War | ন্যায় যুদ্ধ | Litigation | মামলা |

**04. 'Primitive' শব্দের বাংলা পরিভাষা হলো–** [DU-7Clg: 2020-21]
A. অসীম B. অপরিসীম
C. আদিম D. আমৃত্যু

**Ans C Analysis** গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Protocol | সৌজন্যবিধি | Postpone | মুলতবি রাখা |
| Post-age | ডাকমাশুল | Part-time | খণ্ডকালীন |

**05. 'Sabotage' শব্দের বাংলা পরিভাষা–** [DU-7Clg: 2019-20]
A. অপঘাত B. হাঙ্গামা
C. অন্তর্ঘাত D. শ্বাসাঘাত

**Ans C Analysis** কতিপয় পরিভাষা:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Statue | প্রতিমূর্তি | Sovereignty | সার্বভৌমত্ব |
| Scheme | পরিকল্প | Script | উত্তরপত্র |

**06. 'Schedule' শব্দের অন্যতম অর্থ–** [DU-7Clg: 2018-19]
A. ধারাবাহিকতা B. অনুক্রম
C. তালিকা D. তফসিল

**Ans D Analysis** Schedule শব্দটি 'তফসিল' অর্থে ব্যবহৃত হলেও অনেক সময় 'তালিকা' অর্থেও ব্যবহৃত হয়।

**07. 'Agora' শব্দের বাংলা পরিভাষা–** [DU-7Clg: 2017-18]
A. সুপার শপ B. মুদি দোকান
C. বড় দোকান D. মুক্ত স্থান

**Ans D Analysis** কতিপয় পারিভাষিক শব্দ:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Ceiling | সর্বোচ্চ | Emblem | প্রতীক |
| Farce | প্রহসন | Genesis | উৎপত্তি |
| Bench | এজলাস | Delta | ব-দ্বীপ |

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'Stakeholder' শব্দের প্রচলিত পারিভাষিক রূপ হলো–**
A. মধ্যস্বত্বভোগী B. কার্যাধ্যক্ষ
C. অংশীজন D. মাঠকর্মী

**Ans C Analysis** Stakeholder = অংশীজন/অংশিদার

**02. Deadlock-এর বাংলা-**
A. অন্ধকারাচ্ছন্ন B. বিশৃঙ্খলা
C. অচলাবস্থা D. মৃত্যুপথযাত্রী **C**

**03. Notification-এর পরিভাষা-**
A. স্মারক B. প্রজ্ঞাপন
C. বিজ্ঞাপন D. বিজ্ঞপ্তি **B**

**04. প্লাজা (Plaza) শব্দের অর্থ-**
A. কোণ B. চত্বর
C. কেন্দ্র D. শহর **B**

**05. 'Charter' শব্দের বাংলা পরিভাষা-**
A. বিজ্ঞপ্তি B. সনদ
C. ভাষ্য D. নথিপত্র

**Ans B Analysis** বিজ্ঞপ্তি-Notice, ভাষ্য-Commentary, নথিপত্র-Archives।

**06. Ambiguous এর পরিভাষা-**
A. উভয়বলতা B. উভবল
C. উভচর D. দ্ব্যর্থক

**Ans D Analysis** দ্ব্যর্থক শব্দটি গঠিত হয়েছে (দ্বি + অর্থক) সন্ধির এই আকারে। শব্দটির অর্থ- দুই রকমের অর্থ হয়।

**07. 'overrule' -এর বাংলা প্রতিশব্দ হলো–**
A. আমলে আনা B. বাতিল করা
C. মুলতবি করা D. কার্যকর করা **B**

**08. 'Epicurism'-এর যথার্থ পরিভাষা-**
A. নিয়তিবাদ B. ভোগবাদ
C. অস্তিত্ববাদ D. পরিবেশবাদ **B**

**09. 'Bona fide- শব্দের সঠিক বাংলা নেতিবাচক রূপ কোনটি?**
A. দালালি B. লঙ্ঘন
C. মুষ্টিযুদ্ধ D. প্রকৃত

**Ans D Analysis** Bona fide- প্রকৃত/বিশ্বস্ত/সরল বিশ্বাসে/আন্তরিক।

**10. Abstract শব্দের বাংলা পরিভাষা কি?**
A. বিমূর্ত B. অদ্ভুত
C. অভিভূত D. মূর্ত

**Ans A Analysis** কতিপয় গুরুত্বপূর্ণ পারিভাষি

**11. 'পরিশিষ্ট' শব্দটির পরিভাষা-**
A. Almanac B. Addendum
C. Annexure D. Annexation **B**



CS CamScanner

12. 'Excise duty'- র পরিভাষা কোনটি?
A. অতিরিক্ত কর B. আবগারি শুল্ক
C. অর্পিত দায়িত্ব D. অতিরিক্ত কর্তব্য **B**

13. 'Dialect'- এর বাংলা পারিভাষিক শব্দ কোনটি?
A. অপভাষা B. উপভাষা
C. মানভাষা D. মিশ্রভাষা

**Ans B Analysis** Dialect (Noun)- আঞ্চলিক ভাষা/উপভাষা।

14. 'Key note' এর পরিভাষা-
A. চাবিকাঠি B. মূলভাব
C. পাদটীকা D. গুরুত্বপূর্ণ **B**

15. Genocide - এর বাংলা পরিভাষা কোনটি?
A. জননায়ক B. গণস্বার্থ
C. গণহত্যা D. গণবিরোধী **C**

## PRIME TEST

01. 'Epicurism' -এর যথার্থ পরিভাষা-
A. নিয়তিবাদ B. ভোগবাদ
C. অস্তিত্ববাদ D. পরিবেশবাদ

02. 'Modernism'-এর সাহিত্যতাত্ত্বিক পরিভাষা-
A. আধুনিক B. আধুনিকতা
C. আধুনিকতাবাদ D. আধুনিকবাদ

03. 'Meteor' -এর পরিভাষা-
A. ধূমকেতু B. ধ্রুবতারা
C. অগ্নিগোলক D. উল্কা

04. 'Bribe' শব্দের বাংলা পরিভাষা-
A. উপহার B. সালামি
C. সাহসী D. উৎকোচ

05. 'overrule' -এর বাংলা প্রতিশব্দ হলো-
A. আমলে আনা B. বাতিল করা
C. মুলতবি করা D. কার্যকর করা

06. 'Amplification' -এর পরিভাষা-
A. পরিবর্ধন B. পরিবর্তিত
C. প্রাচুর্য D. বিস্তারিত

07. 'Vivid' শব্দের বঙ্গানুবাদ হল-
A. বিবিধ B. প্রাণবন্ত
C. বিকৃত D. ব্যাপ্ত

08. 'Deadlock'- এর বাংলা
A. অন্ধকারাচ্ছন্ন B. বিশৃঙ্খলা
C. অচলাবস্থা D. মৃত্যুপথযাত্রী

09. 'Forgery' শব্দের বাংলা পরিভাষা-
A. ফৌজদারি B. জালিয়াতি
C. বলপ্রয়োগকারী D. দালালি

10. 'Index' এর পরিভাষা-
A. ফর্দ B. সূচি
C. নির্দেশ D. পঞ্জি

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.B | 03.D | 04.D | 05.B | 06.A | 07.B | 08.C | 09.B | 10.B |

# ধ্বনি ও বর্ণ প্রকরণ

টপিক ৩৬

ব্যাকরণ

## ধ্বনি প্রকরণ

বাংলা ভাষার বাক্‌প্রবাহকে বিশ্লেষণ করলে কতগুলো মৌলিক ধ্বনি পাওয়া যায়। বাংলাভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়।

যথা- ক. স্বরধ্বনি খ. ব্যঞ্জনধ্বনি

### স্বরধ্বনি

যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস্ তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও বাধা পায় না, সে সকল ধ্বনিকে স্বরধ্বনি বলে। যেমন- অ, আ, ই, উ ইত্যাদি।

### ব্যঞ্জনধ্বনি

যে সকল ধ্বনি উচ্চরণের সময় ফুসফুস্ তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও না কোথাও বাধা পায় সে সকল ধ্বনিকে ব্যঞ্জনধ্বনি বলে। যেমন- ক, চ, ট, ত, প ইত্যাদি।

ধ্বনি : কণ্ঠজাত আওয়াজের ক্ষুদ্রতম অংশ।
বর্ণ : ধ্বনি নির্দেশক লিখিত সাংকেতিক চিহ্ন/প্রতীক।
স্বরবর্ণ : স্বরধ্বনি নির্দেশক সাংকেতিক চিহ্নকে বলে স্বরবর্ণ।
ব্যঞ্জনবর্ণ : ব্যঞ্জনধ্বনি নির্দেশক সাংকেতিক চিহ্নকে বলে ব্যঞ্জন বর্ণ।
বর্ণমালা : যে কোন ভাষার লিখিত বর্ণ সমষ্টিকে বলা হয় বর্ণমালা।

বাংলা বর্ণমালায় মোট ৫০টি বর্ণ রয়েছে।
স্বরবর্ণ = ১১টি (কিন্তু মৌলিক স্বরধ্বনি ৭টি- ই, উ, এ, ও, অ্যা, অ, আ)।
যৌগিক স্বরধ্বনি ২৫টি; কিন্তু যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ ২টি- ঐ (অ + ই), ঔ (অ + উ)।
ব্যঞ্জনবর্ণ = ৩৯টি
মোট = ৫০টি

মাত্রার উপর ভিত্তি করে বর্ণ ৩ প্রকার-

| মাত্রার নাম | স্বরবর্ণ | ব্যঞ্জনবর্ণ | মোট বর্ণ |
|---|---|---|---|
| পূর্ণমাত্রা | ৬টি (অ, আ, ই, ঈ, উ, ঊ) | ২৬টি (ক, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, দ, ন, ফ, ব, ভ, ম, য, র, ল, ষ, স, হ, ড়, ঢ়, য়) | ৩২টি |
| অর্ধমাত্রা | ১টি (ঋ) | ৭টি (খ, গ, ণ, থ, ধ, প, শ) | ৮টি |
| মাত্রাহীন | ৪টি (এ, ঐ, ও, ঔ) | ৬টি (ঙ, ঞ, ৎ, ং ঃ ँ) | ১০টি |
| | | | সর্বমোট বর্ণ = ৫০টি |

## স্বরধ্বনির শ্রেণিবিভাগ

উচ্চারণ কাল/সময় অনুযায়ি স্বরধ্বনিকে ২ ভাগে ভাগ করা যায়।

ক. **হ্রস্বস্বর :** যে সকল ধ্বনি অল্প সময়ে উচ্চারণ করা যায়।হ্রস্বস্বর ৪টি; যথা- অ, ই, উ, ঋ।

খ. **দীর্ঘস্বর :** যে সকল ধ্বনি উচ্চারণে অধিক সময় লাগে। দীর্ঘস্বর ৭টি; যথা- আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

**মৌলিক স্বর :** যে সকল স্বরধ্বনিকে বিশ্লেষণ করা যায় না; সেগুলোকে মৌলিক স্বর বলে। (অ, আ, ই, উ, এ, ও, অ্যা)। ৭টি।

**যৌগিক স্বর :** যে সকল স্বরধ্বনি একক স্বরের অধিকারী নয় অর্থাৎ যাদের বিশ্লেষণ করলে দুটো মৌলিক স্বরধ্বনি পাওয়া যায়; তাদের যৌগিক স্বর বলে। যৌগিক স্বর ২৫টি; কিন্তু যৌগিক স্বরবর্ণ ২টি। যেমন- ঐ (অ + ই), ঔ (অ+উ)। এগুলোকে দ্বি-স্বর বলে।



CamScanner

**উচ্চারণস্থান অনুযায়ি স্বরধ্বনির ৭টি অবস্থান:**

| স্থান | সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত | কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত | পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত |
|---|---|---|---|
| উচ্চ | ই/ঈ | | উ/ঊ |
| উচ্চমধ্য | এ | | ও |
| নিম্নমধ্য | অ্যা | | অ |
| নিম্ন | | আ | |

বিবৃত উচ্চারণকে স্বাভাবিক উচ্চারণ বলে। যেমন– অমল, অনেক, সংবৃত উচ্চারণকে বিকৃত বা অস্বাভাবিক উচ্চারণ বলে। যেমন– অধীর (ওধীর), অলি (ওলি)।

**উচ্চারণ স্থান অনুযায়ি ব্যঞ্জনবর্ণ :**

| বর্গ | উচ্চারণ স্থান | উচ্চরণ স্থান অনুযায়ী নাম | অঘোষ ১. অল্পপ্রাণ | অঘোষ ২. মহাপ্রাণ | ঘোষ ৩. অল্পপ্রাণ | ঘোষ ৪. মহাপ্রাণ | ঘোষ ৫. নাসিক্য |
|---|---|---|---|---|---|---|---|
| ক | কণ্ঠ | কণ্ঠ্য | ক | খ | গ | ঘ | ঙ |
| চ | তালু | তালব্য | চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | মূর্ধা | মূর্ধন্য | ট | ঠ | ড | ঢ | ণ |
| ত | দন্ত | দন্ত্য | ত | থ | দ | ধ | ন |
| প | ওষ্ঠ | ওষ্ঠ্য | প | ফ | ব | ভ | ম |

**টিচার্স টেকনিক:** বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ-অঘোষ, বর্গের তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম বর্ণ-ঘোষ, বর্গের প্রথম ও তৃতীয় বর্ণ-অল্পপ্রাণ, বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ-মহাপ্রাণ। অর্থাৎ ১, ৩, ৫ অল্পপ্রাণ; ২, ৪ মহাপ্রাণ।

আবার ১, ২ অঘোষ; ৩, ৪, ৫ ঘোষ।

| | |
|---|---|
| স্পর্শ বর্ণ ২৫টি | ক-ম পর্যন্ত। এগুলোকে বর্গীয় বর্ণও বলা হয়। |
| নাসিক্য বর্ণ ৫টি | ঙ, ঞ, ণ, ন, ম |
| উষ্মবর্ণ/শিশবর্ণ ৪টি | শ, ষ, স, হ |
| অন্তঃস্থ বর্ণ ৪টি | য, র, ল, ব |
| পরাশ্রয়ী বর্ণ ৩টি | ং, ঃ, ঁ |
| কম্পনজাত ধ্বনি ১টি | র |
| তাড়নজাত ধ্বনি ২টি | ড়, ঢ় |
| পার্শ্বিক বর্ণ ১টি | ল |
| নিলীন বর্ণ ১টি | অ |
| ফলা ৬টি | ন (ন্), ম (ম্), য (্য), র (্র), ব (ব), ল (ল্)। কার-১০টি (অ ব্যতিত সব) |

**বিশেষ দ্রষ্টব্য:** খণ্ড- ত (ৎ) কে স্বতন্ত্র বর্ণ হিসেবে ধরা হয় না। এটি ত বর্ণের হস্ চিহ্নযুক্ত সংক্ষিপ্ত রূপ।

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01.** বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা– [DU-7Clg: 2018-19]

A. ৫টি
B. ৭টি
C. ৯টি
D. ১১টি

**Ans D Analysis** বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা ১১টি। তবে অ, আ, ই, উ, এ, অ্যা, ও- মোট ৭টি মৌলিক স্বরধ্বনি রয়েছে।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01.** 'ড়' একটি--- ধ্বনি।

A. তরল B. উষ্ম
C. কম্পনজাত D. তাড়নজাত

**Ans D Analysis** ড়, ঢ় = তাড়নজাত ধ্বনি।

**02.** কোন কোন বর্ণ মিলে 'ষ্ণ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে?

A. ষ্ + ঞ B. ষ্ + ন
C. ষ্ + ঙ D. ষ্ + ণ

**03.** বাংলা ভাষার স্বরবর্ণ ও স্বরধ্বনির অনুপাত কত?

A. ১১ : ৯ B. ১১ : ৭
C. ১১ : ১০ D. ১১ : ৬

**Ans B Analysis** বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা সাতটি (অ, আ, ই, উ, এ, অ্যা, ও) হলেও এর বর্ণমালায় এখন স্বরবর্ণের সংখ্যা এগারোটি (অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ) ।সুতরাং বর্ণ ও ধ্বনির অনুপাত ১১:৭।

**04.** 'হৃদয়' শব্দে 'হ্'-এর সঙ্গে যুক্ত হয়েছে-

A. ঋ-কার B. উ-কার
C. ঊ-কার D. ও-কার

**Ans A Analysis** প্রশ্নশব্দের 'হৃদয়' এর মত অন্যান্য 'ঋ' কারযুক্ত শব্দ হলো হৃদয়, হৃদ্য, ঋদ্ধ, কৃষি, কৃষাণ, কৃষক, ঋষি ইত্যাদি।

**05.** 'ড়' এবং 'ঢ়' ধ্বনিগুলোকে বলে?

A. নাসিক্য ধ্বনি B. কম্পনজাত ধ্বনি
C. তাড়নজাত ধ্বনি D. উষ্ম ধ্বনি

**Ans C Analysis** • নাসিক্য ধ্বনি ৫টি- ঙ, ঞ, ণ, ন, ম।
• কম্পনজাত ধ্বনি ১টি- র।
• তাড়নজাত ধ্বনি ২টি- ড়, ঢ়।
• উষ্মধ্বনি ৪টি- স, শ, ষ, হ।
• পার্শ্বিক ধ্বনি ১টি- ল।
• স্পর্শ ধ্বনি ২০টি- ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ, প, ফ, ব, ভ।

**06.** বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?

A. ৮টি B. ৭টি
C. ৯টি D. ১০টি

**Ans D Analysis** মাত্রাহীন বর্ণ- ১০টি। অর্ধমাত্রা বর্ণ- ০৮ টি। পূর্ণমাত্রা বর্ণ- ৩২ টি।

**07.** ধ্বনি সৃষ্টির সময় স্বরতন্ত্রীগুলোতে অনুরণন সৃষ্টি হলে তাকে বলে-

A. অঘোষ ধ্বনি B. ঘোষ ধ্বনি
C. অল্পপ্রাণ ধ্বনি D. মহাপ্রাণ ধ্বনি

**Ans B Analysis** **মহাপ্রাণ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময়ে সাজারে নিঃশ্বাস বহির্গত হয়, তাকে মহাপ্রাণ ধ্বনি বলে। সাধারণত এক্ষেত্রে 'হ' ধ্বনির উচ্চারণ হয়। যেমন- খ, ঘ, ছ, ঝ

**অল্পপ্রাণ ধ্বনি:** যে ধ্বনির উচ্চারণে 'হ' ধ্বনির উচ্চারণ হয় না। যেমন- ক, গ, চ, জ।

**অঘোষ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণে স্বরযন্ত্রের মধ্যবর্তী স্বরতন্ত্রীর স্পন্দন হয় না। যেমন- ক, খ, চ, ছ।

**ঘোষ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় স্বরযন্ত্রের মধ্যবর্তী স্বরতন্ত্রী স্পন্দিত হয়। যেমন- গ, ঘ, ঙ, জ, ঝ।



CamScanner

**08.** উষ্ম ধ্বনির উদাহরণ নয় কোনটি?

A. শ　　B. স
C. ভ　　D. ষ

**Ans C Analysis** কয়েক প্রকার ধ্বনির উদাহরণ:

| | |
|---|---|
| উষ্ম বর্ণ- | শ, ষ, স |
| ওষ্ঠ্য ধ্বনি | প, ফ, ব, ভ, ম |
| তাড়নজাত ধ্বনি | ড়, ঢ় |
| কম্পনজাত ধ্বনি | র |
| পার্শ্বিক ধ্বনি | ল |

**09.** উচ্চারণ-রীতি অনুযায়ী নিচের কোনটি উচ্চ-মধ্য সম্মুখ স্বরধ্বনি?

A. এ　　B. ও
C. অ্যা　　D. অ

**Ans A Analysis** কয়েকটি গুরুত্বপূর্ণ স্বরধ্বনি:

| উচ্চারণের স্থান | সম্মুখ ওষ্ঠধর প্রসৃত | কেন্দ্রীয় ওষ্ঠধর বিবৃত | পশ্চাৎ ওষ্ঠধর গোলাকৃতি |
|---|---|---|---|
| উচ্চ | ই, ঈ | – | উ, ঊ |
| উচ্চমধ্য | এ | – | ও |
| নিম্নমধ্য | অ্যা | – | অ |
| নিম্ন | – | আ | – |

**10.** বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ কয়টি?

A. ১০ টি　　B. ১১টি
C. ১২টি　　D. ১৩টি

**Ans A Analysis** বাংলা বর্ণমালার মাত্রা-বিষয়ক কতিপয় তথ্য-

| | | |
|---|---|---|
| • পূর্ণমাত্রার বর্ণ (৩২টি) | • অর্ধমাত্রার বর্ণ (০৮টি) | • মাত্রাহীন বর্ণ (১০টি) |
| •স্বরবর্ণ (৬টি) | • স্বরবর্ণ (১টি) | • স্বরবর্ণ (৪টি) |
| •ব্যঞ্জনবর্ণ (২৬টি) | • ব্যঞ্জনবর্ণ (০৭টি) | • ব্যঞ্জনবর্ণ (০৬ টি ) |

**11.** 'ঊ' কোন ধরনের স্বরধ্বনি?

A. মিলিত　　B. যৌগিক
C. তালব্য　　D. কোনটিই নয়

**Ans D Analysis** 'ঊ' স্বরধ্বনির বৈশিষ্ট্য-

• এটি উচ্চ-পশ্চাৎ স্বরধ্বনি।
• এটি গোলাকৃত-সংবৃত ও দৃঢ় স্বরধ্বনি।

**12.** কোনটি একাক্ষর শব্দ?

A. ভাই　　B. চাচা
C. দিদি　　D. মামা

**Ans A Analysis** এক প্রয়াসে উচ্চারিত শব্দকে একাক্ষর শব্দ বলে। যেমন: ভাই, যাই, দেখ, কর, ধর ইত্যাদি।

**13.** 'আ' একটি-

A. যৌগিক ধ্বনি　　B. দ্বিস্বর ধ্বনি
C. মৌলিক স্বরধ্বনি　　D. ব্যঞ্জনধ্বনি

**Ans C Analysis** মৌলিক স্বরধ্বনি ৭টি - অ, আ, ই, উ, এ, অ্যা, ও

**14.** 'ক্ষ' যুক্তবর্ণটি-

A. 'ষ' ও 'ঞ'- এর মিলিত রূপ　　B. 'ক' ও 'ষ' -এর মিলিত রূপ
C. 'হ' ও 'ম' -এর মিলিত রূপ　　D. 'হ' ও 'ষ' -এর মিলিত রূপ

**15.** ভাষার মূল উপাদান কী?

A. বাক্য　　B. ধাতু
C. ধ্বনি　　D. শব্দ

## PRIME TEST

**01.** বাংলা ভাষায় ব্যঞ্জনবর্ণ কয়টি?

A. ২৯টি　　B. ৩৯টি
C. ১৯টি　　D. ৪৯টি

**02.** বিসর্গ (ঃ) বর্ণটি রূপান্তর?

A. হ　　B. স
C. শ　　D. ষ

**03.** দ্বিস্বরধ্বনি যুক্ত শব্দ-

A. তৈল　　B. রক্ষক
C. স্বর্ণ　　D. আবরণ

**04.** নিচের স্বরধ্বনি কোনটি?

A. অ　　B. ক
C. চ　　D. ত

**05.** কোনটি মৌলিক স্বরধ্বনি?

A. ঐ　　B. ঔ
C. ঈ　　D. ই

**06.** যে বর্ণ উচ্চারণের সময় স্বরতন্ত্রী কাঁপে না, তাকে বলে-

A. মহাপ্রাণ বর্ণ　　B. অঘোষ বর্ণ
C. অল্পপ্রাণ বর্ণ　　D. ঘোষ বর্ণ

**07.** অর্ধমাত্রা স্বরবর্ণ কয়টি?

A. ১০টি　　B. ৮টি
C. ৬টি　　D. ১টি

**08.** বাংলা বর্ণমালায় কয়টি 'ব' আছে?

A. ২　　B. ৩
C. ৪　　D. ১

**09.** নিচের কোন বর্ণগুলো কখনো শব্দের প্রথমে আসে না?

A. ঙ ং ঞ ণ　　B. ন ঝ ধ ঙ
C. থ ন ধ　　D. কোনোটিই নয়

**10.** পার্শ্বিক ধ্বনির উদাহরণ কোনটি?

A. হ　　B. র
C. ল　　D. ষ

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.A | 03.A | 04.A | 05.D | 06.B | 07.D | 08.D | 09.A | 10.C |



CS CamScanner

# ধ্বনি পরিবর্তন

টপিক ৩৭ ব্যাকরণ

⊙ **আদি স্বরাগম:** আগে স্বরধ্বনির আগমন হলে আদি স্বরাগম হয়।

⇒ স্কুল > ইস্কুল, স্পর্ধা > আস্পর্ধা।

⊙ **মধ্য স্বরাগম:** মাঝে স্বরধ্বনির আগমন হলে মধ্য স্বরাগম হয়।

⇒ মুক্তা > মুকুতা, ফিল্ম > ফিলিম।

⊙ **অন্ত্য স্বরাগম:** শেষে স্বরধ্বনির আগমন হলে অন্ত্য স্বরাগম হয়।

⇒ দিশ > দিশা, বেঞ্চ > বেঞ্চি।

⊙ **অপিনিহিতি:** পরের ই/উ- কার এবং য-ফলা থাকলে, ই/উ আগে উচ্চারিত হবে।

⇒ আজি > আইজ, সাধু > সাউধ, মারি > মাইর।

⊙ **অসমীকরণ:** একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হয়।

⇒ টপ + টপ > টপাটপ, ধপ + ধপ > ধপাধপ।

⊙ **ধ্বনি বিপর্যয়:** শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরিবর্তন।

⇒ রিকসা > রিসকা, পিশাচ > পিচাশ, বাক্স > বাস্ক।

⊙ **দ্বিত্ব ব্যঞ্জন:** শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব বা দুইবার উচ্চারণ হবে।

⇒ পাকা > পাক্কা, সকাল > সক্কাল, ছোট > ছোট্ট।

⊙ **ব্যঞ্জনচ্যুতি:** পাশাপাশি সমউচ্চারণের দুটি ব্যঞ্জনধ্বনির একটি লোপ পায়।

⇒ বউ দিদি > বউদি, বড় দাদা > বড়দা।

⊙ **অন্তর্হতি:** পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ হলে।

⇒ আলাহিদা > আলাদা, ফলাহার > ফলার, ফাল্গুন > ফাগুন।

⊙ **অভিশ্রুতি:** বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং সেই অনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে।

⇒ শুনিয়া > শুনে, করিয়া > করে, নাচিয়া > নেচে।

⊙ **ব্যঞ্জন বিকৃতি:** শব্দের মধ্যে যে কোন একটি ব্যঞ্জন বিকৃত হয়ে বা পরিবর্তন হয়ে নতুন একটি ব্যঞ্জন ব্যবহৃত হয়।

⇒ ধোবা > ধোপা, কবাট > কপাট, ধাইমা > দাইমা।

⊙ **বিষমীভবন:** দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে।

⇒ শরীর > শরীল, লাল > নাল।

⊙ **স্বরসঙ্গতি**

**ক. প্রগত:** আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বরের পরিবর্তন।

⇒ মুলা > মুলো, শিকা > শিকে।

**খ. পরাগত:** অন্ত্যস্বর অনুযায়ী আদিস্বরের পরিবর্তন।

⇒ আখো > এখো, দেশি > দিশি।

**গ. মধ্যগত:** আদ্যস্বর/অন্ত্যস্বর অনুযায়ী মধ্যস্বরের পরিবর্তন।

⇒ বিলাতি > বিলিতি, জিলাপি > জিলিপি।

**ঘ. অন্যোন্য:** আদ্য ও অন্ত্য দুইস্বর পরস্পর প্রভাবিত হলে।

⇒ মোজা > মুজো, ভোঁতা > ভুঁতো

⊙ **সমীভবন:**

**ক. প্রগত সমীভবন:** পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন।

⇒ জন্ম > জম্ম, কাঁদনা > কান্না।

**খ. পরাগত সমীভবন:** পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন।

⇒ তৎ + জন্য > তজ্জন্য, উৎ + মুখ > উন্মুখ।

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

**01. অভিশ্রুতির উদাহরণ হলো–** [DU-7Clg: 2018-19]

A. হাউট্যা B. মেছো
C. মাছুয়া D. আইসা

**Ans B Analysis** বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলে গেলে এবং তদানুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে, তাকে বলে অভিশ্রুতি। যেমন: মাছুয়া > মেছো, হাটুয়া > হাউটা > হেটো।

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'ধার' শব্দটি যে ধ্বনি পরিবর্তন প্রক্রিয়ার দৃষ্টান্ত-**

A. বিপ্রকর্ষ B. স্বরভক্তি
C. সম্প্রকর্ষ D. অন্তর্হতি

**Ans C Analysis** দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোন স্বরধ্বনি লোপ পেলে তা সম্প্রকর্ষ। এর অপর নাম ধ্বনিলোপ বা স্বরলোপ। যেমন: উদ্ধার > উধার > ধার ।

**02. লাফ > ফাল- কোন্ ধরনের ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত?**

A. ব্যঞ্জনাগম B. ধ্বনিবিপর্যয়
C. ধ্বনিলোপ D. বিষমীভবন

**Ans B Analysis** দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে ধ্বনি বিপর্যয় হয়। যেমন- পিশাচ > পিচাশ; লাফ > ফাল; রিক্সা > রিস্কা।

**03. ব্যঞ্জন বিকৃতির দৃষ্টান্ত-**

A. ফাল্গুন > ফাগুন B. বড়দিদি > বউদি
C. ধোবা > ধোপা D. ধরিতে > ধরতে

**Ans C Analysis** কোন বর্ণ পরিবর্তিত হয়ে নতুন রূপ ধারণ করলে ব্যঞ্জন বিকৃতি হয়। যেমন- কবাট > কপাট; লেবু > নেবু

**04. 'মিত্তির' শব্দ সৃষ্টির কারণ-**

A. স্বরভক্তি B. স্বরসংগতি
C. অপিনিহিতি D. অভিশ্রুতি

**Ans A Analysis** সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসলে স্বরভক্তি হয়। যেমন- ক্লেশ > কিলেশ; রত্ন > রতন, অনরূপভাবে-মিত্র > মিত্তির।

**05. ভুল বিপরীত শব্দযুগল**

A. ঐহিক > পারত্রিক B. গাম্ভীর্য > চাপল্য
C. আসক্ত > বিরক্তি D. গুপ্ত > সুপ্ত

**Ans D Analysis** 'গুপ্ত' শব্দের বিপরীত শব্দ হলো: ব্যপ্ত, উন্মুক্ত, খোলা, মুক্ত।

**06. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ নয় কোনটি?**

A. পিশাচ > পিচাশ B. বাক্স > বাস্ক
C. রিক্সা > রিস্কা D. স্কুল > ইস্কুল

**Ans D Analysis** উপরোক্ত স্কুল > ইস্কুল উদাহরণটি সমীভবনের উদাহরণ।

**07. 'ধরিয়া' থেকে 'ধরে' ধ্বনি-পরিবর্তনের কোন নিয়মে হয়েছে?**

A. অন্তর্হতি B. অভিশ্রুতি
C. সমীভবন D. স্বরসঙ্গতি

**Ans B Analysis** বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদানুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি।যেমন, 'ধরিয়া' (ধ+অ+র+ই+য়+আ) থেকে অপিনিহিতির মাধ্যমে (র+ই-এর আগে আরেকটা অতিরিক্ত 'ই' যোগ হয়ে) 'ধইরিয়া' হলো। অর্থাৎ অন্য কোন প্রক্রিয়ায় 'ই' স্বরধ্বনিটির পরিবর্তন হলো। আবার 'ধইরিয়া'-এর র+ই-এর 'ই' তার আগের 'ই'-র সঙ্গে মিলে গেলে হলো 'ধইরয়া' বা 'ধইরা'। এবার 'ধইরা'-র 'ই' ও 'আ' পরিবর্তিত হয়ে হলো 'ধরে'। এরকম, শুনিয়া>শুইনিয়া>শুইনা>শুনে, বলিয়া> বইলিয়া> বইলা> বলে, হাটুয়া> হাউটুয়া> হাউটা>হেটো, মাছুয়া> মাউছুয়া> মাউছা>মেছো।



CamScanner

08. 'শুনিয়া >শুনে' কোন ধরনের ধ্বনি-পরিবর্তন?

A. বিষমীভবন B. সমীভবন

C. স্বরলোপ D. অভিশ্রুতি

Ans D Analysis বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদানুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন: শুনিয়া>শুনে, করিয়া > করে, হাটুয়া>হেটো, মাছুয়া>মেছো।

09. ট্যাক্স > ট্যাক্সো-একটি ধ্বনির কোন ধরণের পরিবর্তন?

A. অন্ত্য স্বরাগম B. অভিশ্রুতি

C. ধ্বনি বিপর্যয় D. মধ্য স্বরাগম

Ans A Analysis অন্তশব্দের অন্তেস্বরধ্বনির আগমনকে অন্ত্য স্বরাগম বলে। যেমন: পোখ্‌ত>পোক্ত, দিশ্‌>দিশা,বেঞ্চ>বেঞ্চি ইত্যাদি।

10. 'গল্প>গপ্প' কোন ধরনের ধ্বনি-পরিবর্তন?

A. স্বরসংগতি B. বিষমীভবন

C. অসমীকরণ D. সমীভবন

Ans D Analysis দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্পবিস্তর সমতা লাভ করলে, তাকে সমীভবন বলে। প্রদত্ত প্রশ্নোত্তর প্রগত স্বরধ্বনির। অন্যান্য শব্দ হলো- পক্ক >পক্ক, চক্র > চক্ক, কাঁদনা > কান্না।

11. কোনটি অভিশ্রুতির উদাহরণ?

A. আজি > আইজ B. চলিল > চলল

C. আসিয়া > এসে D. কন্যা > কাইন্যা

Ans C Analysis অভিশ্রুতির উদাহরণ হলো: করিয়া > কইর‍্যা > করে, জালিয়া > জাইল্যা > জেলে, হাটিয়া > হাইট্যা > হেঁটে।

12. পর্তুগিজ 'আনানস'বাংলায় হয়েছে 'আনারস' ।--- এটি কোন ধরনের পরিবর্তন?

A. সাদৃশ্যগত B. বৈসাদৃশ্য

C. অর্থগত D. ধ্বনিতাত্ত্বিক

Ans A Analysis আনানস-এ 'রস' আছে। এ থেকে হল 'আনারস' সাদৃশ্যগত আরও পরিবর্তন: ইংরেজি Tobacco থেকে তাম্রকূট [তামাটে রং এবং 'কূট' বা বিষতুল্য বলে) > তামাক

ইংরেজি Arm chair থেকে আরামকেদারা (বসলে আরাম পাওয়া যায়)

13. জন্ম > জন্ম এবং কাঁদনা > কান্না - শব্দ দুইটি নিচের কোনটির উদাহরণ?

A. অসমীকরণ B. অভিশ্রুতি

C. সমীভবন D. স্বরসঙ্গতি

Ans C Analysis অসমীকরণ বা অসমীভবন: একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য শব্দের মাঝখানে যখন স্বরধ্বনির যুক্ত হয় তখন তাকে অসমীভবন বা অসমীকরণ বলে। যেমন: ধপাধপ, পটাপট।

- **অভিশ্রুতি:** ই বা উ পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলিত হলে এবং তার প্রভাবে পরবর্তী স্বরের সঙ্গতি বা বিকৃতি ঘটলে, তাকে অভিশ্রুতি বলে। যেমন: বলিয়া > বইল্যা > বলে; মাছুয়া > মাউছ্যা > মেছো।
- **সমীভবন বা সমীকরণ:** শব্দের মধ্যে পাশাপাশি অবস্থিত অসম ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সুবিধার্থে একে অপরের প্রভাবে সঙ্গতি বা সাম্য লাভ করলে, তাকে সমীভবন বলে যেমন: জন্ম > জন্ম, কাঁদনা > কান্না ইত্যাদি।
- **স্বরসঙ্গতি:** পূর্ববর্তী স্বরের প্রভাবে পরবর্তী স্বরের বা পরবর্তী স্বরের প্রভাবে পূর্ববর্তী স্বরের সঙ্গতি রক্ষার প্রবণতাকে স্বরসঙ্গতি বলে। যেমন: মিথ্যা > মিথ্যে, ইচ্ছা > ইচ্ছে ইত্যাদি।

14. দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে কি বলা হয়?

A. সমীভবন B. অভিশ্রুতি

C. স্বরসঙ্গতি D. সম্প্রকর্ষ

Ans D Analysis সম্প্রকর্ষ বা স্বরলোপ: দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন- বসতি > বস্‌তি।

- **আদি স্বরলোপ:** অলাবু > লাবু > লাউ; উদ্ধার > উধার > ধার।
- **মধ্য স্বরলোপ:** অগুরু > অগ্রু, সুবর্ণ > স্বর্ণ।
- **অন্ত্য স্বরলোপ:** আশা > আশ, আজি > আজ, চারি > চার।

## PRIME TEST

01. আরমারি > আলমারি- ব্যাকরণের কোন নিয়মে নিষ্পন্ন হয়েছে?

A. অন্যান্য সমীভবন B. পরাগত সমীভবন

C. প্রগত সমীভবন D. বিষমীভবন

02. দুটি ধ্বনির পরস্পর স্থান পরিবর্তন করাকে কী বলে?

A. সমীভবন B. ধ্বনিবিপর্যয়

C. স্বরভক্তি D. অভিশ্রুতি

03. 'স্কুল' শব্দটিকে 'ইস্কুল' উচ্চারণে ধ্বনির এই পরিবর্তনকে বলা হয়-

A. আদি স্বরাগম B. বিপ্রকর্ষ

C. অপিনিহিত D. পরাগত

04. নিচের কোনটি অপিনিহিতির উদাহরণ?

A. উড়ুনী B. রাইত

C. জালুয়া D. ছাওয়া

05. দু'টো সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?

A. পরাগত B. সমীভবন

C. অসমীভবন D. বিষমীভবন

06. 'দেশি > দিশি' কোন ধরনের স্বরসঙ্গতি?

A. প্রগত B. পরাগত

C. মধ্যগত D. কোনটিই নয়

07. ধরনা > ধন্না এটি কী ধরনের ধ্বনি-পরিবর্তনের উদাহরণ?

A. স্বরসংগতি B. অপনিহিতি

C. স্বরভক্তি D. সমীভবন

08. মধ্যস্বরাগমের সমার্থক কোনটি?

A. স্বরসঙ্গতি B. অভিশ্রুতি

C. বিপ্রকর্ষ D. কোনটিই নয়

09. লাফ > ফাল কোন ধরনের ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত?

A. বিষমীভবন B. ধ্বনি বিপর্যয়

C. ধ্বনিলোপ D. ব্যঞ্জনাগম

10. ফাল্গুন > ফাগুন – ধ্বনি পরিবর্তনের কোন প্রক্রিয়া এখানে কার্যকর হয়েছে?

A. ধ্বনিবিকৃতি B. শ্রুতিধ্বনি

C. অন্তর্হতি D. ধ্বনি বিপর্যয়

| OMR SHEET | | |
|---|---|---|
| | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

### ANS ANALYSIS

| 01.D | 02.B | 03.A | 04.B | 05.D | 06.B | 07.D | 08.C | 09.B | 10.C |
|---|---|---|---|---|---|---|---|---|---|



CamScanner

# ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান

টপিক ৩৮ ব্যাকরণ

## ণ-ত্ব বিধান

❖ তৎসম শব্দের বানানে 'ণ'-এর সঠিক ব্যবহারের নিয়মই ণ-ত্ব বিধান।
❖ বাংলা (দেশি), তদ্ভব এবং বিদেশি শব্দের বানানে 'ণ'-এর ব্যবহার হয় না।
❖ তৎসম শব্দের বানানে 'ণ'-এর ব্যবহার হয়।

**☞ ণ-ব্যবহারের নিয়ম:**

❖ ট-বর্গীয় ধ্বনির আগে সব সময়ই 'ণ' হয়। যেমন- ঘণ্টা, লুণ্ঠন, কাণ্ড ইত্যাদি।
❖ ঋ, র, ষ এর পরে 'ণ' হয়। যেমন- ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, মরণ, ব্যাকরণ, ভীষণ, ভাষণ, উষ্ণ ইত্যাদি।
❖ ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, ব, য়, ষ, হ, ং, ক বর্গীয় এবং প বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী 'ন' হবে 'ণ'। যেমন- কৃপণ, হরিণ, অর্পণ, লক্ষণ, রামায়ণ, ব্রাহ্মণ ইত্যাদি।

**কিছু শব্দে স্বভাবতই ণ হয় (ব্যতিক্রমভাবে উপস্থাপিত):**

চাণক্য মাণিক্য গণ, বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা
ফণী অণু বিপণী গণিকা, কল্যাণ শোণিত মণি
স্থাণু গুণ পুণ্য বেণী
আপণ লাবণ্য বাণী, নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ
গণনা পিণাক পণ্য বাণ, চিক্কণ নিক্বণ তূণ
কফোণি বণিক গুণ
নোট : কবিতার মতো ছন্দ মিলিয়ে মুখস্ত করতে হবে।

❖ সমাসবদ্ধ শব্দে সাধারণত ণত্ব বিধান খাটে না অর্থাৎ 'ন' এর ব্যবহার করতে হয়। যেমন– ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা, অগ্রনায়ক ইত্যাদি।
❖ ত বর্গীয় বর্ণের সাথে কখনো 'ণ' যুক্ত হয় না; সবসময়ই 'ন' হয়। যেমন– অন্ত, গ্রন্থ, ক্রন্দন ইত্যাদি।

## ষ-ত্ব বিধান

❖ বাংলা (দেশি) , তদ্ভব এবং বিদেশি শব্দের বানানে 'ষ' এর ব্যবহার হয় না।
❖ তৎসম শব্দের বানানে 'ষ' এর ব্যবহার হয়।
❖ তৎসম শব্দের বানানে 'ষ' এর সঠিক ব্যবহারের নিয়মই ষ-ত্ব বিধান।

**ষ ব্যবহারের নিয়ম:**

❖ অ, আ ভিন্ন অন্য কোন স্বরধ্বনি এবং ক ও র এর পরের ষ-প্রত্যয়ের স থাকলে তা ষ হয়। যেমন– ভবিষ্যৎ, মুমূর্ষু, চক্ষুষ্মান, চিকীর্ষা ইত্যাদি।
❖ ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে 'ষ' হয়। যেমন– অভিষেক, প্রতিষ্ঠান, অনুষ্ঠান, বিষম, সুষমা, সুষুপ্ত।

**টিচার্স টেকনিক:** অভিষেক প্রতিষ্ঠানের অনুষ্ঠান দেখে বিষম বিরক্ত হয়ে সুষমা ও সুষুপ্ত বানান লিখতে ভুল করল।

❖ ঋ, র এর পরে ষ হয়। যেমন– ঋষি, কৃষক, তৃষ্ণা, উৎকৃষ্ট, বৃষ্টি, দৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, বর্ষা, বর্ষণ ইত্যাদি।
❖ 'ট' ও 'ঠ' এর সাথে যুক্ত স সবসময়ই ষ হয়। যেমন- কষ্ট, স্পষ্ট, নষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ ইত্যাদি।

**কিছু তৎসম শব্দে আদি থেকে ষ ব্যবহৃত হয়-**
নোটঃ কবিতার মতো ছন্দ মিলিয়ে মুখস্ত করতে হবে।

**টিচার্স টেকনিক:**

আষাঢ় ঈষৎ ঔষধ উষা, বিষ বিশেষ বিশেষণ ভাষা
প্রত্যূষ পাষাণ পৌষ রোষ
মেষ মহিষ মূষিক কোষ, ষোড়শ ষণ্ড সষণ হর্ষ
গণ্ডষ দোষ প্রদোষ বর্ষ
মহিষী শ্লোষ শ্রেষা শ্লেষ, ষট্ তুষ ওষধি দ্বেষ
ভীষণ পুরুষ পরুষ ঘর্ষণ
শোষণ শেষ তুষার বর্ষণ, ঈষৎ ঈর্ষা উষর গ্রীষ্ম
ভাষা ভূষণ ভিষক ভীষ্ম

❖ বিদেশি শব্দের (আরবি, ফারসি, ইংরেজি ইত্যাদি) বানানে 'ষ' হয় না। যেমন- মাস্টার, পোশাক, রেস্টুরেন্ট, মডার্ন, ফটোস্ট্যাট, ফার্নিচার ইত্যাদি। সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদেও ষ হয় না। যেমন– অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

**IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION**

01. 'ণ'-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান?
A. পুরনো B. ধরন
C. ঝরনা D. বর্ণনা

02. কোন বানানটি খাঁটি ষত্ব-বিধানের উদাহরণ?
A. বিশেষণ B. ষোড়শ
C. ভূষণ D. স্পষ্ট
**Ans B Analysis** কতকগুলো শব্দে স্বভাবতই ষ হয়। যথা- আষাঢ়, উষা, ঈষৎ, মানুষ, সরিষা, ঔষধ, ভাষণ, শোষণ, পাষাণ, ভাষা; উষর, পৌষ ইত্যাদি।

03. 'ণ-ত্ব'বিধি অনুসারে কোন বানানটি ভুল?
A. পুরোনো B. ধরন
C. পরগণা D. রূপায়ণ
**Ans C Analysis** স্থান/জায়গার নামে 'ণ' হয় না। তাই 'পরগনা' নেত্রকোনা হবে।

04. নিচের কোন্ শব্দে কোনো নিয়ম ছাড়াই মূর্ধন্য-ষ বসেছে?
A. কৃষ্ণ B. কল্যাণীয়েষু
C. ভাষ্য D. অভিষেক
**Ans C Analysis** স্বভাবতই 'ষ'-এর প্রয়োগ: আষাঢ়, উষা, উষর, আভাষ, অভিলাষ, ঈষৎ, কোষ, পাষণ্ড, পাষাণ, পোষণ, ভাষা, ভাষ্য, ভাষণ, ষণ্ড, মানুষ, সরিষা, ঔষুধ, ঈষধি, তোষণ, পৌষ, রোষ, কলুষ, শোষণ, ষড়যন্ত্র, ষটচক্র ইত্যাদি।

05. নিচের যে শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়-
A. তূণ B. লক্ষণ
C. অর্পণ D. ভীষণ
**Ans A Analysis** দন্ত্য ন হয়- ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা, অগ্রনায়ক।
• মূর্ধন্য হয়: চাণক্য, মাণিক্য, গণ, বাণিজ্য, লবণ, মণ, চিক্কণ, নিক্কণ তূণ, কফণি, বণিক, গুণ, গণনা, পিণাক, পণ্য, বাণ।

06. ণত্ব ও ষত্ব-বিধান কোন্ শ্রেণির শব্দে অনুসৃত হয়?
A. দেশি B. বিদেশি
C. খাঁটি বাংলা D. তৎসম
**Ans D Analysis** ণত্ব ও ষত্ব বিধান: তৎসম শব্দের বানানে ণ-এর ব্যবহারকে ণ-ত্ব বিধান এবং ষ-এর ব্যবহারকে ষ-ত্ব বিধান বলে। তৎসম শব্দ হলো সংস্কৃত শব্দ।

07. ষ-ত্ব বিধান অনুসারে কোন বানানটি ভুল?
A. বৃষ্টি B. তুষ্ট
C. রেজিষ্টার D. উৎকৃষ্ট
**Ans C Analysis** • ঋ - কারের পর মূর্ধন্য ষ হয়। ঋষি, বৃষ, বৃষ্টি।
• অ, আ বাদে অন্য স্বরবর্ণ থাকলে 'ষ' হয়। যেমন: ভবিষ্যৎ, পরিষ্কার, মুমূর্ষ।
• কিছু শব্দ স্বভাবতই ষ হয়। যেমন: আষাঢ়, নিষ্কর, পাষাণ, ষোড়শ।



CamScanner

08. 'দুর্নাম', 'দুর্নিবার'- শব্দ দুটিতে মূর্ধন্য- 'ণ' ব্যবহৃত হয়নি কেন?
A. সমাসবদ্ধ শব্দ বলে
B. দেশি শব্দ বলে
C. তৎসম শব্দ বলে
D. বিদেশি শব্দ বলে

**Ans A Analysis** তৎসম শব্দের বানানে-ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই হল ণত্ব বিধান। ণ এর ব্যবহার নিয়ম-
- স্বভাবতই "ণ" হয়- গণ, বাণিজ্য, লবণ মণ, কঙ্কণ, কণিকা, মণি, কল্যাণ, গুণ্য, পুণ্য, ফণী, বিপণি, আপণ, লাবণ্য, নিপুণ, পণ, তূণ, বণিক, গুণ ইত্যাদি।
- ট বর্গীয় অর্থাৎ ট, ঠ, ড, ঢ, ণ এর আগে "ন" ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে তা সব সময়ই "ণ" হয়। যথা ঘণ্টা, বণ্টন, আকণ্ঠ, কাণ্ড, সুকণ্ঠ, মেরুদণ্ড ইত্যাদি।
- ঋ, র, ষ এর পরে মূর্ধন্য হয়। যেমন: অরণ্য, প্রেরণা, বিতরণ, ঘর্ষণ, দূষণ, ভীষণ, ভ্রূণ, প্রাণ, শ্রেণি ইত্যাদি।

09. ণ-ত্ব বিধি ও ষ-ত্ব বিধি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
A. শব্দতত্ত্ব
B. রূপতত্ত্ব
C. ধ্বনিতত্ত্ব
D. বাক্যতত্ত্ব

**Ans C Analysis** ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান ব্যাকরণের ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।

## PRIME TEST

01. 'কণ্টক' বানান কোন নিয়মে হয়?
A. ণ-ত্ব বিধান
B. বর্ণবিধান
C. ষ-ত্ব বিধান
D. কোনটিই নয়

02. ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?
A. নির্নিমেষ
B. রুগ্ন
C. পরিবহন
D. অপরাহ্ন

03. 'মাণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?
A. 'ম' বর্ণের পরে 'ণ' হয়
B. 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয়
C. 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয়
D. স্বভাবতই 'ণ' হয়

04. খাঁটি বাংলা শব্দে নিচের কোনটি যুক্ত হয় না?
A. স
B. ষ
C. ণ
D. ন

05. নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে?
A. মাণিক্য
B. গণ
C. ক্রন্দণ
D. চাণক্য

06. 'সুষমা' শব্দে যে নিয়মে 'ষ' বসে –
A. 'স' এর পূর্বে বসেছে বলে
B. স্বভাবত 'ষ' বসে বলে
C. 'ষম' মূলরূপ থেকে উৎসারিত হওয়ায়
D. 'উ' কারান্ত উপসর্গ পূর্বে আছে বলে

07. নিত্য মূর্ধন্য 'ষ' কোন শব্দে বর্তমান?
A. কষ্ট
B. উপনিষৎ
C. কল্যাণীয়েষু
D. আষাঢ়

08. ষ-ত্ব বিধানের ব্যতিক্রম কোনটি?
A. ভাষা
B. অফিস
C. সুষ্ঠু
D. দুষ্কর

09. স্বভাবতই 'ষ' হয়নি নিচের কোন শব্দে?
A. নিষেধ
B. আষাঢ়
C. মহিষ
D. বিশেষণ

10. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?
A. স্যাৎ
B. সা
C. ষ্ণেয়
D. ষ্ণিক

| OMR SHEET | | |
|---|---|---|
| | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | | 

### ANS ANALYSIS

| 01.A | 02.D | 03.D | 04.C | 05.C | 06.D | 07.D | 08.A | 09.A | 10.A |
|---|---|---|---|---|---|---|---|---|---|

# সন্ধি

টপিক ৩৯ — ব্যাকরণ

⊙ মূল কথা।
- সন্ধি শব্দের অর্থ মিলন।
- পাশাপাশি দুইটি বর্ণের মিলনকে সন্ধি বলে।
- যেমন: যথা + অর্থ = যথার্থ। এখানে (আ+অ=আ) হয়েছে।

➤ সন্ধি বাংলায় ২ ধরনের
১। স্বরসন্ধি ২। ব্যঞ্জনসন্ধি

⊙ কিন্তু তৎসম/সংস্কৃতে সন্ধি ৩ ধরনের
১। স্বরসন্ধি ২। ব্যঞ্জনসন্ধি ৩। বিসর্গ সন্ধি

○ স্বর সন্ধি : স্বর + স্বর
○ ব্যঞ্জন সন্ধি : স্বর + ব্যঞ্জন; ব্যঞ্জন + স্বর; ব্যঞ্জন + ব্যঞ্জন
○ বিসর্গ সন্ধি : বিসর্গ + স্বর/ব্যঞ্জন।

## স্বরসন্ধি

স্বরবর্ণের সাথে স্বরবর্ণের মিলনকে স্বরসন্ধি বলে।

সূত্র ১: অ + অ = আ, নর + অধম = নরাধম
অ + আ = আ, জল + আশয় = জলাশয়
আ + অ = আ, যথা + অর্থ = যথার্থ
আ + আ = আ, মহা + আশয় = মহাশয়।

চেষ্টা কর: নবান্ন, সদানন্দ, মহার্ঘ, প্রাণাধিক, কথামৃত।

সূত্র ২: অ + ই = এ, শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
অ + ঈ = এ, পরম + ঈশ = পরমেশ
আ + ই = এ, যথা + ইষ্ট = যথেষ্ট
আ + ঈ = এ, মহা + ঈশ = মহেশ

চেষ্টা কর: নরেশ, রমেশ, স্বেচ্ছা, পূর্ণেন্দু, ঢাকেশ্বরী।

সূত্র ৩: অ + উ = ও, সূর্য + উদয় = সূর্যোদয়
অ + ঊ = ও, গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব
আ + উ = ও, যথা + উচিত = যথোচিত
আ + ঊ = ও, গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি

চেষ্টা কর: নীলোৎপল, মহোর্ধ্ব, চলোর্মি, ফলোদয়।

সূত্র ৪: অ + ঋ = অর, দেব + ঋষি = দেবর্ষি
আ + ঋ = অর, মহা + ঋষি = মহর্ষি

চেষ্টা কর: উত্তমর্ণ, অধমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি

সূত্র ৫: অ + ঋত = আর, শীত + ঋত = শীতার্ত
আ + ঋত = আর, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত

চেষ্টা কর: হিমার্ত, ভয়ার্ত, তৃষ্ণার্ত

সূত্র ৬: অ + এ = ঐ, জন + এক = জনৈক
অ + ঐ = ঐ, মত + ঐক্য = মতৈক্য
আ + এ = ঐ, সদা + এব = সদৈব
আ + ঐ = ঐ, মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য

চেষ্টা কর: হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য, দৈনিক, তথৈবচ

সূত্র ৭: অ + ও = ঔ, বন + ওষধি = বনৌষধি
অ + ঔ = ঔ, পরম + ঔষধ = পরমৌষধ
আ + ও = ঔ, মহা + ওষধি = মহৌষধি
আ + ঔ = ঔ, মহা + ঔষধ = মহৌষধ

সূত্র ৮: ঐ ( ৈ ) = অ/আ + এ/ঐ
অর্থাৎ শব্দের মধ্যে ঐ (ৈ) কার থাকলে ঐ (ৈ) কার পর্যন্ত বর্ণ দিয়ে একটি শব্দ অ/আ দিয়ে এবং ঐ (ৈ) কার এর পরের শব্দ এ/ঐ দিয়ে শুরু হবে।

জনৈক = জন + এক
মহৈশ্বর্য = মহা + ঐশ্বর্য
মতৈক্য = মত + ঐক্য
সদৈব = সদা + এব
হিতৈষী = হিত + এষী
সর্বৈব = সর্ব + এব



CS CamScanner

সূত্র ৯: উ + উ/ঊ ছাড়া অন্যস্বর = ব-ফলা
যেমন- সু + আগত = স্বাগত
উ + উ/ঊ ছাড়া অন্যস্বর = ব-ফলা

চেষ্টা কর: তন্বী, অন্বেষণ, পশ্বধম, পশ্চাচার, অন্বয়, মন্বন্তর।

সূত্র ১০: এ + যেকোনো স্বর = অয়, শে + অন = শয়ন
ঐ + যেকোনো স্বর = আয়, গৈ + অক = গায়ক
ও + যেকোনো স্বর = অব, পো + অন = পবন
ঔ + যেকোনো স্বর = আব, ভৌ + উক = ভাবুক

চেষ্টা কর: নাবিক, লবণ, নয়ন, নায়ক, পবিত্র, দ্রাবক, পাবক।

কিছু অতিরিক্ত স্বরসন্ধি: পরীক্ষা, সতীশ, রবীন্দ্র, মরূদ্যান, ভূর্ধ্ব।

## ব্যঞ্জনসন্ধি: ব্যঞ্জনসন্ধি ৩ ভাবে হয়

❑ ব্যঞ্জনধ্বনির সাথে ব্যঞ্জনধ্বনির অথবা ব্যঞ্জনধ্বনির সাথে স্বরধ্বনির অথবা স্বরধ্বনির সাথে ব্যঞ্জনধ্বনির মিলনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে।

ক. ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ
খ. স্বরবর্ণ + ব্যঞ্জনবর্ণ
গ. ব্যঞ্জনবর্ণ + ব্যঞ্জনবর্ণ

⊙ **ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ**

সূত্র: ক / চ / ট / ত / প + যেকোনো স্বর = বর্গের ৩য় বর্ণ হবে।
যেমন: দিক্ + অন্ত = দিগন্ত
ণিচ্ + অন্ত = ণিজন্ত

চেষ্টা কর: সুবন্ত, তদবধি, বাগীশ, বাগাড়ম্বর, সদানন্দ।

⊙ **স্বরবর্ণ + ব্যঞ্জনবর্ণ**

যেকোনো স্বর + ছ = 'চ্ছ'
অ + ছ = এক + ছত্র = একচ্ছত্র
আ + ছ = কথা + ছলে = কথাচ্ছলে
ই + ছ = পরি + ছদ = পরিচ্ছদ

চেষ্টা কর: মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, প্রতিচ্ছবি।

**টেকনিক:** শব্দের মধ্যে চ্ছ থাকলে এবং সূত্র-২ ও সূত্র-৩ নং অনুযায়ী যদি চ-এর স্থলে ৎ/দ দেওয়া না যায় তবে শুধু চ উঠে যাবে। যেমন- মুখচ্ছবি=মুখ+ছবি [এখানে চ-এর স্থলে ৎ/দ দিয়ে মুখৎ/মুখদ দেওয়া যায় না।]

| | |
|---|---|
| বিচ্ছিন্ন = বি + ছিন্ন | প্রতিচ্ছবি = প্রতি + ছবি |
| আচ্ছন্ন = আ + ছন্ন | কথাচ্ছলে = কথা + ছলে |
| বিচ্ছেদ = বি + ছেদ | মুখচ্ছবি = মুখ + ছবি |

⊙ **ব্যঞ্জনবর্ণ + ব্যঞ্জনবর্ণ**

ত / দ + হ = দ্ধ
যেমন: তদ্ + হিত = তদ্ধিত (ত + হ = দ্ধ)
পদ + হতি = পদ্ধতি (দ + হ = দ্ধ)

চেষ্টাকর: উদ্ধার, উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত

ম + য / র / ল / শ / ষ / স / হ / ব = ং
যেমন: ম + য = ং = সম্ + যম = সংযম
ম + র = ং = সম্ + রক্ষণ = সংরক্ষণ
ম + ল = ং = সম্ + লাপ = সংলাপ

চেষ্টাকর: বারংবার, সংশোধন, স্বয়ংবরা, সংযোগ, সর্বংসহা।

**টেকনিক:** শব্দের মধ্যে উষ্মবর্ণের (শ, ষ, স, হ) আগে অনুস্বার (ং) থাকলে, অনুস্বারের (ং) স্থলে 'ন' হয়। তবে প্রথম বর্ণ 'স' হলে অনুস্বারের স্থলে 'ম' হয়।

হিংসা = হিন্ + সা    জিঘাংসা = জিঘান্ + সা
বৃংহিত = বৃণ্ + হিত

## এছাড়াও ব্যঞ্জন সন্ধির কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ

বৃষ্টি = বৃষ্ + তি, ষষ্ঠ = ষষ্ + থ, কুজ্ঝটিকা = কুৎ + ঝটিকা
যাচ্ছেতাই = যা + ইচ্ছা + তাই
ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র, উদ্যোগ = উৎ + যোগ, তদ্রূপ = তৎ + রূপ
সঞ্চয় = সম্ + চয়, কিন্নর = কিম্ + নর, সন্ন্যাস = সম্ + ন্যাস
যজ্ঞ = যজ্ + ন, যাচঞা = যাচ্ + না, রাজ্ঞী = রাজ্ + নী
সম্রাট = সম্ + রাট, তন্ময় = তৎ + ময়, মৃন্ময় = মৃৎ + ময়
চিন্ময় = চিৎ + ময়, তন্মধ্যে = তৎ + মধ্যে

চেষ্টা কর: একোনবিংশতি, দ্বৈপায়ন, তত্ত্বাবধায়ক, তদ্ব্যতীত, বংশোদ্ভূত, বিশ্ববিদ্যালয়, ভূম্যধিকারী, তত্ত্ব, উদ্যম, হৃৎকম্প, কৃষ্টি

⊙ **বিসর্গ সন্ধি:** সন্ধি বিচ্ছেদের সময় বিসর্গ (ঃ) চিহ্ন দেওয়া ফরয।

❑ **বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি**

| | |
|---|---|
| উৎ + স্থান = উত্থান | সম + কার = সংস্কার |
| উৎ + স্থাপন = উত্থাপন | সম্ + কৃত = সংস্কৃত |
| পরি + কার = পরিষ্কার | সম্ + কৃতি = সংস্কৃতি |
| পরি + কৃত = পরিষ্কৃত | |

**আসপেক্ট সুপার ট্রিকস** সংস্কারপন্থী শিশিরের উত্থান ও তার পরিষ্কৃত সংস্কৃতির ইতিহাস সংস্কৃত ভাষায় পরিষ্কারভাবে উত্থাপন করা হলো।

## কিছু বিসর্গ সন্ধি

⊙ র্ ও স্ এর সাথে স্বরধ্বনি কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।

| | |
|---|---|
| তপোবন = তপঃ + বন | মনোরম = মনঃ + রম |
| অন্তর্গত = অন্তঃ + গত | পুনরায় = পুনঃ + আয় |
| অন্তর্ধান = অন্তঃ + ধান | পুনর্জন্ম = পুনঃ + জন্ম |
| নিরাকার = নিঃ + আকার | আশীর্বাদ = আশীঃ + বাদ |
| দুর্যোগ = দুঃ + যোগ | প্রাদুর্ভাব = প্রাদুঃ + ভাব |
| প্রাতরাশ = প্রাতঃ + আশ | নীরব = নিঃ + রব |
| নীরোগ = নিঃ + রোগ | নীরস = নিঃ + রস, |
| নিশ্চয় = নিঃ + চয় | শিরশ্ছেদ = শিরঃ + ছেদ |
| ধনুষ্টংকার = ধনুঃ + টংকার | দুস্থ = দুঃ + থ |
| নমস্কার = নমঃ + কার | পদস্খলন = পদঃ + স্খলন |
| ততোধিক = ততঃ + অধিক | নিঃস্তব্ধ = নিঃ + স্তব্ধ |

### নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি

শুদ্ধোদন সকাল বেলার মার্তণ্ড (সূর্য) দেখার জন্য গবাক্ষ (জানালা) দিয়ে তাকিয়ে দেখলেন এক প্রৌঢ় কুলটা অন্যান্য দিকে চেয়ে হেঁটে যাচ্ছে।

### নিপাতনে ব্যঞ্জনসন্ধি

পতঞ্জলি ও মনীষা পরস্পর আশ্চর্য হয়ে তাকালেন। কারণ তারা সেই তস্করকে (চোর) চিনে ফেলে যে গত বৃহস্পতি রাতে ষোড়শ ও একাদশ জন মিলে বনস্পতি ও গোষ্পদ ধ্বংস করেছিল।

### নিপাতনে বিসর্গ সন্ধি

বাচস্পতির স্নেহের সন্তান হরিশ্চন্দ্র। তিনি অহরহ শিরঃপীড়ায় ভোগেন। তাই প্রাতঃকালে ভাস্কর (সূর্য) দেখতে পান না বলে অহর্নিশ মনঃকষ্টে আছেন।

### নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি

| | |
|---|---|
| আঃ + পদ = আস্পদ | অহঃ + অহ = অহরহ |
| ভাঃ + কার = ভাস্কর | বাচঃ + পতি = বাচস্পতি |
| মনঃ + কষ্ট = মনঃকষ্ট | অহঃ + নিশা = অহর্নিশ |
| প্রাতঃ + কাল = প্রাতঃকাল | শিরঃ + পীড়া = শিরঃপীড়া |
| হরিঃ + চন্দ্র = হরিশ্চন্দ্র | |

**আসপেক্ট সুপার ট্রিকস** বাচস্পতি বাবুর স্নেহের আস্পদ হরিশচন্দ্র। তিনি অহরহ শিরঃপীড়ায় ভোগেন। তাই প্রাতঃকালে তিনি ভাস্কর দেখতে পান না বলে অহর্নিশ মনঃকষ্টে আছেন।

### বিশেষ নিয়মে ব্যঞ্জন সন্ধি

| | | |
|---|---|---|
| উত্থান | সংস্কার | পরিষ্কার |
| উত্থাপন | সংস্কৃত | পরিষ্কৃত |



CamScanner

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'অন্বেষণ' -এর সন্ধিবিচ্ছেদ হলো-** [DU-7Clg: 2023-24]

A. অনু + এষণ  B. অনু + বেশন
C. অনুঃ + এষণ  D. অন্য + এষণ

**Ans A Analysis** কোনো সন্ধিসাধিত শব্দে ব-ফলা থাকলে সেটি ফেলে দিয়ে উ-কার দিতে হয়। যেমন- 'অন্বেষণ' = অনু + এষণ।

**02. 'মন্বন্তর' এর ঠিক সন্ধিবিচ্ছেদ হলো–** [DU-7Clg: 2020-21]

A. মন + অন্তর  B. মনু + অন্তর
C. মনো + ন্তর  D. মনোঃ + অন্তর

**Ans B Analysis** উ-কার বা ঊ-কারের পর উ, ঊ ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয়। যেমন :

| | |
|---|---|
| অনু + অয় = অন্বয় | সু + অল্প = স্বল্প |
| সু + অচ্ছ = স্বচ্ছ | তনু + ঈ = তন্বী |
| মনু + অন্তর = মন্বন্তর | পশু + আচার = পশ্বাচার |

**03. যে সন্ধি বিশ্লেষণটি অশুদ্ধ–** [DU-7Clg: 2019-20]

A. দুর্লভ = দুঃ + লভ  B. তিরোধান = তিরঃ + ধান
C. আশ্চর্য = আ + চর্য  D. তস্কর = তস্ + কর

**Ans D Analysis** 'তৎ + কর = তস্কর' এটি একটি নিপাতনে সিদ্ধ সন্ধি।

**কতিপয় নিপাতনে সিদ্ধ সন্ধি:**

- বৃহৎ + পতি = বৃহস্পতি
- আ + পদ = আস্পদ
- গো + পদ = গোষ্পদ
- মনস্ + ঈষা = মনীষা
- আ + চর্য = আশ্চর্য
- ষট্ + দশ = ষোড়শ

**04. 'সদানন্দ' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো–** [DU-7Clg: 2018-19]

A. সদ + আনন্দ  B. সদা + নন্দ
C. সৎ + আনন্দ  D. সদা + আনন্দ

**Ans CD Analysis** সৎ + আনন্দ = সদানন্দ (ব্যঞ্জনসন্ধি সাধিত) এবং সদা + আনন্দ = সদানন্দ (স্বরসন্ধি সাধিত)।

**05. বিশেষ নিয়মে সাধিত সন্ধিজাত শব্দ-** [DU-7Clg: 2017-18]

A. উত্থান  B. যাচ্ঞা
C. রাজ্ঞী  D. তৎকাল

**Ans A Analysis** বিশেষ নিয়মে সাধিত কতিপয় ব্যঞ্জনসন্ধি: উৎ + স্থান = উত্থান, সম্ + কার = সংস্কার, পরি + কার = পরিষ্কার।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. শ্বাপদ = শ্বন + পদ। এখানে 'শ্বন' শব্দের অর্থ-?**

A. সারমেয়  B. ধারালো
C. তীক্ষ্ন নখযুক্ত  D. হিংস্র

**Ans A Analysis** শ্বন অর্থ- কুকুর, সারমেয়।
- শ্বাপদ অর্থ- হিংস্র, শিকারী, মাংসাশী জন্তু।
- ধারালো অর্থ- শাণিত, ধারযুক্ত, তীক্ষ্ণ।
- পদ অর্থ- পা, কবিতার চরণ, বসতি, বিভক্তিযুক্ত শব্দ।

**02. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি-বিচ্ছেদ-**

A. প্রতি + বর্তন  B. প্রতি + আবর্তন
C. প্রত্যা + বর্তন  D. প্রতিঃ + আবর্তন

**Ans B Analysis** এটি একটি স্বরসন্ধি। ই + ঈ ভিন্ন স্বরধ্বনি = য + অ (য-ফলা) বা য্ + উ হয়। যেমন- প্রতি + আবর্তন।

**03. বিসর্গ সন্ধির উদাহরণ নয়-**

A. ইতোমধ্যে  B. নীরব
C. স্রোতোলাভ  D. বিম্বোষ্ঠ

**Ans D Analysis** র ও স -এর সাথে স্বরধ্বনি কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।
ইতঃ + মধ্যে = ইতোমধ্যে; নিঃ + রব = নীরব; স্রোতঃ + লাভ = স্রোতোলাভ; বিম্ব + ওষ্ঠ = বিম্বোষ্ঠ (স্বরসন্ধি)

**04. 'তেজস্বী' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়-**

A. তেজঃ + বিন  B. তেজঃ + বী
C. তেজস + বিন  D. তেজস + বী

**Ans A Analysis** সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যোগে ' তেজস্বী' শব্দটি গঠিত। তেজঃ + বিন্ = তেজস্বী; অনুরূপভাবে- মেধা + বিন্ = মেধাবী; মায়া + বিন্ = মায়াবী।

**05. 'পিত্রাদেশ' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে-**

A. পিতঃ + আদেশ  B. পিতা + আদেশ
C. পিত্র + আদেশ  D. পিতৃ + আদেশ

**Ans D Analysis** প্রথম পদের শেষে 'ঋ' ধ্বনি এবং দ্বিতীয় পদের শেষে 'ঋ' ধ্বনি ছাড়া অন্য কোনো স্বরধ্বনি থাকলে আগের 'ঋ' ধ্বনি 'র' ধ্বনি হয় এবং বানানে তা 'র-ফলা' হয়ে আগের বর্ণের সাথে যুক্ত হয়। পরের স্বরধ্বনি সাধারনত উচ্চারনে অপরিবর্তিত থাকে এবং 'র-ফলার' সংগে জুড়ে যায়। যেমন- পিতৃ+আদেশ=পিত্রাদেশ (ঋ+আ=র্+আ)।

**06. ভুল সন্ধি-**

A. মন: + কষ্ট = মনঃকষ্ট  B. ইত: + পূর্বে = ইতোপূর্বে
C. সিম্ + হ = সিংহ  D. শ্রু + অন = শ্রবণ

**Ans B Analysis** পূর্বপদের অন্ত্য-বিসর্গের পর ক/ক্ষ/খ/ফ/র/শ/স থাকলে সন্ধিতে বিসর্গ অক্ষর থাকে। যেমনঃ মনঃ ক্ষুণ্ন = মনঃক্ষুণ্ন, মনঃ + পীড়া = মনঃপীড়া।

**07. 'নীরস' শব্দের সন্ধিবিচ্ছেদ হল -**

A. নি:+রস  B. নী:+ রস
C. নী+রস  D. নি:+অস

**Ans A Analysis** ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্বস্বর দীর্ঘস্বর হয়। যেমন- নিঃ + রব = নীরব; নিঃ + রস = নীরস ইত্যাদি।

**08. 'মনীষা'র সন্ধি বিচ্ছেদ কোনটি?**

A. মন + ইসা  B. মনস্ + ঈষা
C. মনস্ + ইশা  D. মন + ঈষা

**Ans B Analysis** • 'মনীষা; শব্দটি নিপাতন সিদ্ধ সন্ধি।

**কতগুলো নিপাতনে সিদ্ধ সন্ধি:**

| | |
|---|---|
| মনীষা- মনস্ + ঈষা | আশ্চর্য- আ + চর্য |
| গোষ্পদ- গো + পদ | বনস্পতি- বন্ + পতি |
| বৃহস্পতি- বৃহৎ + পতি | তস্কর- তৎ + কর |
| পরস্পর- পর্ + পর | ষোড়শ- ষট্ + দশ |
| একাদশ- এক্ + দশ | পতঞ্জলি- পতৎ + অঞ্জলি |



CamScanner

09. 'ঘ্রাণ' শব্দটির সন্ধিবিচ্ছেদ-
A. ঘ্রাণ + অ
B. ঘ্রা + অন
C. ঘ্ + আ + ন
D. ঘ্ + অন

**Ans B Analysis** ঘ্রাণ একটি স্বরসন্ধি।

10. অধ্যুষিত শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি সঠিক?
A. অধ্য + উষিত
B. আধ + যিত
C. অধি + উষিত
D. আধু + উষিত

**Ans C Analysis** গুরুত্বপূর্ণ সন্ধিবিচ্ছেদ:
- অধি + উষিত = অধ্যুষিত
- বৃক্ষ + ছায়া = বৃক্ষছায়া
- এক + ছত্র = একচ্ছত্র
- প্র + ছদ = প্রচ্ছদ
- বি + ছেদ = বিচ্ছেদ
- অহঃ + অহ = অহরহ

11. 'মৃদঙ্গ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?
A. মৃৎ + অঙ্গ
B. মৃদৎ + গ
C. মৃদ + অঙ্গ
D. মৃদঙ + অঙ্গ

**Ans A Analysis**
- মৃৎ + অঙ্গ = মৃদঙ্গ;
- সৎ + জন = সজ্জন
- সৎ + চিন্তা = সচ্চিন্তা;
- উৎ + শ্বাস = উচ্ছ্বাস
- উৎ + ছেদ = উচ্ছেদ;
- উৎ + হার্ = উদ্ধার

12. 'মতৈক্য' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?
A. মত + এক
B. মত + ঐক্য
C. মতঃ + এক
D. মতঃ + ঐক্য

**Ans B Analysis** অ বা আ ধ্বনির পর ঋ থাকলে অ, আ, ঋ উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়।
- জন + এক = জনৈক
- সদা + এব = সদৈব
- মত + ঐক্য = মতৈক্য
- মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য

13. 'দুস্থ' এর সন্ধি বিচ্ছেদ-
A. দুঃ + হ
B. দুঃহ + থ
C. দুঃ + থ
D. দুঃ + স্থ

**Ans C Analysis** কিছু গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধির উদাহরণ-
- নিঃ + চয় = নিশ্চয়।
- নিঃ + ঠুর = নিষ্ঠুর।
- দুঃ + তর = দুস্তর।
- মনঃ + বিজ্ঞান = মনোবিজ্ঞান।

14. 'অন্যান্য' শব্দের সন্ধি রূপ কোনটি?
A. অন্য + আন্য
B. অন + আন্য
C. অন্য + অন্য
D. অন্ন + অন্ন

**Ans C Analysis** নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ-
- অন্যান্য = অন্য + অন্য
- কুলটা = কুল + অটা
- প্রৌঢ় = প্র + ঊঢ়
- মার্তণ্ড = মার্ত + অণ্ড
- স্বৈর = স্ব + ঈর
- আশ্চর্য = আ + চর্য
- গোষ্পদ = গো + পদ
- তস্কর = তৎ + কর
- পরস্পর = পর + পর
- বৃহস্পতি = বৃহৎ + পতি

15. 'অহরহ' শব্দের সন্ধিবিচ্ছেদ-
A. অহ + রহ
B. অহঃ + হ
C. অহঃ + রহ
D. অহঃ + অহ

**Ans D Analysis** বিসর্গ সন্ধির উদাহরণ:-
- অহঃ + নিশা = অহর্নিশ।
- প্রাদুঃ + ভাব = প্রাদুর্ভাব।
- ভাঃ + কর = ভাস্কর।
- অহঃ + অহ = অহরহ।
- নিঃ + ভয় = নির্ভয়।
- ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার।

## PRIME TEST

01. কোনটি সন্ধিজাত শব্দ?
A. শীতল
B. সংখ্যা
C. অধিকার
D. তোমার

02. 'পিজস্ত'-এর সন্ধিবিচ্ছেদ হবে-
A. পিজ + অস্ত
B. পিচ + অস্ত
C. পিঃ + অস্ত
D. পিপ + অস্ত

03. কোনটি নিয়মানুসারে সন্ধি হয় না?
A. গায়ক
B. কুলটা
C. পশ্চাধম
D. জলাতঙ্ক

04. 'নীরস' শব্দের সন্ধি বিচ্ছেদ হল-
A. নিঃ+রস
B. নীঃ+রস
C. নী+রস
D. নিঃ+অস

05. 'গো+অক্ষ = গবাক্ষ'- এটি কোন প্রকার সন্ধি?
A. স্বরসন্ধি
B. স্বর-ব্যঞ্জন সন্ধি
C. ব্যঞ্জন-ব্যঞ্জন সন্ধি
D. নিপাতনে সন্ধি

06. উপরি+উক্ত মিলে কোন শব্দটি গঠিত হয়?
A. উপরিক্ত
B. উপর্যুক্ত
C. উপরুক্ত
D. উপরোক্ত

07. 'পর্যবেক্ষণ'-এর সন্ধিবিচ্ছেদ-
A. পর+বেক্ষণ
B. পরি+বেক্ষণ
C. পর+অবেক্ষণ
D. পরি+অবেক্ষণ

08. সন্ধিজাত শব্দ-
A. উন্মনা
B. দখিনা
C. ফাল্গুন
D. মিনতি

09. 'উত্থাপন' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাই-
A. উৎ+থাপন
B. উৎ+স্থাপন
C. উঃ+স্থাপন
D. উঃ+থাপন

10. 'ব্যর্থ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
A. ব্য+অর্থ
B. ব+অর্থ
C. বি+অর্থ
D. ব্যা+অর্থ

| OMR SHEET | | |
|---|---|---|
| | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.B | 02.B | 03.B | 04.A | 05.D | 06.B | 07.D | 08.A | 09.B | 10.C |



CamScanner

# শব্দ ও শব্দের শ্রেণিবিভাগ

টপিক ৪০ ব্যাকরণ

## ❖ শব্দ এবং শব্দের শ্রেণিবিভাগ ❖

অর্থবোধক ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে শব্দ বলে। শব্দ ভাষার প্রাণ। কতগুলো ধ্বনি/ বর্ণ একত্রে মিলিত হয়ে যদি কোন সাধারণ বা বিশেষ অর্থ প্রকাশ করে, তবে তাকে শব্দ বলে। শব্দকে ৩টি দৃষ্টিকোণ থেকে ভাগ করা যায়। যথা:-

- গঠনমূলক শ্রেণিবিভাগ: গঠন অনুসারে শব্দ ২ প্রকার।
  যথা: i. মৌলিক শব্দ ও ii. সাধিত শব্দ।
- অর্থমূলক শ্রেণিবিভাগ: অর্থ অনুসারে শব্দ ৩ প্রকার।
  যথা: i. যৌগিক শব্দ, ii. রূঢ়/রূঢ়ি শব্দ ও iii. যোগরূঢ় শব্দ।
- উৎপত্তি/ উৎসমূলক শ্রেণিবিভাগ: উৎপত্তি অনুসারে শব্দ ৫ প্রকার।
  যথা: i. তৎসম শব্দ, ii. অর্ধ-তৎসম শব্দ, iii. তদ্ভব শব্দ, iv. দেশি শব্দ ও v. বিদেশি শব্দ।

➢ **অর্থগত দিক থেকে শব্দ ৩ প্রকার।**
যথা- ক. যৌগিক খ. রূঢ়/রূঢ়ি গ. যোগরূঢ়।

⊙ **যৌগিক:**
গায়ক বাবুয়ানা ভাব ধরে কর্তব্যের খাতিরে মধুর দৌহিত্রকে নিয়ে চিকামারতে গেলেন।

⊙ **রূঢ়/রূঢ়ি:**
এক প্রবীণ তেলে ভাজা সন্দেশ খেয়ে পাঞ্জাবি পরে হস্তির পিঠে উঠে বাঁশি বাজায় ও গবেষণা করে।

⊙ **যোগরূঢ়:**
রাজপুত মন্দির থেকে পূঁজা করে অন্ন ও জলধি নিয়ে মহাযাত্রা করল ভাই পঙ্কজের উদ্দেশ্যে।

⊙ **দেশি শব্দ:**
ইমন স্যার কুড়ি টাকা দিয়ে পেট ভরে রুই, কাতলা মাছের ঝোলে ভাত খেয়ে মাঠে যায়। সেখানে একটি টোপরে করে ঝিঙে তুলে ছোট চোঙাওয়ালা ডিঙ্গায় করে গঞ্জে যায়। গঞ্জ থেকে ডাব ডাগর, ঢেঁকি, কুলা চুলা কিনে বাড়ি আসে।

### বিদেশি শব্দ

➢ **পর্তুগিজ শব্দ:**
এক পাদ্রি সাবান দিয়ে গোসল করে তোয়ালে দিয়ে গা মুছে বালতির ভিতর আনারস, আলপিন, পাউরুটি নিয়ে গির্জায় গেল যিশুকে দেখতে। সেখানে কেরানিকে চাবি দিয়ে গুদামের আলমারি খুলতে বললে ভয়ে টুপি পড়ে কামরার জানালা দিয়ে পালায়।

➢ **তুর্কি শব্দ:**
উর্দি পরা উর্দু ভাষী কাঁচি কল্কি ও বন্দুক হাতে দারোগার তোপের মুখে বাহাদুরের বাবা, নানা ভয়ে চাকরের হাতে বাবুর্চির চাকু দিয়ে বেগমের লাশ কাটতে বললেন।

➢ **ফারসি শব্দ-১:**
ভায়েরা আমার নামায-রোযা করলে হয় বেহেশত আর গুনাহ করলে হয় দোযখ। তখন ফেরেশতা ও পয়গম্বরের সুপারিশে মাফ করবেন খোদা।

➢ **ফারসি-২:**
আজকাল আমদানি-রপ্তানিতে জিন্দা-জন্তু জানোয়ার ও বদমাইশের হাঙ্গামার নমুনা পাওয়া যায়।

➢ **ফারসি-৩:**
বাদশা তার চশমা কারখানার দোকান রেখে দরবারে গেল দস্তখতে তারিখ লিখতে। ওদিকে মেথর নামক বান্দা বেগমের রসদ ও তোশক চুরি করায় তার জবানবন্দি নেয়ার জন্য নালিশ করা হলো রাজ দফতরে।

➢ **হিন্দি:** চামেলি, মিঠাই, পানি, কমলা, টহল, ফালতু, ছিনতাই, বাচ্চা, পুরি, তরকারি।

➢ **ফরাসি (ফ্রান্স):** কার্তুজ, কুপন, রেস্তোরাঁ, ক্যাফে, গ্যারেজ, রেনেসাঁস, দিনেমার (ডেনমার্ক)।

➢ **জাপানি:** রিকসা, হারিকিরি, জুডো, সুনামি, প্যাগোডা

➢ **গুজরাটি:** খদ্দর, হরতাল

➢ **পাঞ্জাবি:** শিখ, চাহিদা, তারকা

➢ **চীনা:** চা, চিনি, লিচু, লুচি, সাম্পান, এলাচি

➢ **মায়ানমার (বর্মি):** লুঙ্গি, ফুঙ্গি

➢ **ম্যাক্সিকান:** চকলেট

➢ **সিংহলি:** সিডর

➢ **স্পেনিশ:** তামাক

➢ **মারাঠি:** বর্গি

⊙ **মিশ্র শব্দ:**
| ফাপর দালালি | অতিরিক্ত চালবাজি |
| ফুলের আঘাত | সামান্যতম দুঃখ-কষ্ট |
| ব্যাঙের আধুলি | সামান্য পুঁজি হলেও যা গর্বের |
| বসন্তের কোকিল | সুদিনের বন্ধু |
| ব্যাঙের লাথি | নগণ্য লোকের দ্বারা অপমান |
| ব্যাঙের সর্দি | অসম্ভব ব্যাপার |
| ভূষণ্ডির কাক | বিচক্ষণ ব্যক্তি |
| ভূষণ্ডির কাক | দীর্ঘায়ু ব্যক্তি |
| ভিজে বিড়াল | কপটচারী |
| ভুইফোঁড় | নতুন আগমন |
| মাছের মায়ের পুত্রশোক | লোক-দেখানো শোক |
| মাকাল ফল | অন্তঃসারশূন্য |
| যক্ষের ধন | কৃপণের ধন |
| যবনিকাপাত | অবসান |
| রামগরুড়ের ছানা | গোমড়ামুখো লোক |
| রাহুর দশা | বিপদাপন্ন অবস্থা |
| রাবণের চিতা | চির অশান্তি |
| লেফাফা দুরস্ত | বাইরে পরিপাটি |
| লালবাতি জ্বলা | দেউলিয়া হওয়া |
| শিরে সংক্রান্তি | সামনেই বিপদ |
| শকুনি মামা | অনিষ্টকর আত্মীয় |
| শাপে বর | অকল্যাণে কল্যাণ |
| সাতকাহন | প্রচুর পরিমাণ |
| সুখে থাকতে ভূতে কিলানো | অকারণে দুঃখ ডেকে আনা |
| সাতেও নয় পাঁচেও নয় | নির্লিপ্ত |
| হাতটান | চুরির অভ্যাস |
| হাপিত্যেশ | ব্যাকুল কামনা |
| হাতের লক্ষ্মী পায়ে ঠেলা | হেলায় সুযোগ নষ্ট করা |

| | |
|---|---|
| আলুদোষ, আলুর দোষ | মেয়েদের প্রতি অত্যাধিক দুর্বলতা; চরিত্রের দোষ |
| ইন্দ্রপতন | বিখ্যাত ব্যক্তির মৃত্যু |
| ত্রিশঙ্কু অবস্থা, ত্রিশঙ্কুর দশা | কোনো দিকেই যাওয়া যাচ্ছে না এমন অবস্থা |
| দঁক ভাঙা | জলকাদা ভাঙা/কাঁদা ভাঙা |
| নবমী দশা | মূর্ছা যাওয়া |
| বিদুরের খুদ | দরিদ্রের ক্ষুদ্র কিন্তু সশ্রদ্ধ উপহার |
| বুড় সালিকের ঘাড়ে রোঁ | বুড়ো বয়সে ভীমরতি |
| মেনিমুখো | সলজ্জ, লোকলজ্জা |
| মাৎস্যন্যায় | অরাজকতা |
| মাছের মা | নির্মম |
| রাহুর দশা | দুঃসময় |
| রাজযোটক | সুন্দর মিল |
| লক্ষ্মীর বরযাত্রী, সুখের পায়রা, দুধের মাছি | সুসময়ের বন্ধু |
| শিং ভেঙে বাছুরের দলে ভেড়া | বেশি বয়সে ছোটদের সাথে ঘনিষ্ঠতা করা |
| শিয়ালের যুক্তি | অকেজো যুক্তি |
| শনির দশা | দুঃসময় |
| সাপের ছুঁচো গেলা | অনিচ্ছায় বাধ্য হয়ে কাজ করা |
| কৃষ্ণের জীব | দুর্বল ও অসহায় প্রাণী |
| মুখ তোলা | প্রসন্ন হওয়া |
| পান্তা ভাতে ঘি | নষ্ট |
| নগদ নারায়ণ | কাঁচা টাকা |
| শিকায় তোলা | মুলতবি রাখা |
| নেপোয় মারে দই | ধূর্ত লোকের ফলপ্রাপ্তি |
| কূর্ম অবতার | অলস |
| চল্লিশের কোঠা | উনচল্লিশ |
| তাল ঠোকা | সগর্ব উক্তি |
| হাল বায় না তেড়ে গুঁতোয় | কুকাজে পটুত্ব |
| ঝোলের লাউ অম্বলের কদু | সব পক্ষের মন যুগিয়ে চলা |
| পামপট্টি | খুশি করা |
| কোলাব্যাঙ | বাকসর্বস্ব |
| স্বখাত সলিলে | স্বীয় কর্মের ফল ভোগ করা |
| ছক্কা পাঞ্জা | বড়াই করা |
| ঘণ্টাগরুড় | অকর্মণ্য লোক |
| পৃষ্ঠপ্রদর্শন | পালিয়ে যাওয়া |
| তুর্কি নাচন | নাজেহাল অবস্থা |
| নদের চাঁদ | সুন্দর ব্যক্তি কিন্তু অপদার্থ |
| লগন চাঁদ | ভাগ্যবান |
| কেতাদুরস্ত | পরিপাটি |
| গাছপাথর | হিসাব-নিকাশ |
| উনকোটি চৌষট্টি | প্রায় সম্পূর্ণ |
| ঘাটের মড়া | অতি বৃদ্ধ |
| কেবলা হাকিম | অনভিজ্ঞ |
| আট কপালে | হতভাগ্য |
| চর্বিত চর্বণ | পুনরাবৃত্তি |
| তোলা হাঁড়ি | গম্ভীর |
| আমড়াগাছি করা | তোষামোদ করা |
| গোকুলের ষাঁড় | নিষ্কর্মা ও ভবঘুরে |
| ঘোড়া রোগ | সাধ্যের অতিরিক্ত সাধ |



CamScanner

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

01. 'বিড়াল তপস্বী' বাগধারার অর্থ- [DU-7Clg: 2023-24]
A. সহনশীল B. কৌশলী
C. ভণ্ড D. গোপনীয়তাপ্রিয়
Ans C Analysis 'বিড়াল তপস্বী' বাগধারার অর্থ- ভণ্ড।

02. 'খয়ের খাঁ' বাগধারার অর্থ কী? [DU-7Clg: 2022-23]
A. চাটুকার B. কুপরামর্শক
C. সংকীর্ণমনা D. নির্লজ্জ
Ans A Analysis গুরুত্বপূর্ণ বাগধারা: কূপমণ্ডূক (সংকীর্ণমনা/সীমিত জ্ঞানসম্পন্ন), চশমখোর (নির্লজ্জ), কান ভাঙানো (কুপরামর্শ দান), কাঁচকলা দেখানো (ফাঁকি দেওয়া)।

03. 'ব্যাঙের সর্দি' বাগ্ধারাটির অর্থ– [DU-7Clg: 2021-22]
A. অসম্ভব বিষয় B. বিস্মিত হওয়া
C. কঠিন অসুখ D. সৌভাগ্য
Ans A Analysis গুরুত্বপূর্ণ বাগ্ধারা :

| বাগ্ধারা | অর্থ |
|---|---|
| একাদশে বৃহস্পতি | সৌভাগ্য |
| থ বনে যাওয়া | স্তম্ভিত হওয়া |
| ব্যাঙের আধুলি | সামান্য সম্পদ |
| হালে পানি পাওয়া | সুবিধা করা |

04. 'মাকাল ফল' বাগ্ধারাটি দিয়ে বোঝায়– [DU-7Clg: 2018-19]
A. উচ্ছিষ্ট বস্তু B. নির্দিষ্ট ঋতুভিত্তিক ফল
C. বিশেষ অর্থে গুণহীন D. কদাকার বস্তু
Ans C Analysis 'মাকাল ফল' দেখতে সুন্দর অথচ ভেতরে দুর্গন্ধ ও শাঁসযুক্ত খাওয়ার অনুপযোগী।

05. 'রাশভারি' বাগ্ধারাটির অর্থ– [DU-7Clg: 2017-18]
A. গম্ভীর প্রকৃতির B. চির অশান্তি
C. ভারি মেজাজের D. মোটা বুদ্ধি
Ans A Analysis গুরুত্বপূর্ণ বাগ্ধারা: ইতর বিশেষ (পার্থক্য), কাঠের পুতুল (নির্জীব, অসার), কেউকেটা (সামান্য), নয়ছয় (অপচয়), হাড় হাভাতে (হতভাগ্য), পগারপার (পালানো)।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

01. 'হাল বায় না তেড়ে গুঁতোয়'-বাগবিধির অর্থ-
A. স্বল্পকালস্থায়ী হুজুগ B. সুযোগসন্ধানী
C. সংকটে পড়া D. কুকাজে পটুত্ব Ⓓ

02. 'অর্থহীন অপব্যয়' প্রকাশ করে কোনটি?
A. মশা মারতে কামান দাগা B. ভস্মে ঘি ঢালা
C. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট D. গুরু মেরে জুতো দান Ⓐ

03. 'সাতপাঁচ' ভেবে লাভ নেই'-এখানে ব্যবহৃত বাগধারাটি কোন অর্থ প্রকাশ করছে?
A. অগ্র-পশ্চাৎ B. এলোমেলো
C. সস্তা কথা D নানা প্রকার
Ans D Analysis সাতপাঁচ অর্থ নানাপ্রকার।

04. 'আলাভোলা' বাগধারাটির অর্থ-
A. অসহায় B. সাদাসিধে
C. অকর্মণ্য D. অলস
Ans B Analysis গা ঢাকা দেওয়া- নিজেকে লুকানো।

05. 'পোড় খাওয়া' অর্থ-
A. পুড়ে যাওয়া B. পরিশ্রম করা
C. মার খাওয়া D. প্রতিকূলতা পার হয়ে আসা
Ans D Analysis 'পোড় খাওয়া' অর্থ অগ্নির উত্তাপে পুড়ে শক্ত হয়েছে এমন অর্থাৎ-প্রতিকূলতা পার হয়ে আসা।

06. 'রজ্জুতে সর্পজ্ঞান' বাগধারাটির অর্থ-
A. আচমকা বিপদ B. সাপকে দড়ি দিয়ে বাঁধা
C. জাদুকরী বিদ্যা অর্জন করা D. বিভ্রম Ⓓ

07. 'টুপভুজঙ্গ' বাগধারার অর্থ
A. জল-সাপ B. নির্লজ্জ
C. নেশাগ্রস্ত D. গো-সাপ Ⓒ

08. 'নগদ নারায়ণ' বাগধারাটির অর্থ-
A. কাঁচা টাকা B. তাৎক্ষণিকভাবে প্রদেয় পারিশ্রমিক
C. গলাধাক্কা D. সাক্ষাৎ ভগবান Ⓐ

09. 'আচাভুয়ার বোম্বাচাক' এর অর্থ কি?
A. মিথ্যার বাহার B. ভুয়া বোমের চাক
C. অসম্ভব ব্যাপার D. মৌমাছির চাক
Ans C Analysis "আচাভুয়ার বোম্বাচাক" এর বাংলা ভাষায় অর্থ হয় অসম্ভব ব্যাপার। এটি একটি উপস্থাপনার উপকরণ যা ব্যবহৃত হয় ভাষায় ভুল অথবা অসম্ভব কিছু বলার সময়।

10. 'নাভিশ্বাস' অর্থ-
A. নাভি থেকে যে শ্বাস উৎপন্ন হয় B. বেশি খেয়ে শ্বাস নিতে না পারা
C. দ্রুত শ্বাস নেয়া D. মরণাপন্ন অবস্থা
Ans D Analysis গুরুত্বপূর্ণ কিছু বাগধারা:

| | | | |
|---|---|---|---|
| নাভিশ্বাস | মরণাপন্ন অবস্থা | গলগ্রহ | দায় বা বোঝা |
| এলেবেলে | নিকৃষ্ট | গত্তি লাগা | মোটা হওয়া |
| কল পাতা | ফাঁদ পাতা | ঠারে ঠোরে | ইঙ্গিতে |
| করাতের দাঁত | উভয় সংকট | ঠেকা মেয়ে | চিরকুমারী |
| কনকনে | তীব্র | ঠুটো জগন্নাথ | অকর্মণ্য |
| গুলতাপ্পি | ধাপ্পা, মিথ্যে কথা | থ হওয়া | স্তম্ভিত হওয়া |

11. 'ভালুক জ্বর' বাগধারার অর্থ কী?
A. জ্বর জ্বর ভাব B. দীর্ঘস্থায়ী জ্বর
C. ক্ষণস্থায়ী জ্বর D. তীব্র জ্বর
Ans C Analysis কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা:
- চক্ষুলজ্জা = সংকোচ।
- ঘর ভাঙ্গানো = সংসার বিনষ্ট করা।
- ঘাটের মরা = অতি বৃদ্ধ।
- চুলোয় যাওয়া = ধ্বংস হওয়া।
- চোখের মণি = প্রিয়।
- জিলাপির প্যাঁচ = কুটিলতা।
- ঝড়ো কাক = বিপর্যস্ত।
- ঝাঁকের কৈ = এক দলভুক্ত।

12. 'তামার বিষ' অর্থ কি?
A. মোসাহেবি B. শ্রমবিমুখ C. হতাবশিষ্ট D. অর্থের কুপ্রভাব
Ans D Analysis গায়ের ঝাল ঝাড়া- প্রতিশোধ নেওয়া; গায়ে পড়া- অনধিকার চর্চা।

13. "অঞ্চল প্রভাব" বাগধারাটির অর্থ-
A. আঞ্চলিকতার প্রভাব B. স্বামীর প্রভাব
C. স্ত্রীর প্রভাব D. উর্ধ্বতন কর্তার প্রভাব
Ans C Analysis • অঞ্চল প্রভাব- স্ত্রীর প্রভাব।
- ঘুঘু চরানো- সর্বনাশ করা।
- গোড়ায় গলদ- প্রথমেই ত্রুটি।
- গোঁয়ারা গোবিন্দ- কাণ্ডজ্ঞানহীন।
- ঢেউ গোনা- অকাজে সময় নষ্ট করা।

14. 'কেতাদুরস্ত' বাগধারাটি কী বোঝায়?
A. গম্ভীর প্রকৃতির B. পরিপাটি
C. ধীরশক্তিসম্পন্ন D. অসম সাহসী Ⓑ

15. 'ভূষণ্ডির কাক' অর্থ কী?
A. যে বাঁচে না B. দীর্ঘজীবী
C. বিপদগ্রস্ত D. অমর
Ans B Analysis • উড়নচণ্ডী- অমিতব্যয়ী
- উনপঞ্চাশ বায়ু- পাগলামি করা।
- কংস মামা- নির্মম আত্মীয়।
- কেউকেটা- সর্বেসর্বা।



CamScanner

## PRIME TEST

01. 'পাথরে পাঁচ কিল' এর সঠিক অর্থ হবে-
A. অতিরিক্ত সুবিধা
B. সৌভাগ্য
C. সহজে পাওয়ার আনন্দ
D. উপরের কোনটিই নয়

02. 'হায়রে আমড়া, কেবল আঁটি আর চামড়া'- প্রবাদটির অর্থ কী?
A. একের জন্য অন্যের ইচ্ছা
B. দেখতে যেমন খেতেও তেমন
C. অন্তঃসারশূন্য
D. কোনোটিই নয়

03. 'ঢাকের বায়া' বাগধারাটির প্রকৃত অর্থ-
A. অপ্রয়োজনীয়
B. প্রয়োজনীয়
C. প্রচার সন্ধি
D. প্রচার বিমুখ

04. 'ইতর বিশেষ' বাগধারাটির অর্থ হলো-
ক. পার্থক্য
B. ইতরের স্বভাব
C. সর্বসাধারণ
D. অসৌজন্য

05. 'অগস্ত্যযাত্রা' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে-
A. বাধ্য হওয়া
B. দ্রুত হাটা
C. স্বপ্ন দেখা
D. শেষ প্রস্থান

06. 'অন্তরটিপুনি' বলতে কী বোঝায়?
A. বিপদ
B. গোপন ব্যথা
C. গভীর প্রেম
D. সমূহ ব্যথা

07. 'ডামাডোল' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে-
A. হৈ চৈ
B. চিৎকার
C. গোলযোগ
D. যুদ্ধ

08. 'ঘটিরাম' বাগধারাটির অর্থ-
A. ভণ্ড ধার্মিক
B. ন্যাকামি
C. বড়মুখ
D. অপদার্থ

09. 'বালির বাঁধ' বাগধারার প্রকৃত অর্থ কোনটি?
A. বালি দ্বারা নির্মিত বাঁধ
B. ক্ষণস্থায়ী বস্তু
C. খেলনা
D. প্রতিবন্ধকতা

10. 'উলুখাগড়া' বাগধারার অর্থ-
A. খড়কুটো
B. দুর্বল ও ব্যক্তিত্বহীন
C. তুচ্ছ ব্যক্তি
D. আপাদ

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| 01.B | 02.C | 03.A | 04.A | 05.D | 06.B | 07.C | 08.D | 09.B | 10.C |
|---|---|---|---|---|---|---|---|---|---|

# এক কথায় প্রকাশ

টপিক ৪৭

## গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ

| | | | |
|---|---|---|---|
| চোখের কোণ | অপাঙ্গ | জয় করার ইচ্ছা | জিগীষা |
| একশত পঞ্চাশ বছর | সার্ধশতবর্ষ | বিজয় লাভের ইচ্ছা | বিজিগীষা |
| সৃষ্টি করার ইচ্ছা | সিসৃক্ষা | বেঁচে থাকার ইচ্ছা | জিজীবিষা |
| যে রূপ ইচ্ছা | যদৃচ্ছা | দান করার ইচ্ছা | দিৎসা |
| হনন করার ইচ্ছা | জিঘাংসা | মুক্তি পেতে ইচ্ছা | মুমুক্ষা |
| হাতির ডাক | বৃংহণ বা বৃংহিত | হিত করার ইচ্ছা | হিতৈষা |
| কুকুরের ডাক | বুক্কন | অলঙ্কারের ধ্বনি | শিঞ্জন |
| অশ্বের ডাক | হ্রেষা | বিহঙ্গের ধ্বনি | কাকলি |
| পেঁচা বা উলূকের ডাক | ঘূৎকার | ধনুকের ধ্বনি | টঙ্কার |
| মোরগের ডাক | শকুনিবাদ | সমুদ্রের ঢেউ | ঊর্মি |
| আনন্দজনক ধ্বনি | নন্দিঘোষ | সমুদ্রের ঢেউয়ের শব্দ | কল্লোল |
| গম্ভীর ধ্বনি | মন্দ্র | যে নারী সুন্দরী | রামা |
| যে নারী কহলপ্রিয় | খান্ডানী | রাত্রির প্রথম ভাগ | পূর্বরাত্র |
| যে মেঘে প্রচুর বৃষ্টি হয় | সংবর্ত | রাত্রির মধ্যভাগ | মহানিশা |
| দিনের মধ্য ভাগ | মধ্যাহ্ন | রাত্রির তিনভাগ একত্রে | ত্রিযামা |
| দিনের অপর ভাগ | অপরাহ্ণ | রাত্রিকালীন যুদ্ধ | সৌপ্তিক |
| যার দুটি মাত্র দাঁত | দ্বিরদ (হাতি) | যার চারদিকে স্থল | হ্রদ |
| যার দুহাত সমান চলে | সব্যসাচী | যার কোনো তিথি নেই | অতিথি |
| যার শুভ ক্ষণে জন্ম | ক্ষণজন্মা | যিনি অতিশয় হিসাবি | পাটোয়ারি |
| যে তীর নিক্ষেপে পটু | তীরন্দাজ | দমন করা যায় না যাকে | অদম্য |
| যে রব শুনে এসেছে | রবাহূত | দমন করা কষ্টকর যাকে | দুর্দমনীয় |
| যা পূর্বে শোনা যায় নি | অশ্রুতপূর্ব | যে গাঁজায় নেশা করে | গেঁজেল |
| যা বলা হচ্ছে | বক্ষ্যমাণ | যা পূর্বে দেখা যায় নি | অদৃষ্টপূর্ব |
| যা জল দেয় | জলদ (মেঘ) | যা পূর্বে ছিল এখন নেই | ভূতপূর্ব |
| যা চুষে খাবার যোগ্য | চোষ্য | যা পূর্বে কখনো হয় নি | অভূতপূর্ব |
| যা চিবিয়ে খাবার যোগ্য | চর্ব্য | যা মুছে ফেলা যায় না | দুর্মোচ্য |
| যা চেটে খাবার যোগ্য | লেহ্য | যা সহজে জানা যায় না | দুর্জ্ঞেয় |
| যা পুনঃ পুনঃ দুলছে | দোদুল্যমান | যা প্রমাণ করা যায় না | অপ্রমেয় |
| যা বলা হয় নি | অনুক্ত | যা আহুত (ডাকা) হয় নি | অনাহুত |
| যা বলার যোগ্য নয় | অকথ্য | যা কষ্টে জয় করা যায় | দুর্জয় |
| যা আঘাত পায় নি | অনাহত | যা কষ্টে লাভ করা যায় | দুর্লভ |
| অনশনে মৃত্যু | প্রায় | যা প্রকাশ করা হয় নি | অব্যক্ত |
| কাচের তৈরি বাড়ি | শিশমহল | যা নিজের দ্বারা অর্জিত | স্বোপার্জিত |
| রক্ত বর্ণ পদ্ম | কোকনদ | নারীর কটিভূষণ | রশনা |
| পদ্মের ডাঁটা বা নাল | মৃণাল | মাসের শেষ দিন | সংক্রান্তি |
| ক্ষমার যোগ্য | ক্ষমার্হ | ফুল হতে জাত | ফুলেল |
| গদ্যপদ্যময় কাব্য | চম্পূ | গরুর খুরে চিহ্নিত স্থান | গোষ্পদ |
| পা ধোয়ার জল | পাদ্য | চৈত্র মাসে উৎপন্ন ফসল | চৈতালি |
| জ্বল জ্বল করছে যা | জাজ্বল্যমান | জ্বলছে যে অর্চি (শিখা) | জ্বলদর্চি |
| ক্ষুদ্র প্রলয় | খণ্ডপ্রলয় | এক থেকে শুরু করে | একাদিক্রমে |
| ক্ষুদ্র মৃৎপাত্র | ভাঁড় | জীবিত থেকেও যে মৃত | জীবন্মৃত |
| ক্ষুদ্র ফোঁড়া | ফুসকুঁড়ি | বাতাসে (ক-তে) চরে যে | কপোত |
| ক্ষুদ্র নদী | সারণি | আকাশে (খ-তে) চরে যে | খেচর/খচর |
| ক্ষুদ্র জাতীয় বক | বলাক | অরিকে দমন করে যে | অরিন্দম |
| ছোট ছোট গাছ | গাছড়া | সর্বত্র গমন করেন যিনি | সর্বগ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| যা জল দেয় | জলদ | ঈষৎ আমিষ গন্ধ যার | আঁষটে |
| পুরুষের কর্ণভূষণ | বীরবৌলি | শোক দূর হয়েছে যার | বীতশোক |
| কর্মে যাহার ক্লান্তি নাই | অক্লান্তকর্মী | দিন ও রাত্রির সন্ধিক্ষণ | গোধূলি |
| হস্তী রাখার স্থান | পিলখানা | আবক্ষ জলে নেমে স্নান | অবগাহন |

| | |
|---|---|
| অক্ষিতে কাম যার (যে নারীর) | কামাক্ষী |
| পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব | রজত জয়ন্তী |
| পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব | সুবর্ণ জয়ন্তী |
| ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব | হীরক জয়ন্তী |
| ৭৫ বছর পূর্ণ হওয়ার উৎসব | প্লাটিনাম |
| অনুসন্ধান করার ইচ্ছা | অনুসন্ধিৎসা |
| উদক (জল) পানের ইচ্ছা | উদন্যা |
| রাজহাঁস (পক্ষীর) কর্কশ ডাক | ক্রেঙ্কার |
| পরের (কাকের) দ্বারা প্রতিপালিত যে | পরভৃত (কোকিল) |
| যে নারী অতি উজ্জ্বল ও ফর্সা | মহাশ্বেতা |
| যে নারী আনন্দ দান করে | বিনোদিনী |
| যে নারীর সহবাসে মৃত্যু হয় | বিষকন্যকা |
| যে নারী বার (সমূহ) গামিনী | বারাঙ্গনা |
| যে নারী অঘটন ঘটাতে পারদর্শী | অঘটনঘটনপটিয়সী |
| যে নারী সূর্যকে দেখে না (অন্তঃপুরে থাকে) | অসূর্যম্পশ্যা |
| যে নারী একবার সন্তান প্রসব করেছে | কাকবন্ধ্যা |
| যে নারী পূর্বে অন্যের স্ত্রী ছিল | অন্যপূর্বা |
| যে নারী (বা গাভী) দুগ্ধবতী | পয়স্বিনী |
| যে নারী প্রিয় বাক্য বলে | প্রিয়ংবদা |
| যে নারী স্বয়ং পতি বরণ করে | স্বয়ংবরা |
| যে নারী বীর সন্তান প্রসব করে | বীরপ্রসূ |
| যে নারী দেহ সৌষ্ঠব সম্পন্না | অঙ্গনা |
| যে নারী অপরের দ্বারা প্রতিপালিতা | পরভৃতা বা পরভৃতিকা |
| যে নারীর স্বামী ও পুত্র জীবিত | বীরা বা পুরন্ধ্রী |
| যে নারীর স্বামী ও পুত্র মৃত | অবীরা |
| যে নারীর বিয়ে হয়েছে | ঊঢ়া |
| যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে | নবোঢ়া |
| যে নারীর বিয়ে হয় না | অনূঢ়া |
| যে নারীর অসূয়া (হিংসা) নেই | অনসূয়া |
| যে নারীর স্বামী (ভর্তা) বিদেশ থাকে | প্রোষিতভর্তৃকা |
| যে নারীর সন্তান হয় না | বন্ধ্যা |
| যে নারীর সন্তান বাঁচে না | মৃতবৎসা |
| যে নারীর স্বামী দ্বিতীয় বিয়ে করেছে | অধিবিন্না |
| যে নারীর হাসি সুন্দর | সুস্মিতা |
| যে নারীর হাসি কুটিলতাবর্জিত | শুচিস্মিতা |
| যে (পুরুষ) দার পরিগ্রহ করেছে | কৃতদার |
| যে (পুরুষ) স্ত্রীর বশীভূত | স্ত্রৈণ |
| যে পুরুষের স্ত্রী বিদেশ থাকে | প্রোষিতপত্নীক বা প্রোষিতভার্য |
| যে বৃক্ষের ফল হয় কিন্তু ফুল হয় না | বনস্পতি |
| দিনের সায় (অবসান) ভাগ | সায়াহ্ন |
| যার অন্য কোনো উপায় নেই | অনোন্যপায় |
| যার দাঁড়ি গোঁফ উঠে নি | অজাতশ্মশ্রু |
| যার উপস্থিত বুদ্ধি আছে | প্রত্যুৎপন্নমতি |
| যার সব কিছু হারিয়েছে | হৃতসর্বস্ব |
| যার পূর্বজন্মের কথা স্মরণ আছে | জাতিস্মর |
| যার দুই দিক বা চার দিকে জল | দ্বীপ |
| যার বংশ পরিচয় বা স্বভাব কেউই জানে না | অজ্ঞাতকুলশীল |

| | |
|---|---|
| যে পরের গুণেও দোষ ধরে | অসূয়ক |
| যে অগ্র-পশ্চাৎ চিন্তা না করে কাজ করে | অবিমৃশ্যকারী |
| যে অপরের লেখা চুরি করে নিজনামে চালায় | কুম্ভীলক |
| যে আপনাকে পণ্ডিত মনে করে | পণ্ডিতম্মন্য |
| যে সন্তান পিতার মৃত্যুর পর জন্মে | মরণোত্তরজাতক |
| যে ক্রমাগত রোদন করছে | রোরুদ্যমান |
| যে জমিতে দুবার ফসল হয় | দো-ফসলি |
| যে বিষয়ে কোনো বিতর্ক নেই | অবিসংবাদিত |
| যা উরস (বুক) দিয়ে হাঁটে | উরগ (সর্প) |
| যা পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে | দেদীপ্যমান, দোদীপ্যমান |
| যা লাফিয়ে লাফিয়ে চলে | প্লবগ (ব্যাঙ/বানর) |
| যা কোথাও উঁচু কোথাও নিচু | বন্ধুর |
| যা খুব শীতল বা উষ্ণ নয় | নাতিশীতোষ্ণ |
| অকর্মণ্য গবাদি পশু রাখার স্থান | পিঁজরাপোল |
| অঘ্রান মাসে সন্ধ্যাকালীন ব্রত (রমনীদের) | সেঁজুতি |
| আশ্বিন মাসের পূর্ণিমা তিথি | কোজাগর |
| ইতস্তত গমনশীল বা সঞ্চরণশীল | বিসর্পী |
| ঋণ শোধের জন্য যে ঋণ করা হয় | ঋণার্ণ |
| এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা | অধ্যায় |
| ঐতিহাসিককালেরও আগের | প্রাগৈতিহাসিক |
| কথার মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রসঙ্গ বা প্রবচনাদি প্রয়োগ | বুকনি |
| প্রাণ ওষ্ঠাগত হবার মতো অবস্থা | লবেজান |
| হস্তী, অশ্ব, রথ, পদাতিকের সমাহার | চতুরঙ্গ |
| সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত | সাবন |
| আকাশ ও পৃথিবী বা স্বর্গ ও মর্ত্য | ক্রন্দসী |
| আকাশ ও পৃথিবীর অন্তরাল | রোদসী |
| পদ্মের ঝাড় বা মৃণালসমূহ | মৃণালিনী |
| সদ্য দোহনকৃত উষ্ণ দুধ | ধারোষ্ণ |
| সৈনিক দলের বিশ্রাম শিবির | স্কন্দাবার |
| অজ (ছাগল) কে গ্রাস করে যা | অজগর |
| অষ্টপ্রহর (সারা দিন) ব্যবহার্য যা | আটপৌরে |
| অন্তরে যা ঈক্ষণ (দেখার) যোগ্য | অন্তরীক্ষ |
| আপনাকে কেন্দ্র করে যার চিন্তা | আত্মকেন্দ্রিক |
| মাটিতে গড়াগড়ি দিচ্ছে এমন | উপাবৃত্ত |
| ইন্দ্রকে জয় করেন যিনি | ইন্দ্রজিৎ |
| ইন্দ্রিয়কে জয় করেন যিনি | জিতেন্দ্রিয় |
| ইতিহাস রচনা করেন যিনি | ঐতিহাসিক |
| ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি | ইতিহাসবেত্তা |
| উপকারীর উপকার স্বীকার করে যে | কৃতজ্ঞ |
| উপকারীর উপকার স্বীকার করে না যে | অকৃতজ্ঞ |
| উপকারীর অপকার করে যে | কৃতঘ্ন |
| কোনো ভাবেই যা নিবারণ করা যায় না | অনিবার্য |
| কাজে যার অভিজ্ঞতা আছে | করিতকর্মা |
| পত্নী বর্তমান থাকা সত্ত্বেও পুনর্বিবাহ | অধিবেদন |
| স্বপ্নে (ঘুমে) শিশুর স্বগত হাসি-কান্না | দেয়ালা |
| বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে | পরিবেদন |
| ধর্মপুরুষ বা সন্ন্যাসীর পর্যটন | পরিব্রাজন |
| যুদ্ধ থেকে যে বীর পালায় না | সংশপ্তক |
| ফল পাকলে যে গাছ মরে যায় | ওষধি |
| যে সব গাছ থেকে ঔষধ প্রস্তুত হয় | ঔষধি |
| অন্ত-ব্যঞ্জন ছাড়া অন্য আহার্য | জলপান |

| | |
|---|---|
| জলপানের জন্য দেয় অর্থ | জলপানি (বৃত্তি) |
| শত্রুকে জয় করেন যিনি | পরঞ্জয় বা শত্রুজিৎ |
| শত্রুকে হত্যা করেন যিনি | শত্রুঘ্ন |
| সকলের জন্য প্রযোজ্য | সার্বজনীন |
| সকলের জন্য হিতকর বা মঙ্গলজনক | সর্বজনীন |
| স্বমত অন্যের উপর চাপিয়ে দেয় যে | স্বৈরাচারী |
| সব কিছু সহ্য করেন যিনি | সর্বংসহা |
| হাতির পিঠে আরোহী বসার স্থান | হাওদা |
| যে রমণী কখনো সূর্যের মুখ দেখে নি | অসূর্যম্পশ্যা |

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01. 'যা সহজে জানা যায় না' এর এক কথায় প্রকাশিত রূপ কোনটি?** [DU-7Clg: 2023-24]

A. দুর্জ্ঞান B. দূরজ্ঞান
C. দুর্জ্ঞেয় D. দুর্বোধ্য

**Ans C Analysis** 'যা সহজে জানা যায় না' এর এক কথায় প্রকাশিত রূপ হলো- দুর্জ্ঞেয়।

**02. 'কেবল নিজের স্বার্থ নিয়ে ব্যস্ত থাকে যে'- এর এককথায় প্রকাশ কী?** [DU-7Clg: 2022-23]

A. আত্মকেন্দ্রিক B. আত্মনিষ্ঠ
C. আত্মমুগ্ধ D. পরার্থপর

**Ans A Analysis** কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ:
- আচারে নিষ্ঠা আছে যার – আচারনিষ্ঠ।
- আত্ম বিষয়কেই সর্বস্ব বলে মনে করে যে: আত্মসর্বস্ব।
- আপনার রং লুকায় যে: বর্ণচোরা।
- কারো অপেক্ষা রাখে না যে: নিরপেক্ষ।

**03. 'যাকে ভাষায় প্রকাশ করা যায় না' এককথায় কী বলে?** [DU-7Clg: 2022-23]

A. অনিবার্য B. অনির্বচনীয়
C. অনির্ণেয় D. অনির্দেশ্য

**Ans B Analysis** এককথায় প্রকাশ:
- বাক্য ও মনের অগোচর – অবাঙ্‌-মানসগোচর।
- নির্ণয় করা যায় না যা – অনির্ণেয়।
- নির্দিষ্ট করা যায় না যা – অনির্দেশ্য।
- নিন্দা করা যায় না যাকে – অনিন্দ্য।

**04. ইন্দ্রিয়কে জয় করেছে যে–** [DU-7Clg: 2021-22]

A. আধ্যাত্মিক B. ইন্দ্রজিৎ C. একাগ্রচিত্ত D. জিতেন্দ্রিয়

**Ans D Analysis** এককথায় প্রকাশ: ইন্দ্রকে জয় করেছে যে- ইন্দ্রজিৎ, আধ্যাত্ম বিষয়ক যা আধ্যাত্মিক, একই বিষয়ে নিবিষ্ট চিত্ত যার-একাগ্রচিত্ত, অন্যদিকে মন দেয় না যে- অনন্যমনা।

**05. এক কথায় প্রকাশ কর: যিনি অনেক দেখেছেন–** [DU-7Clg: 2020-21]

A. বহুজ্ঞান্তা B. বহুদর্শী
C. বহুমাত্রিক D. প্রত্যক্ষদর্শী

**Ans B Analysis** কতিপয় এক কথায় প্রকাশ : বেঁচে থাকার ইচ্ছা- জিজীবিষা; গোপন করার ইচ্ছা- জুগুপ্সা; গমন করার ইচ্ছা জিগমিষা; গ্রহণ করার ইচ্ছা- জিঘৃক্ষা; হরণ করার ইচ্ছা- জিহীর্ষা; হনন করার ইচ্ছা- জিঘাংসা।

**06. 'দিন ও রাত্রির সন্ধিক্ষণ' এর সংক্ষিপ্ত রূপ হলো–** [DU-7Clg: 2019-20]

A. সায়াহ্ন B. অপরাহ্ণ C. রাত D. রজনী

**Ans A Analysis** গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ: রাত্রির প্রথমভাগ- পূর্বরাত্র, রাত্রির শেষভাগ- পররাত্র, রাত্রির তিনভাগ একত্রে- ত্রিযামা, রাত্রিকালীন যুদ্ধ- সৌপ্তিক।

**07. 'গণনার যোগ্য নয় যা' এক কথায় বলা যায়–** [DU-7Clg: 2018-1...

A. অগণ্য B. নগণ্য
C. অগণিত D. অসংখ্য

**Ans B Analysis** কতিপয় এক কথায় প্রকাশ: যা ক্রয় করার যোগ্য = ক্রে... যা মুছে ফেলা যায় না = দুর্মোচ্য, যা বলার যোগ্য নয় = অকথ্য, যা ধারণ ... পোষণ করে = ধর্ম, যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব।

## IQA IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'-এর এককথায় প্রকাশিত রূপ-**

A. ঐতিহাসিক B. ইতিহাসবেত্তা
C. ইতিহাস বিশেষজ্ঞ D. ইতিহাস রচয়িতা

**Ans B Analysis** কয়েকটি গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ হলো –
- যা কখনও হবে না – অসম্ভব।
- জলময় স্থান – অনুপ।
- যা দেখা যায় না – অদৃশ্য।
- বহুর মধ্যে এক – অন্যতম।

**02. 'ঘর্ষণ বা পেষণজাত সুগন্ধ' অর্থ কোন শব্দটিতে বোঝায়?**

A. পরিমল B. স্নিগ্ধ
C. বিধুর D. সুভাসিত

**Ans A Analysis** পরিমল-পুষ্প চন্দনাদির সৌরভ; মর্দন বা ঘর্ষণ করলে যে সুগন্ধ বের হয়।
- স্নিগ্ধ- কোমল, মৃদু।
- বিধুর- উপভোগ্য।
- সুভাসিত- সৌরভিত।
- প্রমাণ করা যায় যা- প্রমেয়।

**03. 'রাত্রির শেষ ভাগ'-এককথায়-**

A. মহানিশা B. যামিনী
C. পররাত্র D. রাত্রিশেষ

**Ans C Analysis** রাত্রির প্রথমভাগ-পূর্বরাত্র, রাত্রির মধ্যভাগ- মহানিশা, রাত্রির শেষভাগ-পররাত্র, রাত্রি ও দিবসের সন্ধিক্ষণ- গোধূলি, রাত্রিকালীন যুদ্ধ- সৌপ্তিক।

**04. 'শোনা যায় এমন'- এক কথায় হবে-**

A. শ্রুতিগ্রাহ্য B. শ্রুতিমধুর
C. শ্রুতিযোগ্য D. শ্রুতিধর

**05. 'কুম্ভীলক' শব্দের অর্থ-**

A. যে অপরের লেখা চুরি করে নিজের নামে চালায়
B. কুমির ছানা C. মজবুত তালা
D. পৌরাণিক চরিত্র

**Ans A Analysis** যে অপরের লেখা চুরি করে নিজের নামে চালায়- 'কুম্ভীলক'। পরের উন্নতি দেখলে যার সহ্য হয় না- পরশ্রীকাতর।

**06. 'এক হতে আরম্ভ করে' এক কথায়-**

A. ক্রমান্বয়ে B. একাদিক্রমে
C. একাধিক্রমে D. একাধারে

**Ans B Analysis** • এক থেকে শুরু করে ক্রমাগত- একাদিক্রমে।
- এক বিষয়ে নিবিষ্ট চিত্ত যার- একাগ্রচিত্ত।
- ক্রমে ক্রমে আসিয়াছে যাহা-ক্রমাগত।
- কর্মে অতিশয় কুশল-কর্মঠ

**07. 'প্রাণ ওষ্ঠাগত হবার মতো অবস্থা'–এক কথায় হবে-**

A. বরাভয় B. লবেজান
C. রোদসী D. বীরবৌলি

**Ans B Analysis** 'প্রাণ ওষ্ঠাগত হবার মতো অবস্থা' (অত্যন্ত কষ্টকর অবস্থায় পড়া) এক কথায় লবেজান।



CamScanner

08. গমন করতে পারে যে–
A. জঙ্গম B. গম্য
C. গমনকারী D. অভিযাত্রী
Ⓐ

09. 'পরকে প্রতিপালন করে যে'-এক কথায় হবে-
A. পরভৃত B. পরভৃৎ
C. প্রতিপালক D. প্রতিপোষক

Ans B Analysis পরভৃৎ (কাক) = পরকে প্রতিপালন করে যে।
পরভৃত (কোকিল) = পরের দ্বারা প্রতিপালিত যে।

10. 'প্রেক্ষিত' শব্দের অর্থ -
A. দৃষ্টিকোণ B. পর্যবেক্ষণ
C. দর্শন করা হয়েছে এমন D. প্রেক্ষাপট

Ans C Analysis • প্রেক্ষিত - প্রেক্ষণ বা দর্শন করা হয়েছে এমন।
• পরিপ্রেক্ষিত - পটভূমি, পারিপার্শ্বিক অবস্থা।
• যা দেখার যোগ্য-দর্শনীয়।

11. 'প্রতিধ্বনি ক্রমবিস্তার' এর এক শব্দরূপ-
A. অনুকরণ B. অনুপ্রাণন
C. অনুবর্তন D. অনুরণন
Ⓓ

12. ধুলার মত রং যার-এক কথায় কী বলে?
A. পাংশু B. ধুলিসাৎ
C. কুলপি D. অপাঙ্গ

Ans A Analysis গুরুত্বপূর্ণ কয়েকটি এক কথায় প্রকাশ:
• অনুকে দেখা যায় যার দ্বারা- অণুবীক্ষণ।
• অপকার করার ইচ্ছা- অপচিকীর্ষা।
• হনন করার ইচ্ছা-লিপ্সা।
• অগ্রসর হয়ে অভ্যর্থনা- প্রত্যুদ্গমন।
• যিনি বক্তৃতাদানে পটু-বাগ্মী।
• গোপন করার যোগ্য- গোপনীয়।
• আত্মাকে অধিকার করে- আধ্যাত্ম।
• গোপন করিবার ইচ্ছা- জুগুপ্সা।
• পুরুষের কর্ণভূষণ- বীরবৌলি।

13. যে বিষয়ে কোন বির্তক নেই- এর এক কথায় প্রকাশ কোনটি?
A. চিরসত্য B. অবিসংবাদিত
C. অবিতর্কিত D. চিরাচরিত

Ans B Analysis যে বিষয়ে কোন বির্তক বা বিসংবাদ নেই- অবিসংবাদিত।

14. 'অশ্বের চালক' এক কথায় প্রকাশ –
A. জকি B. কাঁধি
C. সাদি D. ঘটক

Ans C Analysis কতিপয় এক কথায় প্রকাশ:
• অক্ষির সম্মুখে বর্তমান – প্রত্যক্ষ।
• অভিজ্ঞতার অভাব আছে যার – অনভিজ্ঞ।
• অহংকার নেই যার – নিরহংকার।
• অতি দীর্ঘ নয় যা – নাতিদীর্ঘ।
• অগ্রে জন্মেছে যে – অগ্রজ।

15. 'নিজেদের দ্বারা অর্জিত' এক কথায় হবে–
A. স্বকীয় B. অর্জিত
C. স্বোপার্জিত D. স্বর্জিত
Ⓒ

## PRIME TEST

01. 'যা আঘাত পায় নি' বাক্যটির এক শব্দে প্রকাশরূপ-
A. অনাঘাত B. অনাঘ্রাত
C. অনাহত D. অনাহূত

02. 'নির্মোক' কোন শব্দগুচ্ছের সংকুচিত রূপ?
A. পশুর খোলস
B. নির্মোহ যে লোক
C. সাপের খোলস
D. নিমক রাখার পাত্র

03. 'অনসূয়া' শব্দটি কোন বাক্যের সংকুচিত রূপ?
A. অপরিণত বয়স্ক
B. যে রমণীর পুত্র নাই
C. যে নারী বিধবা হয় নাই
D. যে রমণীর হিংসা নাই

04. 'যে বিষয়ে কোন বিবাদ বা বিরোধ নেই।' কথাটি সংক্ষেপ করলে হবে-
A. সর্বসম্মত B. অবিসংবাদিত
C. ঐকমত্য D. নির্বিরোধী

05. শত্রুকে দমন করে যে, তাকে এক শব্দে বলা হয়-
A. শত্রুঘ্ন B. শত্রুহন্তা
C. অরিন্দম D. অবিবৈরী

06. 'বিচার করে কাজ করে না যে'- এক শব্দে হবে-
A. অবিমৃষ্যকারী B. অবিচারী
C. অনাচারী D. অবিবেচক

07. 'মোটাও নয় রোগাও নয়'- এক কথায়-
A. দোহারা B. দোবারা
C. দোমালা D. দোপাট্টা

08. 'পরকে প্রতিপালন করে যে'- এক কথায় হবে-
A. পরভৃত B. পরভৃৎ
C. প্রতিপালক D. প্রতিযোজক

09. যে লেখক অন্যের ভাব, ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায় তাকে বলা হয়-
A. লিপিকর
B. কুসীদজীবী
C. নকলবাজ
D. কুম্ভীলক

10. 'সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা'- এক কথায় কী হবে?
A. সংবর্ধনা
B. অভিনন্দন
C. সম্মাননা
D. প্রত্যুদ্গমন

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

**ANS ANALYSIS**

| 01.C | 02.C | 03.D | 04.B | 05.C | 06.D | 07.A | 08.B | 09.D | 10.D |
|---|---|---|---|---|---|---|---|---|---|



CamScanner

# সমার্থক বা প্রতিশব্দ

টপিক ৪৮ ব্যাকরণ

## গুরুত্বপূর্ণ সমার্থক বা প্রতিশব্দ

| | |
|---|---|
| অশ্ব | বাজী, হয়, তুরগ, ঘোটক, তুরঙ্গম |
| অন্ধকার | তিমির, তমঃ, তমিস্র |
| অন্ন | ভাত, ওদন |
| আনন্দ | হর্ষ, পুলক, আহ্লাদ |
| আকাশ | খ, নভঃ, ব্যোম, ছায়ালোক, অম্বর, দ্য |
| অগ্নি | বহ্নি, হুতাশন, পাবক, বৈশ্বানর, দহন, সর্বভুক, শিখা, কৃশানু, সর্বশুচি, বিভাবসু |
| ইচ্ছা | অভিলাষ, বাঞ্ছা, অভিপ্রায়, স্পৃহা, বাসনা, অভিরুচি, মনোরথ, আকিঞ্চন, লালসা |
| ইতি | যবনিকা, রফা, অন্তিম, সাঙ্গ, অবসান |
| ঈশ্বর | ইষ্ট, অনন্ত, বিভু, ব্রহ্ম, বিধি, জগদীশ, ধাতা, প্রজাপতি, স্বয়ম্ভূ |
| ঈর্ষা | বিরাগ, দ্বেষ, অসূয়া, পরশ্রীকাতরতা, হিংসা |
| ঊর্মি | তরঙ্গ, বীচি, লহর, ঢেউ, লহরী |
| কেশ | কুন্তল, অলক, চিকুর, কবরী |
| কিরণ | কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, অংশু, বিভা, ময়ূখ, দীপ্য |
| কোরক | কুড়ি, মুকুল, কুলি, বউল |
| কোকিল | কাকপুষ্ট, পরপুষ্ট, পিক, পরভৃত, বসন্তদূত, অন্যপুষ্ট, মধুস্বর, মধুসখা |
| কপাল | ভাল, ললাট, অলিক, দৈব |
| কুল | গোত্র, কৌলীন্য, আভিজাত্য, বর্ণ |
| কন্যা | নন্দিনী, আত্মজা, দুহিতা, সুতা, তনয়া, দুলালী |
| খবর | বার্তা, ফরমান, সন্দেশ, তত্ত্ব, সমাচার |
| খড়গ | তলোয়ার, কৃপাণ, তরবারি, অসি |
| গঙ্গা | ভাগীরথী, জাহ্নবী |
| গরু | ধেনু, পয়স্বিনী |
| ঘন | মেঘ, বারিদ, অম্বুদ, পয়োধর, নীরদ, জলদ, জীমূত, তোয়দ, পর্জন্য, পয়োদ, বলাহক |
| চন্দ্র | সুধাংশু, সুধাকর, শশাঙ্ক, হিমাংশু, বিধু, নিশাকর, সোম, শীতাংশু, ইন্দু, দ্বিজরাজ, নিশাকান্ত, মৃগাঙ্ক, কলাধর, কলাভৃৎ, কুমুদনাথ |
| চক্ষু | দর্শন, লোচন, নেত্র, অক্ষি |
| জল | সলিল, বারি, অপ, উদক, অম্বু, নীর, পয়ঃ, তোয়, অম্ভঃ |
| জ্যোৎস্না | চাঁদিনী, চন্দ্রিমা, কৌমুদী |
| দেবতা | সুর, ত্রিদশ, অজর |
| দেহ | কায়া, কলেবর, গাত্র, তনু, কায় |
| দোকান | আপণ, বিপণি, পণ্যগৃহ |
| নদী | স্রোতস্বিনী, তটিনী, তরঙ্গিনী, প্রবাহিনী, শৈবলিনী, কলস্বিনী, কল্লোলিনী, পয়স্বিনী, নির্ঝরিণী, সরিৎ |
| নারী | বনিতা, ভামিনী, কান্তা, বামা, রামা, অঙ্গনা, ললনা, কামিনী, মহিয়সী |
| পৃথিবী | ধরিত্রী, বসুন্ধরা, ক্ষিতি, মহী, বসুমতী, মেদিনী, ব্রহ্মাণ্ড, অখিল, পৃথ্বী, ভূলোক, উর্বী |
| পাখি | বিহগ, বিহঙ্গ, খগ, গরুড়, বিহঙ্গম, শকুন্ত, খেচর, দ্বিজ, অণ্ডজ, পতত্রী, পক্ষী |
| পদ্ম | উৎপল, নলিনী, অরবিন্দ, সরসিজ, পঙ্কজ, কোকনদ, ইন্দিবর, কুমুদ, রাজীব, পুষ্কর |
| পুত্র | আত্মজ, নন্দন, সুত, তনয়, দুলাল |
| পর্বত | মহীধর, গিরি, অচল, অদ্রি, শিখরী, শৃঙ্গী, ভূধর, নগ |
| বায়ু | অনিল, সমীরণ, সমীর, বাত, মরুৎ, প্রভঞ্জন |
| বন | অটবি, বিপিন, গহন, কুঞ্জ, কান্তার, বনানী |
| বৃক্ষ | পাদপ, বিটপী, দ্রুম, শাখী, শিখরী, তরু, মহীরুহ |
| বিদ্যুৎ | বিজলি, তড়িৎ, ক্ষণপ্রভা, সৌদামিনী, চপলা, চঞ্চলা, চিকুর, দামিনী, শম্পা |
| ময়ূর | কলাপী, কেকা, শিখণ্ডী, বর্হী |
| মৃত্যু | ইন্তেকাল, বিনাশ, নাশ, নিধন, নিপাত |
| যুদ্ধ | সমর, আহব, বিগ্রহ, রণ |
| রাজা | নৃপতি, নরেশ, মহীপাল, দণ্ডধর |
| রাত্রি | রজনী, শর্বরী, যামিনী, বিভাবরী, নিশীথিনী, নিশি |
| শত্রু | অরাতি, অরি, বৈরি, অররু, রিপু |
| সূর্য | ভানু, আফতাব, ভাস্কর, আদিত্য, দিবাকর, মার্তণ্ড, অর্ক, সবিতা, বিভাবসু, বিবস্বান, মিহির, অরুণ, দিনেশ, বালার্ক, হরিদশ্ব |
| সমুদ্র | রত্নাকর, জলধি, বারিধি, বারীশ, উদধি, অর্ণব, পারাবার, পয়োনিধি, তোয়নিধি, বারিনিধি, বারীন্দ্র |
| সর্প | ফণী, ভুজঙ্গ, ভুজগ, অহি, পন্নগ, নাগ, উরগ, সাপ, আশীবিষ |
| সোনা | কনক, কাঞ্চন, হিরণ্য, সুবর্ণ, হেম, হিরণ |
| সিংহ | কেশরী, মৃগেন্দ্র, হরি, হর্যক্ষ |
| সমূহ | গণ, বৃন্দ, চয়, নিচয়, সমুদয়, পটল, বর্গ, মালা, রাজি, সকল |
| হস্তী | করী, মাতঙ্গ, বারণ, গজ, কুঞ্জর, দন্তী, দ্বিরদ, হাতি, দ্বীপ |
| কিরণ | কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, অংশু, রশ্মি, আলো |
| গৃহ | নিলয়, ঘর, আলয়, ভবন, বাড়ি, আবাস, নিকেতন। |
| পৃথিবী | মহী, ধরা, ধরণী, ধরিত্রী, বসুন্ধরা, বসুধা, ভূ, ভূমণ্ডল, অবনী, ক্ষিতি, বসুমতী, মেদিনী, মর্ত্যলোক, ব্রহ্মাণ্ড, বিশ্ব, অখিল, ভুবন, উর্বী, পৃথ্বী। |
| পুষ্প | রঙ্গন, কুসুম, ফুল, প্রসূন। |
| স্বর্গ | দ্যুলোক, দেবলোক, বেহেশত, জান্নাত, সুরলোক, সুর, প্রভাকর, বিভাবসু, মিহির, তপন, ত্রিদিব, ত্রিদশালয়, অমরালয়। |
| হাত | ভুজ, কর, বাহু, হস্ত। |

## PYQ PREVIOUS YEARS' QUESTIONS

**01.** 'এ বিষয়ে আমার কোনো হাত নেই।' এখানে 'হাত' কী অর্থে ব্যবহৃত? [DU-7Clg: 2023-24]

A. প্রভাব B. দক্ষতা
C. সুযোগ D. আগ্রহ

**Ans A Analysis** 'এ বিষয়ে আমার কোনো হাত নেই।' এখানে 'হাত' শব্দের অর্থ প্রভাব।

**02.** 'অমরাবতী' শব্দের প্রতিশব্দ কোনটি? [DU-7Clg: 2022-23]

A. পর্বত B. নদী C. স্বর্গ D. আকাশ

**Ans C Analysis** 'অমরাবতী' শব্দের প্রতিশব্দ: স্বর্গ, দেবালয়, সুরলোক, আনন্দলোক, অমৃতলোক, অমরালয়। 'পর্বত' এর সমার্থক: পাহাড় 'নদী'র প্রতিশব্দ: তটিনী এবং 'আকাশ'র প্রতিশব্দ: আসমান।

**03.** 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি? [DU-7Clg: 2022-23]

A. অচল B. অদ্রি
C. শৈল D. মেদিনী

**Ans D Analysis** 'পর্বত'র সমার্থক: অচল, অদ্রি, শৈল। 'মেদিনী'র সমার্থক: পৃথিবী, অখিল, অবনী।

**04.** নিচের কোনটি 'মনীষা' শব্দের সমার্থক? [DU-7Clg: 2022-23]

A. প্রজ্ঞা B. সুন্দর C. দয়ালু D. আশা

**Ans A Analysis** 'মনীষা' শব্দের সমার্থক: প্রজ্ঞা, তীক্ষ্মবুদ্ধি, প্রতিভা।

**05.** 'সূর্য' শব্দের সমার্থক হলো– [DU-7Clg: 2021-22]

A. অর্ণব B. অর্ক C. প্রসূন D. প্রদোষ

**Ans B Analysis** 'সূর্য' শব্দের সমার্থক : অর্ক, আদিত্য, রবি, ভানু, দিবাকর। 'অর্ণব'র সমার্থক 'সাগর', প্রসূন'র সমার্থক 'ফুল' এবং প্রদোষ'র সমার্থক শব্দ 'সন্ধ্যা'।

**06.** 'লাঙ্গুল' শব্দের অর্থ– [DU-7Clg: 2018-19]

A. লাঙ্গল B. বিড়াল
C. লেজ D. আঙুল

**Ans C Analysis** গুরুত্বপূর্ণ শব্দার্থ:

- চারপায়া- টুল বা চৌকি
- সতরঞ্চখেলা- দাবা খেলা
- যষ্টি- লাঠি
- ভার্যা- স্ত্রী বা বউ।



CamScanner

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

01. 'উদীচী' শব্দের অর্থ-
A. পূর্বদিক B. উত্তরদিক
C. উত্তরণ D. জাগরণ
Ⓓ

02. 'অনুবন্ধ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
A. অনুরোধ B. সানুগ্রহ
C. সূত্রপাত D. অটুট
**Ans A Analysis** অনুবন্ধ- অবতারণা, উদ্যোগ, অনুরোধ, সংকল্প ।

03. 'কাদম্বিনী' অর্থ-
A. নদী B. রাত্রি
C. মেঘমালা D. নারী
**Ans C Analysis** মেঘ-জলদ, বারিদ, কাদম্বিনী, তোয়দ, পয়োধর, জীমূর্ত, ঘন, নীরদ ইত্যাদি ।

04. 'বিদ্যুৎ' এর সমার্থক শব্দ-
A. মসরুৎ B. শম্পা
C. ময়ূখ D. ছটা
**Ans B Analysis** কিছু গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ
বিদ্যুৎ- বিজলি, তড়িৎ, ক্ষণপ্রভা, সৌদামিনী, দামিনী, চপলা, চঞ্চলা, শম্পা
বাতাস- অনিল, পবন, সমীরণ, মরুৎ, প্রভঞ্জন, গন্ধবহ
সূর্য- ভাস্কর, আদিত্য, তপন, রবি, ভানু ।

05. 'বীচি' শব্দের সমার্থক শব্দ-
A. অঙ্কুর B. তরঙ্গ
C. নদী D. আঁটি
**Ans B Analysis** ঢেউ- তরঙ্গ, উর্মি, বীচি, কল্লোল, তরঙ্গমালা ।

06. 'অপোগণ্ড' শব্দের অর্থ-
A. অপ্রাপ্তবয়স্ক B. অপদার্থ
C. দরিদ্র D. অকর্মণ্য
Ⓑ

07. 'বরাঙ্গ' শব্দের অর্থ কি?
A. বরের অঙ্গ B. বৃহৎ শরীর
C. সুন্দর দেহ D. বরের আসন
**Ans C Analysis** সুন্দর শারীরিক বৈশিষ্ট্য বুঝাতে উক্ত শব্দটি ব্যবহৃত হয় ।

08. 'মঞ্জরী' শব্দের অর্থ হলো–
A. ফুলের রেণু B. মুকুল
C. বসন্ত D. অনুমোদন
Ⓑ

09. 'পাথাল' শব্দের অর্থ-
A. পাখির খামারি B. পাস্তা
C. পাখ-পাখালি D. পাটের আঁশ
Ⓑ

10. 'দেউল' শব্দের প্রতিশব্দ কোনটি?
A. দেওয়ালি B. দেয়াল
C. দলিল D. দেবালয়
**Ans D Analysis** 'দেউল' শব্দটি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতায় উল্লেখ করা হয়েছে যার প্রতিশব্দ দেবালয়, মন্দির, প্রার্থনাস্থান, প্রার্থনাকক্ষ ইত্যাদি ।

11. 'অপাঙ্গ' শব্দের অর্থ-
A. প্রতি অঙ্গ B. আপাদ মস্তক
C. ভিন্নাঙ্গ D. দৃষ্টিকোণ
**Ans D Analysis** অপাঙ্গ শব্দটির আভিধানিক অর্থ- চোখের কোণ । সেদিক থেকে D-অপশনটি সামঞ্জস্যপূর্ণ ।

12. 'গুড়গুড়ি'-র সঠিক প্রতিশব্দ-
A. ফরসি B. তামাকপাত্র
C. গুড় গুড় শব্দ D. গুড়িগুড়ি বৃষ্টি
Ⓐ

13. 'সূত' শব্দের অর্থ
A. পুত্র B. সূত্র
C. সারথি D. পবিত্র
**Ans C Analysis** সমোচ্চারিতরূপ। সুত- পুত্র, সূত- সারথি ।

14. 'রাত্রি'র সমার্থক শব্দ-
A. শর্বরী B. শরবী
C. শফরী D. শশী
Ⓐ

15. 'অগ্নিমান্দ্য' এর অর্থ কি?
A. চড়া মূল্য B. ক্ষুধার অল্পতা
C. স্বল্প আলো D. কোমল উষ্ণতা
**Ans B Analysis** সমার্থক শব্দ: দিবারাত্রি, জীর্ণতা ইত্যাদি ।

## PRIME TEST

01. 'উরগ'- এর সমার্থক শব্দ-
A. সরীসৃপ B. উর্ধ্বগামী
C. উন্মার্গ D. সবিতা

02. 'জলকণা'র সমার্থক শব্দ-
A. শিশির B. বিন্দু
C. শীকর D. বুদ্বুদ

03. 'কিরণ' শব্দের প্রতিশব্দ কোনটি?
A. কর B. প্রভা
C. দীপ্তি D. সবগুলোই

04. 'কুক্কুট' শব্দের অর্থ বের কর-
A. কুকুর B. সারমেয়
C. মুরগি D. ছারপোকার শব্দ

05. কোন শব্দটি 'ঘর' শব্দটির সমার্থক শব্দ নয়?
A. আবাস B. নিকেতন
C. ধরণী D. সদন

06. 'হস্তী'র সমার্থক শব্দ-
A. তুরগ B. কুঞ্জর
C. অরুরু D. বাজী

07. 'পবন' শব্দের সমার্থক শব্দ-
A. পাবক B. সমীরণ
C. কিরণ D. ভানু

08. 'বীচি' শব্দের সমার্থক শব্দ-
A. অঙ্কুর B. তরঙ্গ
C. নদী D. আঁটি

09. ধেনু শব্দের সমার্থক শব্দ-
A. গরু B. দড়ি
C. তীর D. ধনু

10. 'বলাহক' শব্দের সমার্থ-
A. জলাশয় B. নদী
C. মেঘ D. আকাশ

| OMR SHEET | | |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | [illegible] |

**ANS ANALYSIS**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01.A | 02.C | 03.D | 04.C | 05.C | 06.B | 07.B | 08.B | 09.A | 10.C |



CS CamScanner

# বিপরীতার্থক শব্দ

টপিক ৪৯ ব্যাকরণ

## গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| অনুরক্ত | বিরক্ত | আকুঞ্চন | বিকুঞ্চন, প্রসারণ |
| অনুরাগ | বিরাগ | আবাহন | বিসর্জন |
| অধমর্ণ | উত্তমর্ণ | আবির্ভাব | তিরোভাব |
| অর্থ | অনর্থ | আঁটি | শাঁস |
| অনির্বাণ | নির্বাণ | আগ্রহ | উপেক্ষা |
| অর্বাচীন | প্রাচীন | আদিষ্ট | নিষিদ্ধ |
| অলীক | সত্য | ইতর | ভদ্র |
| অম্ল | মধুর | ঋজু | বক্র |
| অগ্রগামী | পশ্চাৎগামী | ঐহিক | পারত্রিক |
| অশন | অনশন | ঐচ্ছিক | আবশ্যিক |
| ঈষৎ | অধিক | এঁড়ে | বকনা |
| উন্মীলন | নিমীলন | ঔদ্ধত্য | বিনয় |
| উপরোধ | অনুরোধ | ঔদার্য | কার্পণ্য |
| উপচয় | অপচয় | কৃত্রিম | স্বাভাবিক |
| উদ্ধত | বিনীত | কৃষ্ণ | শুক্ল, শুভ্র |
| খাতক | মহাজন | করাল/উগ্র | সৌম্য/নম্র |
| গাম্ভীর্য | চাপল্য | চোখা | ভোঁতা |
| গৌরব | লাঘব | জঙ্গম | স্থাবর |
| গৃহী | সন্ন্যাসী | ঝানু | অপটু, অপক্ব |
| ঝুনা | কাঁচা | টাট্‌কা | বাসি |
| ডাগর | ছোট | ঠুনকো | মজবুত |
| দ্যুলোক | ভূলোক | ঢেংগা | খাটো |
| ধনী | গরিব/নির্ধন | তস্কর | সাধু |
| নিষেধ | বিধি | তামসিক | রাজসিক |
| নিরাকার | সাকার | দুষ্কৃতি | সুকৃতি |
| নিশ্চেষ্ট | সচেষ্ট | নির্মল | মলিন/পঙ্কিল |
| পশ্চাৎ | সম্মুখ | পাশ্চাত্য | প্রাচ্য |
| প্রফুল্ল | ম্লান | প্রাচ্য | প্রতীচ্য |
| বৈরাগ্য | আসক্তি | প্রাচীন | অর্বাচীন |
| বাচাল | স্বল্পভাষী | পরকীয় | স্বকীয় |
| ভোঁতা | ধারাল, তীক্ষ্ন | পুষ্ট | ক্ষীণ |
| যোজক | প্রণালি | বিধি | নিষেধ |
| লাঘব | গৌরব | বাধ্য | অবাধ্য |
| হরণ | পূরণ | বিজেতা | বিজিত |
| সম্পদ | বিপদ | সুরভি | পূতি |
| সুশীল | দুঃশীল | হর্তা | ভর্তা |
| হরদম | কদাচিৎ | হৃদ্যতা | কপটতা |
| সচেষ্ট | নিশ্চেষ্ট | মনীষা | নির্বোধ |
| সন্নিকৃষ্ট | বিপ্রকৃষ্ট | ক্ষতি | ফায়দা |
| শৌখিন | পেশাদার | ক্ষিপ্র | মন্থর |
| দারিদ্র্য | ঐশ্বর্য | অপব্যয় | মিতব্যয় |
| সংহত | বিভক্ত | ঐচ্ছিক | আবশ্যিক |
| ক্ষয়িষ্ণু | বর্ধিষ্ণু | সফেদ | নিকষ |

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| কড়ি | কোমল | ঋদ্ধি | অবনতি |
| একান্ন | পৃথগন্ন | তাপ | শৈত্য |
| সুষুপ্ত | জাগরিত | পাংশু | সতেজ |
| সমষ্টি | ব্যষ্টি | বিভাবরী | দিবস |
| নৈসর্গিক | কৃত্রিম | বাহুল্য | প্রয়োজনীয় |
| প্রকট | গুপ্ত | উত্তরীয় | অন্তরীয় |
| সভ্য | বুনো | পামর | মহাত্মা |
| জরা | যৌবন | | |

## PYQ — PREVIOUS YEARS' QUESTIONS

**01.** 'পামর' শব্দের বিপরীতার্থক শব্দ হলো– [DU-7Clg: 2020-21]

A. পাষাণ  B. দয়ালু
C. পূণ্যবান  D. মহাত্মা

**Ans D Analysis** কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| প্রাখর্য | স্নিগ্ধতা | প্রাচ্য | প্রতীচ্য |
| প্রশস্ত | সংকীর্ণ | প্রবৃত্তি | নিবৃত্তি |
| প্রচ্ছন্ন | ব্যক্ত | প্রদোষ | প্রত্যূষ |

**02.** 'ঋজু' শব্দের বিপরীত অর্থ– [DU-7Clg: 2017-18]

A. সরল  B. বঙ্কিম
C. ভঙ্গুর  D. বেঁটে

**Ans B Analysis** কতিপয় বিপরীত শব্দ:

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| সরল | কুটিল | বেঁটে | লম্বাটে |
| প্রফুল্ল | ম্লান | স্নিগ্ধ | রুক্ষ |
| যোজক | প্রণালি | ঐহিক | পারত্রিক |
| ভূত | ভবিষ্যৎ | বিজেতা | বিজিত |

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01.** 'শৌখিন' শব্দের বিপরীতার্থক শব্দ-

A. কুশলী  B. নোংরা
C. পেশাদার  D. দুর্জন

**Ans C Analysis** শৌখিন বলতে শখের বশে কোনো কাজ করাকে বোঝায়। বিপরীত দিকে পেশাদার বলতে নির্দিষ্ট কাজকে বুঝায় যার সাথে শখ সংযুক্ত নয়।

**02.** 'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি?

A. হালকা  B. ভারি
C. লম্বা  D. স্থূল **D**

**03.** 'ঐহিক' শব্দের বিপরীত শব্দ হলো:

A. বিষণ্ণ  B. বিবাদ
C. বৈরাগ্য  D. পারত্রিক

**Ans D Analysis** প্রদত্ত প্রশ্নোত্তরের বিপরীত শব্দ ছাড়াও গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ হলো- খাতক-মহাজন, করাল-সৌম্য, ঘোলা-স্বচ্ছ, টাটকা-বাসি, জঙ্গম-স্থাবর, তামসিক-রাজসিক, দীন-ধনী।

**04.** 'উচাটন'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?

A. উর্ধ্বটান  B. প্রশান্ত
C. উঁচুনিচু  D. উত্তাল **B**

**05.** আকুঞ্চন এর সঠিক বিপরীত শব্দ কোনটি?

A. প্রাঞ্জল  B. সংকোচন
C. সন্ধ্যা  D. প্রসারণ **D**



CamScanner

06. 'অর্বাচীন' এর বিপরীত শব্দ-
A. অচেনা B. নবীন
C. প্রাচীন D. তরুণ

Ans C Analysis অর্বাচীন অর্থ হচ্ছে নতুন/ অভিজ্ঞ নয় এমন। অন্যদিকে প্রাচীন অর্থ পুরাতন/প্রবীণ, অভিজ্ঞ, বিজ্ঞ, প্রজ্ঞা, দক্ষ ইত্যাদি।

07. 'বিহান' -এর বিপরীত শব্দ কোন্‌টি?
A. সোহান B. সন্ধ্যা
C. বিশ্ব D. মাস

Ans B Analysis বিহান শব্দের অর্থ- সকাল, প্রভাত।

08. 'ধবল' এর বিপরীত শব্দ-
A. সাদা B. কৃষ্টি
C. স্বচ্ছ D. কৃষ্ণ

Ans D Analysis ধবল- সাদা, শুভ্র।
বিপরীত শব্দ- কালো, কৃষ্ণ।

09. 'প্রকট' এর বিপরীত শব্দ-
A. গুপ্ত B. পৃথক
C. স্থির D. প্রচল

Ans A Analysis কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ:

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| গুপ্ত | ব্যাপ্ত, প্রকট |
| স্থির | চঞ্চল |
| প্রচল | অপ্রচল |
| পৃথক | সংযুক্ত,যুক্ত |

10. 'খাতক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
A. বন্ধু B. সম্পদ
C. মহাজন D. জমি

Ans C Analysis কিছু বিপরীত শব্দ-

| শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| বন্ধু | শত্রু |
| সম্পদ | বিপদ |
| চঞ্চল | স্থির |
| মহাজন | খাতক |
| ঝুনা | কাঁচা |

11. 'বন্ধুর' শব্দের বিপরীতার্থক শব্দ কী?
A. পাহাড়ি B. উঁচুনীচু
C. উৎরাই D. মসৃণ

Ans D Analysis বন্ধুর -মসৃণ; ধবল - কৃষ্ণ; জঙ্গম - স্থাবর।

12. 'জঙ্গম' শব্দটি দিয়ে বোঝায়—
A. বাঁধ B. স্থির
C. গতিশীল D. পর্বত

Ans C Analysis 'বাঁধ' শব্দের অর্থ- জলস্রোত ঠেকাবার নিমিত্ত প্রাচীর বা দেওয়াল দামোদার বাঁধ।
• 'স্থির' শব্দের অর্থ- পরিবর্তনহীন, নিশ্চল, স্থিত, অচল, অচর, অগতি, অগম।
• 'জঙ্গম' শব্দের অর্থ- গতিশীল, চলমান, সচল।

## PRIME TEST

01. 'যাযাবর'- এর বিপরীত শব্দ-
A. গৃহকাতর B. ঘরকুনো
C. গৃহী D. গৃহগত

02. 'অনুগ্রহ' শব্দের বিপরীত শব্দ কোনটি?
A. আগ্রহ B. নিগ্রহ
C. সাগ্রহ D. উপগ্রহ

03. 'উদ্ধত'- এর বিপরীত শব্দ-
A. সংযত
B. সদালাপী
C. মার্জিত
D. বিনীত

04. 'লগ্ন'- এর বিপরীত শব্দ কোনটি?
A. শুরু B. শেষ
C. চ্যুত D. ভোলা

05. 'উষর'- এর বিপরীত শব্দ কোনটি?
A. মরুময় B. জঙ্গলাকীর্ণ
C. উর্বর D. কর্দমাক্ত

06. 'পঙ্কিল' শব্দের বিপরীত শব্দ কোনটি?
A. পরিচ্ছন্ন
B. উজ্জ্বল
C. নির্মল
D. অম্লান

07. 'গৌরব' এর বিপরীত অর্থজ্ঞাপক শব্দ-
A. অপমান
B. অমর্যাদা
C. লাঘব
D. লজ্জা

08. 'খিড়কি' শব্দের বিপরীতার্থক শব্দ-
A. চিলেকোঠা B. গুপ্তপথ
C. বাতায়ন D. সিংহদ্বার

09. 'অহ' শব্দের বিপরীতার্থক শব্দটি চিহ্নিত কর।
A. সূর্য B. গতি
C. অপর D. রাত্রি

10. 'ভূত'- এর বিপরীতার্থক শব্দ-
A. বর্তমান B. ভাবী
C. প্রেত D. সম্ভব

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

### ANS ANALYSIS

| 01.C | 02.B | 03.D | 04.C | 05.C | 06.C | 07.C | 08.D | 09.D | 10.B |
|---|---|---|---|---|---|---|---|---|---|



CamScanner

# ছন্দ

টপিক ৫০ ব্যাকরণ

## ছন্দ প্রকরণ

❖ ছন্দ অর্থ 'গতি সৌন্দর্য'। সাহিত্যে এর অর্থ 'ভাষাগত ধ্বনি-সৌন্দর্য'।
❖ আব্দুল কাদিরের মতে –'শব্দের সুমিত ও সুনিয়ন্ত্রিত বাণী বিন্যাসকে বলা হয় ছন্দ'।
❖ ভাষাকে শ্রুতিমধুর করার জন্য সুনিয়মিত ও সুপরিমিতভাবে ধ্বনি বিন্যাসকেই ছন্দ বলে।

➤ **বাংলা ছন্দ তিন প্রকার।** যথা- স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত।
পর্ব হলো দমের বিরতি স্থান। মাত্রা–সহজ কথায় প্রতি বর্ণে এক মাত্রা।
লয় : স্বরবৃত্ত – দ্রুতলয়, মাত্রাবৃত্ত - মধ্যমলয়, অক্ষরবৃত্ত - ধীরলয়।

**☞ স্বরবৃত্ত ছন্দ:** যদি কোন কবিতার প্রতিটি চরণের প্রতিটি পূর্ণ পর্বের মাত্রা সংখ্যা ৪ হয় তবে তাকে স্বরবৃত্ত ছন্দ বলে। উদাহরণ – ছি প খা ন/তি ন দাঁ ড় /তি ন জ ন/ মা ল্লা।
মাত্রা বিশ্লেষণ- ৪+৪+৪+২ (এখানে পূর্ণ পর্ব ৪ মাত্রার ও অপূর্ণ পর্ব ২ মাত্রার।)

**☞ মাত্রাবৃত্ত:** যদি কোন কবিতার প্রতিটি চরণের প্রতিটি পূর্ণ পর্বের মাত্রা সংখ্যা ৬ হয় তবে তাকে মাত্রাবৃত্ত ছন্দ বলে। উদাহরণ এ ই খা নে তো র/দা দি র ক ব র/ডা লি ম গা ছে র/ত লে।
মাত্রা বিশ্লেষণ– ৬ + ৬ + ৬ + ২ (এখানে পূর্ণ পর্ব ৬ মাত্রার ও অপূর্ণ পর্ব ২ মাত্রার।)

**☞ অক্ষরবৃত্ত:** যদি কোন কবিতার প্রতিটি চরণের প্রতিটি পূর্ণ পর্বের মাত্রা সংখ্যা ৮ হয় তবে তাকে অক্ষরবৃত্ত ছন্দ বলে। উদাহরণ – হা জা র ব ছ র ধ রে/আ মি প থ হা টি তে ছি/। মাত্রা বিশ্লেষণ – ৮ + ৮ (এখানে পূর্ণ পর্ব ৮ মাত্রার)
এই তিন প্রকার ছন্দের অন্ত্যমিল থাকবে। কিন্তু অমিত্রাক্ষর ছন্দের অন্ত্যমিল নেই। তাই অমিত্রাক্ষর ছন্দে ভাব প্রকাশের স্বাধীনতা বা বিরাম চিহ্ন ব্যবহারে স্বাধীনতা আছে।

➤ **বিভিন্ন ছন্দের মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর এর মাত্রা:**

| ছন্দ | মুক্তাক্ষর | বদ্ধাক্ষর |
|---|---|---|
| স্বরবৃত্ত | একমাত্রা | একমাত্রা |
| মাত্রাবৃত্ত | একমাত্রা | দুইমাত্রা |
| অক্ষরবৃত্ত | একমাত্রা | দুইমাত্রা। তবে শব্দের প্রথমে ও মধ্যে থাকলে একমাত্রা। |

➤ **মাত্রাবৃত্ত ছন্দে রচিত বিখ্যাত কবিতা:**

**☞ টিচার্স টেকনিক-০১:** আসোপ্রতিবিদ
আ-আঠারো বছর বয়স
সো- সোনার তরী
প্রতি- প্রতিদান
বিদ-বিদ্রোহী

**☞ আরো কিছু গুরুত্বপূর্ণ তথ্য:**
সংস্কৃত ছন্দ–পয়ার, ত্রিপদী, ইংরেজি ছন্দ-অমিত্রাক্ষর।
পয়ার/ত্রিপদী ছন্দের মাত্রাবৃত্তের সাথে মিল রয়েছে।
যে ছন্দের মূল পর্বের অক্ষর সংখ্যা ১৪টি তাকে পয়ার ছন্দ বলে।
যে ধ্বনি বিন্যাসের গঠিত বাক্যের অন্ত্যমিল থাকে না তাকে অমিত্রাক্ষর ছন্দ (Blank Verse) বলে।
বাংলায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক –মাইকেল মধুসূদন দত্ত।
অমিত্রাক্ষর ছন্দের সাথে অক্ষরবৃত্তের মিল রয়েছে।

**☞ সনেট বা চতুর্দশপদী কবিতা:**
চৌদ্দ অক্ষরের সমন্বয়ে গঠিত পঙক্তিতে একটি নির্দিষ্ট অন্ত্যমিল রক্ষিত হলে তাকে সনেট বা চতুর্দশপদী বলে।
বাংলা ভাষায় সনেটের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত।
সনেটের প্রবর্তক ইতালির কবি পেত্রার্ক।
সনেটের প্রথম আট পঙক্তিকে বলা হয় অষ্টক (Octave)।
সনেটের শেষ ছয় পঙক্তিকে বলা হয় ষটক (Sestet)।
বাংলা ভাষায় মুক্তক ছন্দের প্রবর্তক–রবীন্দ্রনাথ ঠাকুর।
কবি কাজী নজরুল ইসলামের প্রিয় ছন্দ ছিল ছয় মাত্রার মাত্রাবৃত্ত ছন্দ।

## IQA — IMPORTANT QUESTION FOR DCU ADMISSION

**01. সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে লেখা কবিতা হলো-**
A. ঐকতান B. সেই অস্ত্র
C. বিভীষণের প্রতি মেঘনাদ D. ফেব্রুয়ারি ১৯৬৯
Ⓐ

**02. যে অক্ষরের শেষে স্বরধ্বনি উচ্চরিত হয় তাকে কী বলে?**
A. মুক্তাক্ষর B. বদ্ধাক্ষর
C. স্বরতন্ত্রী D. দীর্ঘস্বর
Ⓐ
ব্যাখ্যা: কতিপয় মুক্তাক্ষর হলো- নদী, রবি, তুমি, যদি ইত্যাদি।

**03. বঙ্গীয় শব্দকোষ-এর প্রণেতা-**
A. জ্ঞানেন্দ্রমোহন দাস B. মুহম্মদ এনামুল হক
C. হরিচরণ বন্দ্যোপাধ্যায় D. মুহম্মদ শহীদুল্লাহ
Ⓒ

**04. নিম্নোক্ত চরণটিতে কয়টি মাত্রা রয়েছে ?**
**যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি**
A. ২০ B. ২২
C. ২৪ D. ২৮
Ⓐ

**05. নিম্নোক্ত চরণ দুটিতে কয়টি মাত্রা রয়েছে?**
**তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ**
**তাই তব জীবনের রথ**
A. ২০ B. ২২
C. ২৪ D. ২৬
Ⓒ

**06. নিম্নোক্ত চরণ দুটিতে কয়টি মাত্রা রয়েছে?**
**কি যাতনা বিষে বুঝিবে সে কিসে**
**কভু আশীবিষে দংশেনি যারে**
A. ২২ B. ২৩
C. ২৪ D. ২৬
Ⓑ

**07. নিম্নোক্ত চরণ দুটিতে কয়টি মাত্রা রয়েছে?**
**রানার ছুটিতে তাই ঝুম ঝুম ঘন্টা বাজছে রাতে**
**রানার চলছে খবরের বোঝা হাতে**
A. ২০ B. ৩২
C. ৩৩ D. ৩৪
Ⓓ

**08. নিম্নোক্ত চরণ দুটিতে কয়টি মাত্রা রয়েছে?**
**এস নাথ, কত ক্লেশ পেয়েছ কুটীরে**
**সাধ হয় মরণ সময়, মরিব তোমার দেখে**
A. ৩০ B. ৩২
C. ৩৪ D. ৩৬
Ⓑ

**09. মাত্রাবৃত্ত ছন্দ সাধারণত কয় মাত্রার হয়ে থাকে?**
A. চার মাত্রার B. পাঁচ মাত্রার
C. ছয় মাত্রার D. আট মাত্রার
Ⓒ



CS CamScanner

10. 'তুমি আসো নাই, তোমার সঙ্গে/বকুলগন্ধে বৃষ্টি এসেছে।' ছন্দ ও পর্ববিন্যাস যথাক্রমে–
A. মাত্রাবৃত্ত, ৬+৬/৬+৬ B. স্বরবৃত্ত, ৪+৪/৪+৪
C. অক্ষরবৃত্ত, ১০+১০/১০+১০ D. মাত্রাবৃত্ত, ৫+৫/৫+৫
Ⓐ

11. চিত্রকল্প বলতে বোঝায়–
A. শব্দ বা শব্দগুচ্ছের প্রয়োগে নির্মিত সংবেদ্য চিত্রাভাস
B. কাব্যচিত্রকলার প্রয়োগ
C. উপমা উৎপেক্ষার মাধ্যমে মনোগ্রাহী করা
D. কোনোটিই নয়
Ⓐ

12. নিচের কোনটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত হয়নি?
A. বঙ্গভাষা B. কবর
C. সোনার তরী D. জীবন-বন্দনা
Ⓐ

13. নজরুল ইসলামের প্রিয় ছন্দ কোনটি?
A. অক্ষরবৃত্ত B. মাত্রাবৃত্ত
C. স্বরবৃত্ত D. মুক্ত অক্ষরবৃত্ত
Ⓑ

14. 'জীবন-বন্দনা' কবিতাটি কত মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত?
A. ৫ B. ৬
C. ৮ D. ৪
Ⓑ

15. নিচের কোনটি প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত?
A. বাংলাদেশ B. কবর
C. সোনার তরী D. জীবন-বন্দনা
Ⓐ

16. ষাণ্মাত্রিক মাত্রাবৃত্ত ছন্দের কবিতা কোনটি?
A. কবর B. সোনার তরী
C. আঠারো বছর বয়স D. জীবন-বন্দনা
Ⓐ

17. বাংলা অক্ষরবৃত্ত ছন্দের নতুন রূপ কোনটি?
A. মাত্রাবৃত্ত B. অমিত্রাক্ষর
C. পয়ার D. স্বরবৃত্ত
Ⓑ

18. 'কূপমণ্ডূক' শব্দের আলঙ্কারিক অর্থ কী?
A. কুয়োর ব্যাঙ B. সংকীর্ণমনা ব্যক্তি
C. স্বার্থ সচেতন ব্যক্তি D. সমুদ্রের ব্যাঙ
Ⓑ

19. ঠিকভাবে উপমা ব্যবহার না করলে বাক্য হারায়–
A. আসত্তি B. আকাঙ্খা
C. যোগ্যতা D. শৃঙ্খলা
Ⓒ

20. বাংলা গদ্যছন্দ প্রচলন করেন–
A. মাইকেল মধুসূদন দত্ত B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. সৈয়দ মুজতবা আলী D. কাজী নজরুল ইসলাম
Ⓑ

21. বাংলা কবিতায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন কে?
A. মাইকেল মধুসূধন দত্ত B. জীবনানন্দ দাশ
C. সৈয়দ মুজতবা আলী D. কাজী নজরুল ইসলাম
Ⓐ

22. অমিত্রাক্ষর ছন্দের কবিতা কোনটি?
A. সোনার তরী B. পাঞ্জেরি
C. জীবন-বন্দনা D. বঙ্গভাষা
Ⓓ

23. কাজী নজরুল ইসলামের 'জীবন-বন্দনা' কবিতাটি রচিত হয়েছে?
A. অক্ষরবৃত্ত ছন্দে B. মাত্রাবৃত্ত ছন্দে
C. স্বরবৃত্ত ছন্দে D. মিশ্র ছন্দে
Ⓑ

24. 'পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি' এটি কীসের দৃষ্টান্ত?
A. সমাসোক্তি B. রূপক
C. উৎপ্রেক্ষা D. প্রতীক
Ⓒ

25. বাংলা সাহিত্যে বেশিরভাগ ছড়া কোন ছন্দে লিখিত?
A. মাত্রাবৃত্ত B. অক্ষরবৃত্ত
C. স্বরবৃত্ত D. ত্রিপদী
Ⓑ

## PRIME TEST

01. বাংলা ভাষায় ছন্দ প্রধানত কত প্রকার?
A. ২ B. ৪
C. ৩ D. ৫

02. 'অমিত্রাক্ষর' ছন্দের বৈশিষ্ট্য হলো–
A. অন্ত্যমিল B. অন্ত্যমিল নেই
C. চরণের প্রথমে মিল থাকে D. বিশ মাত্রার পর্ব থাকে

03. মাত্রাবৃত্ত ছন্দ সাধারণত কয় মাত্রার হয়ে থাকে?
A. চার মাত্রার B. পাঁচ মাত্রার
C. ছয় মাত্রার D. আট মাত্রার

04. 'তুমি আসো নাই, তোমার সঙ্গে/বকুলগন্ধে বৃষ্টি এসেছে।' ছন্দ ও পর্ববিন্যাস যথাক্রমে–
A. মাত্রাবৃত্ত, ৬+৬/৬+৬
B. স্বরবৃত্ত, ৪+৪/৪+৪
C. অক্ষরবৃত্ত, ১০+১০/১০+১০
D. মাত্রাবৃত্ত, ৫+৫/৫+৫

05. নিচের কোনটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত হয়নি?
A. বঙ্গভাষা B. কবর
C. সোনার তরী D. জীবন-বন্দনা

06. নজরুল ইসলামের প্রিয় ছন্দ কোনটি?
A. অক্ষরবৃত্ত B. মাত্রাবৃত্ত
C. স্বরবৃত্ত D. মুক্ত অক্ষরবৃত্ত

07. 'জীবন-বন্দনা' কবিতাটি কত মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত?
A. ৫ B. ৬
C. ৮ D. ৪

08. নিচের কোনটি প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত?
A. বাংলাদেশ
B. কবর
C. সোনার তরী
D. জীবন-বন্দনা

09. ষাণ্মাত্রিক মাত্রাবৃত্ত ছন্দের কবিতা কোনটি?
A. কবর
B. সোনার তরী
C. আঠারো বছর বয়স
D. জীবন-বন্দনা

10. বাংলা অক্ষরবৃত্ত ছন্দের নতুন রূপ কোনটি?
A. মাত্রাবৃত্ত B. অমিত্রাক্ষর
C. পয়ার D. স্বরবৃত্ত

| OMR SHEET | 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | |

### ANS ANALYSIS

| 01.C | 02.B | 03.C | 04.A | 05.A | 06.B | 07.B | 08.A | 09.A | 10.B |
|---|---|---|---|---|---|---|---|---|---|



CamScanner